একজন মুজাহিদের বই
আব্দুলাহ শামিল আবু ইদ্রিস

একজন মুজাহিদের বই

একজন মুজাহিদের বই

লেখক- আব্দাল্লাহ শামিল আবু ইদ্রিস

(শামিল বাসায়েভ)

অনুবাদকঃ অপরিচিত

অপরিচিত প্রকাশ

বই পরিচিতি

আজকাল জিহাদের মত পবিত্র শব্দও কেমন যেন নিষিদ্ধ শব্দে পরিণত হয়েছে। কথা বলতেই তাই অস্বস্তি লাগে। কিন্তু কিছু বই সাধারণ মানুষের জন্যও উপকারী; সে মুজাহিদ হোক বা না হোক। এরকম আত্ম-উন্নয়নমূলক বই প্রতিটি মুসলিমের সংগ্রহে থাকার যোগ্যতা রাখে। শামিল বাসায়েভ [রাহঃ] খুবই আত্মসম্মানবোধ নিয়ে চলতেন; যেভাবে সাহাবীরা চলতেন; যেমন একজন মুসলিমের হওয়া উচিত। ইকোনোমিস্টকে দেয়া একটি সাক্ষাৎকারে বলেছিলেন, “সারা পৃথিবীর মানুষ আমার মুখে থু থু ছিটালে, আমিও তাদের মুখে থু থু ছিটাবো”। এই ছিলেন শামিল বাসায়েভ, যে কখনও মাথা নুয়াবে না। টেলিগ্রাফ পত্রিকার মতে, সে তার নিজ জনগণের নিকট একজন বীর। চেচেন ইশকেরিয়া প্রজাতন্ত্র তাকে দিয়েছে জাতীয় সর্বোচ্চ সম্মানঃ "K'oman Siy" (জাতির সম্মান) ও "K'oman Turpal" (জাতির বীর)। তার কাছ থেকে নিজের চরিত্র সংশোধনের শিক্ষা নেয়া যেতেই পারে। নিজের আখলাক সুন্দর করতে চাইলে বইটি ‘রিয়াযুস সালিহীন’-এর সহায়ক হিসাবে পাশে রাখা যেতে পারে। প্রায় ৭০ টি চারিত্রিক গুণ নিয়ে নসীহাত আছে এখানে। প্রতিটি মুসলিম বইটি থেকে লাভবান হবে। ইনশাআল্লাহ।

কপিরাইট নোটিশ

প্রকাশকের কথা

ইবনে তাইমিয়া [রাহঃ] এর ‘জিহাদের ধর্মীয় ও নৈতিক তত্ত্ব’ বইয়ের পর আরেকটি অসাধারণ বই প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত। Goodreads এ বইটির রেটিং ৩.৩৮। অথচ পাওলো কোয়েলহো-র মত পৃথিবীখ্যাত লেখকের Warrior of the light এর রেটিং ১৯৯৭ সালে ৩.৬৯, ২০০৮ সালে ৩.৮৩। দ্বীনি বই কখনও এরকম রেটিং পায় কিনা আমাদের জানা নেই।

প্রকাশকের তথ্য

https://archive.org/details/@fraud_boy_yahoo_com

Table of Contents

অনুবাদকের কথা

নিশ্চয়ই সকল প্রশংসা আল্লাহর জন্য। আমরা তাঁর প্রশংসা করি, তাঁর কাছে সাহায্য চাই, তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করি, এবং আমরা আমাদের অনিষ্ট ও আমাদের পাপের অনিষ্ট থেকে আল্লাহর নিকট আশ্রয় চাই। আল্লাহ যাকে পথ দেখান কেউ তাকে বিপথে নিতে পারে না, এবং আল্লাহ যাকে বিপথগামী করেন কেউ তাকে পথ দেখাতে পারে না। আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ ছাড়া কেউ ইবাদাতের যোগ্য নয়, তাঁর কোন শরীক নেই, এবং আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল, যে [ইসলামের] সংবাদ প্রচার করেছেন ও দায়িত্ব [আল্লাহর] পালন করেছেন, এবং মুসলিম উম্মাহকে নসীহাহ দিয়েছেন ও আল্লাহর পথে যুদ্ধ করেছেন যেভাবে তাঁর করা উচিৎ ছিল। এবং তিনি আমাদের মাঝে নেই, সালাত ও সালাম তাঁর জন্য ও সিরাতুল মুস্তাক্বীমের উপর- যার দিবা-রাত্রি একই রকম, ধ্বংসপ্রাপ্ত ছাড়া কেউ তা ত্যাগ করে না।

আমি শেষ পর্যন্ত আমির আব্দুল্লাহ শামিল আবু ইদ্রিস [রাহঃ]-এর বই 'Book of a mujahideen' **অনুবাদ করতে সক্ষম হয়েছি। বইটি আরও আগে অনুবাদ শেষ করার কথা ছিল। সূরা নিসা-তে মহান আল্লাহ তা'আলা বলেন,**

৫৮. (হে ঈমানদার ব্যক্তিরা,) আল্লাহ তায়ালা তোমাদের নির্দেশ দিচ্ছেন, তোমরা আমানতসমূহ তাদের (যথার্থ) মালিকের কাছে সোপর্দ করে দেবে, আর যখন মানুষের মাঝে (কোনো কিছুর) ব্যাপারে তোমরা বিচার ফয়সালা করো তখন তা ন্যায় ও ইনসাফের ভিত্তিতে করবে; আল্লাহ তায়ালা তোমাদের যা কিছু উপদেশ দেন তা সত্যিই সুন্দর! আল্লাহ তায়ালা সবকিছু দেখেন এবং শোনেন।

৫৯. হে ঈমানদার মানুষেরা, তোমরা আল্লাহর আনুগত্য করো, আনুগত্য করো (তাঁর) রসুলের এবং সেসব লোকদের, যারা তোমাদের মাঝে দায়িত্বপ্রাপ্ত, অতপর কোনো ব্যাপারে তোমরা যদি একে অপরের সাথে মতবিরোধ করো, তাহলে সে বিষয়টি (ফয়সালার জন্যে) আল্লাহ তায়ালা ও তাঁর রসুলের দিকে ফিরিয়ে নিয়ে যাও, যদি তোমরা (সত্যিকার অর্থে) আল্লাহর ওপর এবং শেষ বিচার দিনের ওপর ঈমান এনে থাকো! (তাহলে) এই পদ্ধতিই হবে (তোমাদের বিরোধ মীমাংসার) সর্বোৎকৃষ্ট উপায় এবং বিরোধপুর্ণ বিষয়সমুহের ব্যাখ্যার দিক থেকেও (এটি) হচ্ছে উত্তম পন্থা।

সুনানে আবু দাউদে আছে,

٤- بَاب فِي دَوَامِ الْجِهَادِ

অনুচ্ছেদ – ৪ ঃ জিহাদ অব্যাহত থাকবে

٢٤٨٤ - حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ قَتَادَةَ، عَنْ مُطَرِّفٍ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ عَلَى مَنْ نَاوَأَهُمْ حَتَّى يُقَاتِلَ آخِرُهُمُ الْمَسِيحَ الدَّجَّالَ " .

صحيح

২৪৮৪। 'ইমরান ইবনু হুসাইন (রা) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন ঃ আমার উম্মাতের একটি দল সর্বদা সত্যের পক্ষে জিহাদ করতে থাকবে এবং তাদের শত্রুদের বিরুদ্ধে বিজয়ী হবে। অবশেষে তাদের সর্বশেষ দলটি ঈসা (আ)-এর নেতৃত্বে দাজ্জালের বিরুদ্ধে জিহাদ করবে।
সহীহ।

হাদিসের 'ইউক্বতিলুনা' শব্দের অনুবাদ করা হয়েছে 'জিহাদ', অনুবাদ সঠিক নাকি ভুল তা আলোচনার বিষয় নয়। অন্তত এটা নিশ্চিত যে, 'ক্বতল' মানে 'হত্যা করা'। অর্থাৎ, এই উম্মাত সর্বদা সত্যের উপর হত্যা করতে থাকবে। সুতরাং, কলমের বা মুখের জিহাদ বলে এড়ানোর কিছু নেই। আমি ভাবছিলাম, এই বই অনুবাদ করে লাভ কি? এদেশে জিহাদের তেমন কোন কর্মকাণ্ড নেই। পরে মনে হল,

গাজওয়ায়ে হিন্দ সম্পর্কে কাব রা. থেকে একটি হাদিস বর্ণিত হয়েছে। তিনি বলেন,

يبعث ملك في بيت المقدس جيشا إلى الهند فيفتحها فيطئوا أرض الهند ويأخذوا كنوزها فيصيره ذلك الملك حلية لبيت المقدس ويقدم عليه ذلك الجيش بملوك الهند مغللين ويفتح له ما بين المشرق والمغرب ويكون مقامهم في الهند إلى خروج الدجال

অর্থাৎ, 'বায়তুল মাকদিসের একজন বাদশাহ হিন্দুস্তানে বাহিনী প্রেরণ করবেন। তারা হিন্দুস্তান বিজয় করবে। তারা হিন্দুস্তানের ভ‚মি চষে বেড়াবেন। হিন্দুস্তানের সম্পদ নিজেরা দখল করবেন। বাদশাহ সে সমস্ত সম্পদ বায়তুল মাকদিস সজ্জিত করার কাজে লাগাবেন। এ বাহিনী হিন্দুস্তানের বাদশাহদের বেড়ি লাগিয়ে বায়তুল মাকদিসের বাদশাহর নিকট প্রেরণ করবে। এ বাহিনী পূর্ব-পশ্চিমের মধ্যবর্তী পুরো এলাকা বিজয় করবে। দাজ্জাল বের হওয়া পর্যন্ত তারা হিন্দুস্তানে অবস্থান করবে।

সূত্র : কিতাবুল ফিতান : ১২৩৫ নুয়াইম বিন হাম্মাদ আল মারওয়াজি লিখিত, সুমাইর আমিন তাহকিককৃত, মাকতাবাতুত তাওহিদ, কাহেরা থেকে প্রকাশিত।

حَدَّثَنَا أَبُو النَّضْرِ، حَدَّثَنَا بَقِيَّةُ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ سَالِمٍ، وَأَبُو بَكْرِ بْنُ الْوَلِيدِ الزُّبَيْدِيُّ، عَنْ مُحَمَّدِ بْنِ الْوَلِيدِ الزُّبَيْدِيِّ، عَنْ لُقْمَانَ بْنِ عَامِرٍ الْوُصَابِيِّ، عَنْ عَبْدِ الأَعْلَى بْنِ عَدِيٍّ الْبَهْرَانِيِّ، عَنْ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: عِصَابَتَانِ مِنْ أُمَّتِي أَحْرَزَهُمُ اللهُ مِنَ النَّارِ: عِصَابَةٌ تَغْزُو الْهِنْدَ، وَعِصَابَةٌ تَكُونُ مَعَ عِيسَى ابْنِ مَرْيَمَ

রসূল(স) বলেন, আমার উম্মাতের দুইটি দলকে আল্লাহ তা'আলা জাহান্নাম থেকে মুক্তি দান করবেন। একটি দল যারা হিন্দুস্থানের জিহাদ করবে এবং আরেকটি দল যারা ঈসা ইবনে মারইয়াম(আ) এর সাথে থাকবে। (নাসাঈ, হা/৩১৭৫; মুসনাদে আহমাদ, ৫/২৭৮, হা/২২৩৯৬)

তাহক্বীক্ব:

ইমাম নাছিরুদ্দীন আলবানী বলেন, হাদীছটি ছহীহ। (নাছিরুদ্দীন আলবানী, তাহক্বীক্ব নাসাঈ, হা/৩১৭৫)

ইয়াসির হাসান বলেন, হাদীছটি হাসান। (ইয়াসির হাসান, তাহক্বীক্ব নাসাঈ, হা/৩১৭৫)

শু'আইব আরনাউত্ব বলেন, হাদীছটি হাসান। (শু'আইব আরনাউত্ব, তাহক্বীক্ব মুসনাদে আহমাদ, ৫/২৭৮, হা/২২৩৯৬)

হামযাহ আহমাদ যাঈন বলেন, এর সানাদ দুর্বল আবু বাকর ইবনুল ওয়ালীদ যুবাইদী এর কারণে। (হামযাহ আহমাদ যাঈন, তাহক্বীক্ব মুসনাদে আহমাদ, ৫/২৭৮, হা/২২২৯৫)

হাফিয যুবাইর আলী যাঈ বলেন, হাদীছটি হাসান। (যুবাইর আলী যাঈ, তাহক্বীক্ব নাসাঈ, হা/৩১৭৭)

এই হাদীছের রাবী আবু বাকর ইবনুল ওয়ালীদ যুবাইদী কে অনেকে মাজহূল বলেছেন। কিন্তু তার ব্যাপারে ইমাম সুফিয়ান ছাওরী বলেন, তিনি ছিক্বাহ। (ইয়াক্বূব ইবনে সুফিয়ান আল-ফারিসী, কিতাবুল মা'রিফাতি ওয়াত-তারীখ, ৩/১০০)

ইমাম ইবনে হিব্বান তাকে ছিক্বাহ বলেছেন। (ইবনে হিব্বান, আছ-ছিক্বাত, ৬/৪৭৮, রাবী নং ৮৬৭৮)

ইমাম আবু বাকর মুহাম্মাদ ইবনে মূসা আল-হাযিমী ইমাম যুহরীর ছাত্রদেরকে 'ত্বাবাক্বাতুহু ছানিয়াহ' তে উল্লেখ করেছেন এবং তাদের সম্পর্কে বলেছেন যে, তারা মুসলিমের শর্তের উপর রয়েছেন। (মুহাম্মাদ ইবনে ত্বাহির আল-মাক্বদিসী ও আবু বাকর মুহাম্মাদ ইবনে মূসা আল-হাযিমী, শুরূত্বুল আইম্মাতিস সিত্তাহ ও শুরূত্বুল আইম্মাতিল খামসাহ, পৃঃ ৫৭)

উক্ত রাবী ইমাম যুহরী এর ছাত্র। (মিযযী, তাহযীবুল কামাল, রাবী নং ৭২৬১)

সুতরাং, আবু বাকর ইবনুল ওয়ালীদ যুবাইদী মাজহূল নন বরং হাসানুল হাদীছ। আলহামদুলিল্লাহ

এছাড়াও আবদুল্লাহ ইবনে সালিম তার মুতাবাআ'ত করেছেন। (মুসনাদে আহমাদ, ৫/২৭৮, হা/২২৩৯৬)

আর আবদুল্লাহ ইবনে সালিম ছিক্বাহ ছিলেন। (মিযযী, তাহযীবুল কামাল, রাবী নং ৩২৮৫)

সুতরাং, এই হাদীছটির সানাদ হাসান। আলহামদুলিল্লাহ

অতএব, আসন্ন জিহাদের জন্য আমাদের প্রস্তুতি নেয়া উচিত। এই কিতাব প্রত্যেকের একবার শেষ করার পরে, নিয়মিত ১ পৃষ্ঠা পড়ে স্মরণে রাখলে ভাল। কিতাবের সকল ফুটনোট অনুবাদকের।

কুরআনের অনুবাদের জন্য আল কোরআন একাডেমী লন্ডন থেকে হাফেজ মুনির উদ্দীনের অনুবাদ অনুসৃত হয়েছে। তাফসীর নেয়া হয়েছে, আহসানুল বায়ান ও তাফসীরে আবু বকর যাকারিয়া থেকে। হাদিসের ব্যাখ্যা মিশকাতুল মাসাবীহ থেকে। আর সমস্ত ফুটনোট অনুবাদকের। মূলগ্রন্থে কোন ফুটনোট নেই। এ গ্রন্থ

পাঠে পাঠক সমাজ উপকৃত হলে পরিশ্রম স্বার্থক মনে করবো। সর্বশক্তিমান মহান আল্লাহর নিকট আকুল আবেদন; তিনি যেন খালেসভাবে ইহাকে কবূল করেন এবং এই গ্রন্থের সঙ্গে সংশ্লিষ্ট সকলের জন্য দুনিয়ার কল্যাণ ও আখেরাতে নাজাতের ওসীলা করে দেন। আমীন!

رَبَّنَا اغْفِرْلِیْ وَلِوَالِدَیَّ وَلِلْمُؤْمِنِیْنَ یَوْمَ یَقُوْمُ الْحِسَابِ.

অনুবাদক

অপরিচিত

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে

লেখকের ভূমিকা

সকল প্রশংসা বিশ্বসমূহের মালিক আল্লাহর যিনি আমাদের মুসলিম হিসাবে সৃষ্টি করেছেন এবং তাঁর সোজা পথে জিহাদের বিধানের দ্বারা আমাদের ধন্য করেছেন!

প্রিয় নবী মুহাম্মাদ, তাঁর পরিবার, তাঁর সাহাবী এবং কিয়ামাত পর্যন্ত যারা সরল পথের অনুসরণ করে তাদের উপর শান্তি ও রহমত বর্ষিত হোক!

এবং অতঃপর,

আমি যা লিখেছি তার কিছু যদি কুরআন মাজীদ ও রাসূল [ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম] এর সুন্নাহর অনুরূপ না হয়, তাহলে আমি আমার দাবি পরিত্যাগ করছি এবং আল্লাহর নিকট আমার অজ্ঞতাজনিত অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করছি।

এবং অতঃপর,

মুজাহিদ সে তো রণভূমে বীর যোদ্ধা

যত থাকুক রুশীয় অপবাদ,

আর সে বেঁচে থাক বা অবাধে মরে যাক

সাথে থাকুক রবের আশীর্বাদ![1]

---

[1] মূল ইংরেজি বাক্য-

গত বছরে মার্চের শেষে আমি দুই সপ্তাহ অবসর পেয়েছিলাম। তখন একট কম্পিউটার ও পাওলো কোয়েলহো[2] রচিত "soldier of the Light: A Manual" [আলোকের মুজাহিদঃ একটি সারগ্রন্থ] বইটি হাতে পাই। আমি বইটা থেকে মুজাহিদদের জন্য কিছু কল্যাণ আহরণ করতে চাচ্ছিলাম এবং তাই আমি অধিকাংশ বইটা পুনরায় লিপিবদ্ধ করি আর অতিরিক্ত অংশ বাদ দিই এবং আয়াত, হাদিস ও সাহাবীদের জীবনী দ্বারা সমৃদ্ধ করি।

আমি কেবল আল্লাহর রহমতের আশায় এবং মুজাহিদরা তাদের নিজেদের জন্য ও জিহাদের জন্য কল্যাণ লাভ করবে এই আশায় বইটি লিখেছি।

এবং আল্লাহ ব্যতীত কোন শক্তি নেই এবং কারো ক্ষমতাও নেই। আল্লাহ সুমহান! [আল্লাহু আকবার]

মার্চ, ২০০৪

One Mujahid is a Warrior on battlefield
In spite of all Russian stories,
And may Allah bless you
To live and to die free!
পঙক্তির মানে এটাও হতে পারে যে, রুশীয় রূপকথার বীর যোদ্ধা থেকেও মুজাহিদরা সাহসী। আবার এটাও হতে পারে যে, রাশিয়ানরা মুজাহিদদের নামে মিথ্যা গল্প বানাচ্ছে, কিন্তু আল্লাহর সাহায্য মুজাহিদদের সাথেই আছে।

[2] 'দ্য এ্যালকেমিস্ট' বইয়ের জন্য বিখ্যাত। বইটি আন্তর্জাতিক বেস্ট সেলারে ছিল ও বিশ্বব্যাপী ২৫ মিলিয়নেরও বেশি কপি বিক্রি হয়।

জিহাদ

সর্বশক্তিমান আল্লাহ বলেন,

২১৬. (ন্যায় প্রতিষ্ঠা ও অন্যায় নির্মূল করার জন্যে) যুদ্ধ তোমাদের ওপর ফরয করে দেয়া হয়েছে, আর এটাই তোমাদের ভালো লাগে না, কিন্তু (তোমাদের জেনে রাখা উচিত,) এমনও তো হতে পারে যা তোমাদের ভালো লাগে না, তাই তোমাদের জন্যে কল্যাণকর, আবার (একইভাবে) এমন কোনো জিনিস, যা তোমাদের খুবই ভালো লাগবে, কিন্তু (পরিণামে) তা হবে তোমাদের জন্যে (খুবই) ক্ষতিকর; আল্লাহ তায়ালাই সবচাইতে ভালো জানেন, তোমরা কিছুই জানো না।

[সূরা বাক্বারাহ][3]

জিহাদ হচ্ছে আল্লাহর বাণীকে সমুন্নত করার লক্ষ্যে সরাসরি অংশগ্রহণ বা আর্থিক সাহায্য, আহতের সেবা অথবা খাদ্য সরবরাহ বা বুদ্ধিবৃত্তিক সহায়তাদানের দ্বারা অবিশ্বাসীদের বিরুদ্ধে আল্লাহর রাস্তায় যুদ্ধে শক্তি ও ক্ষমতা ব্যয় করা।[4]

3

ইসলাম যেহেতু স্বভাব ও প্রকৃতির বিধান। তাই এই ফরয আদায় করা যে স্বাভাবিকভাবেই কষ্টকর, তা অস্বীকার করে না এবং তাকে খাটো করেও দেখে না। আর মানুষের মন যে এই কাজটিকে স্বভাবতই কঠিন মনে করে ও অপছন্দ করে, সেটাও সে অগ্রাহ্য করে না। স্বভাব ও প্রকৃতির দাবী সম্পর্কে ইসলাম কোনো বিতর্কে লিপ্ত হয় না, তার সাথে সংঘর্ষে লিপ্ত হয় না। স্বাভাবিক আবেগ-অনুভূতি যেহেতু অনস্বীকার্য তাই তাকে সে নিষিদ্ধও করে না।

কিন্তু সে অন্যভাবে তার চিকিৎসা করে তাকে সে নতুন জ্যোতিতে উদ্ভাসিত করে। সে বলে যে, কিছু কিছু ফরয কাজ এমন আছে, যা পালন করা কষ্টকর এবং তাই অপছন্দনীয়। তবে তার

হতে পারে এতে তোমাদের জন্য কল্যাণ রয়েছে। যেমন, জিহাদের ফলস্বরূপ তোমরা লাভ করবে বিজয়, সাফল্য, মর্যাদা-সম্মান এবং শীর্ষস্থান ও (যুদ্ধলব্ধ) সম্পদ-সামগ্রী। পক্ষান্তরে তোমরা যেটা পছন্দ কর (অর্থাৎ, জিহাদে না গিয়ে ঘরে বসে থাকা), তার ফল তোমাদের জন্য অতীব বিপজ্জনক হতে পারে। অর্থাৎ, শত্রু তোমাদের উপর জয়যুক্ত হবে এবং তোমাদেরকে লাঞ্ছনা ও অবমাননার শিকার হতে হবে।

4 ইমাম রাগীব

মহান আল্লাহ পবিত্র কুরআনে বলেন,

১১১. অবশ্যই আল্লাহ তায়ালা মোমেনদের কাছ থেকে জান্নাতের বিনিময়ে তাদের জান ও তাদের মাল খরিদ করে নিয়েছেন, এরা আল্লাহর পথে জেহাদ করে, অতঃপর (এ জেহাদে কখনো কাফেরদের) তারা হত্যা করে, (কখনো আবার শত্রুর হাতে) তারা নিজেরা নিহত হয়। তার ওপর (এ) খাঁটি ওয়াদা (এর আগে) তাওরাত এবং ইনজীলেও করা হয়েছিলো, আর (এখন তা) এ কোরআনে করা হচ্ছে, এই ওয়াদা পালন করা আল্লাহ তায়ালার নিজস্ব দায়িত্ব; আর আল্লাহর চাইতে কে বেশী ওয়াদা পূরণ করতে পারে? অতএব (হে মোমেনরা), তোমরা তাঁর সাথে যে কেনাবেচার কাজ (সম্পন্ন) করলে তাতে সুসংবাদ গ্রহণ করো (কেননা) এটিই হচ্ছে মহাসাফল্য।

[সূরা তাওবা][5]

আস্‌পাহানী (রাহ.) উল্লেখ করেন-

اَلْجِهَادُ واستفراغ الْوُسْعِ فِىْ مُدَافَعَةِ الْعَدُوّ

জিহাদ বলা হয় নিজের সম্পূর্ণ শক্তি-সমর্থ কাফেরদের বিরুদ্ধে ব্যয় করা।

[মুফরাদাতুল কুরআন-৯৯]

اَلدَّعْوَةُ الى الدين الحق وقتال ان لم يقبله

সত্য দীনের প্রতি আহ্বান করা। গ্রহণ না করলে তার সাথে যুদ্ধ করাকে জিহাদ বলে।

[রদ্দুল মুহতার -৬/১৪৯]

5 মোমেন হচ্ছে সে ব্যক্তি– যে এই কেনাবেচার চুক্তি সম্পাদন করে এবং এই চুক্তি মোতাবেক চলে।সর্বোপরি আল্লাহর নির্ধারিত মূল্যে সন্তুষ্ট হয়। মোমেন সে ব্যক্তি যে জানে যে, ক্রেতা হচ্ছেন আল্লাহ তায়ালা আর সে হচ্ছে বিক্রেতা। জানমাল তো আল্লাহরই দেয়া, তিনিই এর একমাত্র মালিক। এটা মোমেনদের জন্যে আল্লাহর একান্ত মেহেরবানী যে, তবু তিনি এর একটা মূল্য নির্ধারণ করেছেন।

عَنْ اَنَسِ بْنِ مَالِكٍ عَنِ النَّبِيِّ قَالَ لَغَدْوَةٌ فِيْ سَبِيْلِ اللهِ اَوْ رَوْحَةٌ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيْهَا.

অর্থ : আনাস ইবনে মালিক হতে বর্ণিত। নবী বলেছেন : আল্লাহর পথে একটি সকাল বা সন্ধ্যা অতিবাহিত করা দুনিয়া এবং দুনিয়ার মধ্যকার সকল বস্তুর চাইতে উত্তম। (সহীহ বুখারী : হাদীস-২৭৯৩/২৭৯২)

মুজাহিদ

এটা হচ্ছে সেই ব্যক্তি যে বিশ্বসমূহের মালিক আল্লাহর জন্য জান ও মাল দ্বারা জিহাদে সক্রিয়ভাবে অংশ নেয় এবং যে জীবনের অলৌকিকতা উপলব্ধি করতে সক্ষম হয় এবং সে যা বিশ্বাস করে তার জন্য শেষ পর্যন্ত যুদ্ধ চালিয়ে যায়।...একজন মুসলিমের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধর্মীয় দায়িত্ব জিহাদের পূর্ণতার জন্য একজন মুজাহিদ দৃঢ়ভাবে আল্লাহর নিকট হতে পুরস্কার প্রত্যাশা করে।

আল্লাহ বলেন,

৪১. তোমরা অভিযানে বের হয়ে পড়ো; কম হোক কিংবা বেশী (রণসম্ভারে) হোক এবং জেহাদ করো আল্লাহ তায়ালার পথে নিজেদের জান দিয়ে মাল দিয়ে; এটাই তোমাদের জন্যে উত্তম, (কতো ভালো হতো) যদি তোমরা বুঝতে পারতে!

[সূরা তাওবা][6]

6 ([১১০]) এর নানা অর্থ বর্ণনা করা হয়েছে। যেমন, একাকী হও কিম্বা দলবদ্ধভাবে, খুশী হয়ে অথবা অখুশী হয়ে, গরীব হও অথবা আমীর, যুবক হও অথবা বৃদ্ধ, পায়ে হেঁটে হোক অথবা সওয়ার হয়ে, সন্তানবান হও অথবা সন্তানহীন, সৈন্যদলের অগ্রে থাকো অথবা পিছনে। ইমাম শওকানী (রঃ) বলেন, আয়াতটি এই সমস্ত অর্থের জন্য ব্যাপক হতে পারে। যেহেতু আয়াতের অর্থ এই যে, “তোমরা জিহাদে বের হও; চাহে তা তোমাদের জন্য ভারী মনে হোক অথবা হাল্কা।” আর এই অর্থে উল্লিখিত সমস্ত অর্থ এসে যায়।

পরিচ্ছদঃ ২. পাহারা প্রদানরত অবস্থায় মৃত্যুর সাওয়াব

১৬২১। ফাযালা ইবনু উবাইদ (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রত্যেক মৃত ব্যক্তির সকল প্রকার কাজের উপর সীলমোহর করে দেওয়া হয় (কাজের পরিসমাপ্তি ঘটে)। কিন্তু আল্লাহ্ তা'আলার রাস্তায় পাহারাদানরত অবস্থায় যে লোক মৃত্যুবরণ করে কিয়ামাত পর্যন্ত তার কর্মের সাওয়াব বাড়ানো হতে থাকে এবং তিনি কবরের সকল ফিতনা হতে নিরাপদে থাকেন। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ যে লোক নিজের প্রবৃত্তির বিরুদ্ধে জিহাদ করে সে-ই আসল মুজাহিদ।[7]

মুজাহিদ আঁকড়ে ধরে তাওহীদ আর ছেড়ে দেয় শিরক,

সে আঁকড়ে ধরে সত্য আর ছেড়ে দেয় মিথ্যাচার,

সে আঁকড়ে ধরে ইনসাফ আর ছেড়ে দেয় অবিচার আর অত্যাচার,

সে আঁকড়ে ধরে সততা এবং করে না প্রতারণা,

সে আঁকড়ে ধরে বিশ্বস্ততা আর করে না ছলনা,

সে পিতা-মাতার বাধ্য, কভু হয় নাকো অবাধ্য,

আত্মীয়তার বন্ধন করে মান্য, কভু করে না তা ছিন্ন,

সে প্রতিবেশীর বন্ধন করে রক্ষা, ক্ষতি করে না তার,

মুজাহিদ আঁকড়ে ধরে উত্তম ব্যবহার আর ছেড়ে দেয় পাপাচার।

---

[7] সহীহ ,মিশকাত তাহকীক ছানী) ৩৪ (এবং) ৩৮২৩ ,(তা'লীকুর রাগীব) ২/১৫০ ,(সহীহা) ৫৪৯ ,(সহীহ আবূ দাউদ) ১২৫৮(।আবূ ঈসা বলেন ,উকবা ইবনু আমির ও জাবির) রাঃ (হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। ফাজালা) রাঃ (হতে বর্ণিত হাদিসটি হাসান সহীহ।(হাদিসের মানঃ সহিহ)

এক মুজাহিদ শিশুর চোখের দিকে তাকিয়ে আছে, কারন শিশুরাই সেই পৃথিবী দেখতে পাবে যাতে কোন যাতনা নেই। যখন মুজাহিদ জানতে চায় যে, কেউ কি তার পাশে আছে, যার উপর বিশ্বাস করা যায়? তখন মুজাহিদ শিশুর চোখ দিয়ে দেখার চেষ্টা করে। সে যা সৃষ্টি হচ্ছে বা শতাব্দী ব্যবধানের কিছুই তার দৃষ্টি এড়ায় না। আর সে অনুভব করে, এ বন্ধন বড়ই দৃঢ় এবং তাদের সামনের সময় কতটা ক্ষমতাহীন।[৪]

একজন মুজাহিদ প্রান্ত থেকে পার্থিবের কথা বলতে পারে।

সকল মুজাহিদকেই যুদ্ধের আগেই ত্রাসের মুখোমুখিতো হতে হয়েছিল,

সকল মুজাহিদকেই ইতিপূর্বে ছলনা আর প্রতারণা করতে হয়েছিল,

সকল মুজাহিদকেই তাঁর নিজের কাজে নিজের মত করে পরিশ্রম করতে হয়েছিল,

সকল মুজাহিদকেই শুধু হেলাফেলা করার জন্য বিধ্বস্ত হতে হয়েছিল,

সকল মুজাহিদকেই এই সিদ্ধান্ত নিতে বাদ্ধ্য হয় যে সে মুজাহইদ ছিল না,

সকল মুজাহিদকেই তার দীনি দায়িত্ব ত্যাগ করতে হয়েছিল,

সকল মুজাহিদকেই তখন 'হ্যা' বলতে হয়েছে, যখন সে 'না' বলতে চেয়েছিল,

---

[৪] ছোট্ট শিশুরা খুব কল্পনাপ্রবণ হয়। তারা সহজে হতাশ হয় না। আপনি বাচ্চাদের সাথে যেকোন খেলায় একবার জিতেই দেখুন, সে আবার আপনাকে চ্যালেঞ্জ করবে। বাচ্চারা আপনার সাথে খেলতেই থাকবে, যতক্ষণ সে আপনাকে পরাজিত না করে। সারা পৃথিবী আল্লাহর পথের মুজাহিদের বিরুদ্ধে চলে যাক। কার কি আসে যায়? পাশে কেউ সাহায্য করার জন্য থাকুক আর না থাকুক, বিজয়ের সাথে মুজাহিদের যে গভীর আত্মীয়তা রয়েছে। এই বন্ধন ছিন্ন করে বিজয় কি করে কাফিরের হাতে থাকবে? বিজয় মুজাহিদের দিকেই ছুটে আসবে। যত সময় লাগুক না কেন, সময়ের বাধা তো শিশুর কাছে কিছুই না। শিশু তো সময়ের পরোয়া করে না। তাহলে মুজাহিদ কি করে বিজয়কে আলিঙ্গনের বিলম্বের কারনে চিন্তিত হতে পারে?

সকল মুজাহিদকেই তাকে আঘাত ও শাস্তি দিতে হয়েছিল, যাকে সে ভালবাসে।

আর এজন্যই তার অধিকার আছে যে তাকে মুজাহিদ বলা হবে, একজন মুজাহিদ। কারন সে উপরে বর্ণিত সকল কিছু অতিক্রম করে এবং সে আগে যা ছিল তা থেকে আরো ভাল হতে নিরাশ হয় নি।

একজন মুজাহিদ জানে যে, তার ঈমান, বীরত্ব, অধ্যবসায়, সিদ্ধান্ত নেবার ক্ষমতা ও ধৈর্য পরীক্ষার জন্যেই শত্রুদের অস্তিত্ব। আল্লাহর প্রতি দায়িত্ব পালনে পূর্ণতার জন্য তার শত্রুরা তাকে যুদ্ধ করতে বাধ্য করছে।

১. দয়া

সর্বশক্তিমান আল্লাহ বলেন,

তোমরা যা কিছু সৎ কাজ কর, নিশ্চয়ই আল্লাহ সে বিষয়ে বিশেষভাবে অবহিত। [সূরা বাক্বারাহ ২১৫][9]

[9] অর্থাৎ এই কাজ সম্পর্কেও তিনি অবহিত, এই কাজের পেছনে যে সৎ নিয়ত সদুদ্দেশ্য ও উদার মনোভাব সক্রিয় রয়েছে, তাও তিনি জানেন। তাই এ সব দান দাক্ষিণ্য বিফলে যায় না। কেননা আল্লাহ তায়ালা নিজেই এ সবের হিসাব রাখেন ও সংরক্ষণ করেন। কাজেই তার কাছে কোনো সৎ কাজ বিফল হতে পারে না। তিনি মানুষের কোনো ক্ষতি বা তার ওপর কোনো যুলুম করেন না। আবার কেউ তাকে প্রদর্শনী বা রিয়াকারীর মাধ্যমে ধোঁকাও দিতে পারে না।

এভাবে মানুষের অন্তরকে আল্লাহর প্রতি নিবিষ্ট করা হয়। আল্লাহর জন্যে একনিষ্ঠ করা হয়

৬৪৯৫–(৭৭/২৫৯৩) হারমালাহ্ ইবনু ইয়াহ্ইয়া আত্ তুজীবী (রহঃ) ..... নাবী ﷺ-এর সহধর্মিণী 'আয়িশাহ্ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ ﷺ বলেছেন : হে 'আয়িশাহ্! আল্লাহ তা'আলা নম্র ব্যবহারকারী। তিনি নম্রতা পছন্দ করেন। তিনি নম্রতার দরুন এমন কিছু দান করেন যা কঠোরতার দরুন দান করেন না; আর অন্য কোন কিছুর দরুনও তা দান করেন না। (ই.ফা. ৬৩৬৫, ই.সে. ৬৪১৫)

[10]

একজন মুজাহিদ স্মরণ রাখে দয়াকে

ফেরেশতারা তাকে সাহায্য করে যুদ্ধে ;আল্লাহর কুদরতি শক্তি সমস্ত কাজকেই সঠিক করে দেয় , আর অবশেষে তাকে সেই সুযোগ প্রদান করে যেন সে উত্তম রুপে নিজেক প্রস্তুত করে নিতে পারে ।

ফেরেশতা জীবরাঈল [আঃ] রাসূলুল্লাহ [সাঃ]-এর নিকট আসলেন, আর বললেন। "মুহাম্মাদ, যতদিন ইচ্ছা বেঁচে থাকুন-আপনি এমনিতেও মরণশীল; যাকে খুশি মহব্বত করুন-আপনি তাঁর সাথে এমনিতেও মিলিত হবেন; যা খুশি করুন-আপনি এমনিতেও এর জন্য পুরস্কৃত হবেন"।

তাঁর সাথীরা বললেন , "তিনিতো সৌভাগ্যবান"। এবং মাঝে মাঝে একজন মুজাহিদকে এমন কিছু করতে সক্ষম হয়, যা মানবশক্তির আওতাভুক্ত নয়। আর তখন সে নতজানু হয়ে তার প্রতি আল্লাহর দয়া ও সাহায্যের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । কিন্তু একজন মুজাহিদের কৃতজ্ঞতা আধ্যাত্মিক বলয়কে ছাড়িয়ে যায়; সে তার বন্ধুদের কোন দিন ভুলে না, কারন তারা একসাথে

[10] সহীহ মুসলিম

"দয়ার্দ্র মানুষদেরকে পরম দয়াময় (আল্লাহ) দয়া করেন। তোমরা জগদ্বাসীর প্রতি দয়া প্রদর্শন কর, তাহলে তিনি তোমাদের প্রতি দয়া করবেন, যিনি আকাশে আছেন।" *(আবূ দাঊদ ৪৯৪৩, তিরমিযী ১৯২৪নং)*

'দুর্বৃত্তদের প্রতি দয়া প্রদর্শন করলে ভালো লোকেদের প্রতি অত্যাচার করা হয় এবং অত্যাচারীদেরকে ক্ষমা করার মানেই হল, সাধু লোকদের প্রতি অত্যাচার করা।' 'বাঘের প্রতি দয়া-প্রদর্শনের মানেই হল, ছাগের প্রতি অত্যাচার করা।' *(শেখ সা'দী)*

যুদ্ধের ময়দানে রক্ত প্রবাহিত করেছে।একজন মুজাহিদকে কখনও এ কথা মনে করিয়ে দিতে হয় না যে, অন্যরা তাকে সাহায্য করেছিল; সে নিজেই এটা মনে রাখে আর তাদের সাথে পুরষ্কার ভাগাভাগি করে নেয়।

৭. অতএব যে ব্যক্তি এক অণু পরিমাণ কোনো ভালো কাজ করবে (সেদিন) তাও সে দেখতে পাবে;

[11]

২.অধ্যয়ন

একজন মুজাহিদ সর্বদা অধ্যয়নে লিপ্ত থাকেন ।[12]

সর্বশক্তিমান আল্লাহ কুরআন মাজীদে বলেন, “(

জ্ঞান বাড়াতে চাইলে) বলো, হে আমার মালিক, আমার জ্ঞান (-ভান্ডার) তুমি বৃদ্ধি করে দাও।

[সূরা ত্বা-হা,১১৪][13]

---

[11] সূরা যিলযাল

[12] ইমাম শা’বী বলেন,

‘ইলম হলো তিন বিঘত পরিমাণ : যে তা এক বিঘত পরিমাণ লাভ করে সে নাক উঁচু করে এবং ভাবে সে বুঝি পেয়েই গেছে। আর যে দ্বিতীয় বিঘত পায় সে নিজেকে ছোট ভাবে এবং ভাবে সে কিছুই পায় নি। আর তৃতীয় বিঘত, হায় হায় তা কেউ কখনো পায় নি।’

[13]

ফতোয়া দেওয়ার ব্যাপারে পূর্ণ গবেষণা-বিবেচনা ও চিন্তা-ভাবনা করবেন। তাড়াহুড়ো থেকে দূরে থাকবেন এবং জ্ঞান বৃদ্ধি করার পথ অবলম্বন করতে কোন প্রকার আলস্য ও ত্রুটি করবেন না। এখানে জ্ঞান বলতে কুরআন-হাদীসের জ্ঞান। কুরআনে এটিকেই ‘ইল্‌ম’ বলে আখ্যায়িত করা হয়েছে। আর এর জ্ঞানীদেরকে উলামা বলা হয়েছে। অন্যান্য জ্ঞান যা মানুষ জীবিকা নির্বাহের জন্য অর্জন ক’রে থাকে তা হল, শিল্প, পেশা ও কারিগরী। নবী ﷺ যে জ্ঞানের জন্য প্রার্থনা করতেন, তা একমাত্র অহী ও রিসালাতের জ্ঞান; যা কুরআন ও হাদীসে বিদ্যমান। যার দ্বারা মানুষের সাথে আল্লাহর সম্পর্ক সৃষ্টি হয়, চরিত্র ও ব্যবহারে সংস্কার সাধন হয় এবং আল্লাহর সন্তুষ্টি ও অসন্তুষ্টির কথা বুঝতে পারা যায়। এই শ্রেণীর দুআর মধ্যে একটি দুআ যা তিনি বলতেন তা এই, اَللّٰهُمَّ انْفَعْنِيْ بِمَا عَلَّمْتَنِيْ وَعَلِّمْنِيْ مَا يَنْفَعُنِيْ وَزِدْنِـيْ عِلْماً. অর্থাৎ, হে আল্লাহ! যা কিছু আমাকে শিখিয়েছ তার দ্বারা আমাকে উপকৃত কর এবং আমাকে সেই জ্ঞান দান কর, যা আমাকে উপকৃত করবে। আর আমার ইল্‌ম আরো বৃদ্ধি কর। (সঃ ইবনে মাজাহ ১/৪৭)

একজন মুজাহিদ সর্বদা পরিপূর্ণতার জন্য সংগ্রাম করে।

শত্রুর উপর হানা তার প্রত্যেকটা আঘাতের পিছনে তাঁর শতাব্দীর প্রজ্ঞা ও সংকল্প থাকে। তাদের প্রত্যেকটা আঘাত এমন, যেন তা অতীতের সকল মুজাহিদদের ক্ষমতা এবং ক্ষিপ্রতা ধারণ করে রেখেছে, যারা এখনও অব্যাহতভাবে যুদ্ধের কল্যাণসাধন করে আসতেছেন ।[14] তার প্রত্যেকটি গতি, তিনি (যার মাধ্যমে তিনি শত্রুকে পরযদুস্ত) করেন,সেই পূর্ববর্তী সালাফে সালিহীনের গতিকে সম্মান করে, যা তারা আজকের প্রজন্মের নিকট ঐতিহ্যের মাধ্যমে সঞ্চালন করার চেষ্টা করছিলেন ।

একজন ছাত্র তার শিক্ষককে বলল, "যখন আমি আমার ধনুক বাঁকা করি, একটা মুহূর্তে আমার কাছে এটা স্পষ্ট হয়ে যায় যে, যদি আমি আমার ধনুকের গুণ না ছাড়ি, আমি নিশানা ভেদ করতে পারব না"।

গুরু উত্তর দিল, "যতক্ষণ তুমি তোমার কল্পনায় নিক্ষেপের সময়কে কাছে এগিয়ে নিয়ে আসা বন্ধ না করবে, তুমি কখনই তীরন্দাজ হতে পারবে না। মাঝে মাঝে তীরন্দাজের অত্যধিক উৎসাহ ও অপ্রয়োজনীয় আগ্রহের জন্য ভুল হয়ে যায়"।

২৬৪৯। আবূ হুরাইরাহ্ (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন ঃ যে লোক এমন ইল্‌ম (জ্ঞান) সম্পর্কে জিজ্ঞাসিত হয় যা সে জানে, অতঃপর সে তা গোপন করে, তাকে ক্বিয়ামাতের দিবসে আগুনের লাগাম পরানো হবে।

সহীহ ঃ ইবনু মা-জাহ (২৬৪)

জাবির ও 'আবদুল্লাহ ইবনু 'আম্‌র (রাযিঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আবূ 'ঈসা বলেন, এ হাদীসটি হাসান।

[14] মূল বইয়ের ইংরেজি শব্দগুলো এরূপ-who are still continuing to be blessing the battle to this day.

একজন মুজাহিদ তো সেই সব ছাত্রদের(সাহাবী) নিকট থেকে শিক্ষা নেয় , যারা তাদের প্রত্যেকটা পদক্ষেপ,প্রত্যেকটা গতি শত্রুদের বিশাল ক্ষতি ও মুসলিমদের কল্যাণের জন্য গ্রহন করতেন ।[15]

মুজাহিদের জন্য একটি উজ্জ্বল দৃষ্টান্ত হল মু'তার যুদ্ধে জাফর বিন আবু ত্বালিবের ঘটনাটি। যুদ্ধ শুরুর সাথ সাথেই যখন মুজাহিদদের নেতা যায়িদ ইবন হারিস (রা) শত্রুর মোকাবেলায় বীরের মত মৃত্যু বরণ করলেন সেটা দেখে জাফর ইবন আবু তালিব(রা) সঙ্গে সঙ্গেই

তাঁর ঘোড়ার পিঠ থেকে লাফিয়ে পড়েন এবং শত্রু বাহিনী যাতে সেটি ব্যবহার করতে না পারে সেজন্য নিজের তরবারী দ্বারা ঘোড়াটিকে হত্যা করে ফেলেন। তারপর পতাকাটি

তার পক্ষল হাতে তুলে নেন।

একজন মুজাহিদ তার আঘাতের সৌন্দর্যকে সবসময়ই নিখুত করার চেষ্টায় লিপ্ত থাকেন ।

যতবার মুজাহিদ তার অস্ত্র কোষমুক্ত করেন, তিনি এটার সদ্ববহার করেন ।

---

[15] সূরা তাওবা

১২২. মোমেনদের কখনো (কোনো অভিযানে) সবার একত্রে বের হওয়া ঠিক নয়; (তারা) এমন কেন করলো না যে, তাদের প্রত্যেক দল থেকে কিছু কিছু লোক বের হতো এবং দ্বীন সম্পর্কে জ্ঞানানুশীলন করতো, অতঃপর যখন তারা (অভিযান শেষে) নিজ জাতির কাছে ফিরে আসতো, তখন তাদের জাতিকে তারা (আযাবের) ভয় দেখাতো, আশা করা যায় এতে তারা সতর্ক হয়ে চলবে।

শাইখ আব্দুল্লাহ আযযাম [রাহঃ] তার তাওহীদ আল আমালি গ্রন্থে বলেন,

এখানে **"যাতে তারা ধর্মজ্ঞান অর্জন করতে পারে"** আয়াতাংশের **"তারা"** শব্দটি দ্বারা বুঝানো হয়েছে **"তারা"** যেন বের হয়ে দ্বীনের বুঝ অর্জন করতে পারে... কিছু আলেম ভিন্ন মতের দিকে দিয়েছেন, তারা বলেছেন, "না, বরং যে দল পিছনে বসে রয়েছে তারা যাতে দ্বীনের বুঝ অর্জন করতে পারবে" ।

কিন্তু সবচেয়ে সঠিক মত সেটাই যা ইবনে আব্বাস (রাঃ), আত-তাবারী৭ এবং সাইয়্যেদ কুতুব (রঃ) বর্ণনা করেছেন যে, যেই দলটি আল্লাহর পথে জিহাদে বের হয় তারাই দ্বীনের বুঝ অর্জন করতে পারবে... তারাই দ্বীনের লুক্কায়িত সৌন্দর্য বুঝতে পারবে এবং দ্বীন তার আভ্যন্তরীণ মুক্তা তাদের নিকট প্রকাশ করে দিবে ।

চেচেন ছুরিগুলোতে খোদাই করা থাকেঃ “অপ্রয়োজনে কোষমুক্ত করো না, গৌরবের কাজ না করে কোষবদ্ধ করো না”।

একটি অস্ত্র যার মাধ্যমে তিনি তাঁর পথ তৈরি করে নিতে পারেন ,যে কাউকে সাহায্য করতে পারেন অথবা আসন্ন বিপদ দূর করতে পারেন-কিন্তু একটি অস্ত্র খুবই চঞ্চল , এটা অকারনে কোষমুক্ত হতে পছন্দ করে না।

এবং এজন্যই একজন মুজাহিদ কখনই এই হুমকির সাহায্য নেয় না। সে আক্রমণ করতে পারে, আত্মরক্ষা করতে পারে বা পালিয়ে যেতে পারে-এসব কিছুই যুদ্ধের অংশ। কিন্তু সঠিক সময়ের আগেই অস্ত্রবাজি মানে শক্তির অপচয়, যা যুদ্ধের কোন ফলাফলই বয়ে আনতে পারে না।

এজন্যই একজন মুজাহিদ তার অস্ত্রের গতিবিধি নিয়ে সজাগ। সে এক মুহূর্তের জন্যও ভুলে যায় না যে, তার অস্ত্রও তার প্রতিটি গতিবিধি লক্ষ্য করে।

শুধু বক্তৃতা দেওয়ার জন্য অস্ত্র তৈরি করা হয় নি।

একজন মুজাহিদ সর্বদা নতুন কিছু শিখতে প্রস্তুত।

আল্লাহ তা'আলা বলেন, "আল্লাহ

তায়ালাকে তার বান্দাদের মঝে সেসব লোকেরাই বেশী ভয় করে যারা (এ সৃষ্টি নৈপুণ্য সম্পর্কে ভালো করে) জানে, আল্লাহ তায়ালা মহাপরাক্রমশালী, ক্ষমাশীল|

[সূরা ফাতির ২৮][16]

16

(২১১) অর্থাৎ, আল্লাহ তাআলার এই সব ক্ষমতা এবং তাঁর কর্ম-নিপুণতা একমাত্র তারাই বুঝতে সক্ষম, যারা জ্ঞানী। অবশ্য এই জ্ঞানী বলতে কুরআন ও সুন্নাহ এবং আল্লাহ সম্পর্কীয় নানা রহস্যের জ্ঞানী। বলা বাহুল্য তাঁরা যত আল্লাহ সম্পর্কে জ্ঞান লাভ করেন, ততই আল্লাকে ভয় করেন। সুতরাং যার মধ্যে আল্লাহ-ভীতি নেই, জেনে রাখুন যে, সে সঠিক জ্ঞান থেকে বঞ্চিত। সুফ্য়ান সাওরী বলেন, আলেম তিন প্রকারের; প্রথম ঃ আলেম বিল্লাহ অআলেম বিআমরিল্লাহ। এই প্রকার আলেম হলেন তাঁরা, যাঁরা আল্লাহকে ভয় করেন এবং তাঁর হদ্দ্ ও ফারায়েযের জ্ঞান রাখেন। দ্বিতীয় ঃ আলেম বিল্লাহ, এঁরা আল্লাহকে ভয় তো করেন; কিন্তু তাঁর হদ্দ্ ও ফারায়েয সম্পর্কে অবগত নন। তৃতীয় ঃ আলেম বিআমরিল্লাহ, এঁরা আল্লাহর হদ্দ্ ও ফারায়েয সম্পর্কে তো অবগত; কিন্তু আল্লাহ-ভীতি থেকে বঞ্চিত। (ইবনে কাসীর)

ব্যক্তিকেই কুরআনের পরিভাষায় 'আলেম' বলা হয় না । যে ব্যক্তি আল্লাহকে ভয় করে না সে যুগের শ্রেষ্ঠ পণ্ডিত হলেও এ জ্ঞানের দৃষ্টিতে সে নিছক একজন মূর্খ ছাড়া আর কিছুই নয় । আর যে ব্যক্তি আল্লাহর গুণাবলী জানে এবং নিজের অন্তরে তাঁর ভীতি পোষণ করে সে অশিক্ষিত হলেও জ্ঞানী । তবে কারও ব্যাপারে তখনই এ আয়াতটির প্রয়োগ ক্ষেত্রে পরিণত হবে যখন তাদের মধ্যে আল্লাহভীতি থাকবে । রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজেও এক হাদীসে ইঙ্গিত করেছেন । তিনি বলেন, 'যদি আমি যা জানি তা তোমরা জানতে তবে হাসতে কম কাঁদতে বেশী । [বুখারী:৬৪৮৬, মুসলিম:২৩৫৯] এর কারণ, রাসূল আল্লাহকে সবচেয়ে বেশী জানেন, তার তাকওয়াও সবচেয়ে বেশী । আবদুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু 'আনহু একথাই বলেছেন, "বিপুল সংখ্যক হাদীস জানা জ্ঞানের পরিচায়ক নয় বরং বেশী পরিমাণ আল্লাহভীতিই জ্ঞানের পরিচয় বহন করে ।" ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহু বলেন, 'তারাই হচ্ছে আলেম যারা নিশ্চিত বিশ্বাস করে যে, আল্লাহ্ সবকিছুর উপর শক্তিমান ।'

৩. অভিজ্ঞতা

৭৮/৮৩. অধ্যায় ঃ মু'মিন এক গর্ত থেকে দু'বার দংশিত হয় না।

وَقَالَ مُعَاوِيَةُ لاَ حَكِيمَ إِلاَّ ذُو تَجْرِبَةٍ.

মু'আবিয়া (রাঃ) বলেছেন ঃ অভিজ্ঞতা ব্যতীত সহনশীলতা সম্ভব নয়।

٦١٣٣. حدثنا قُتَيْبَةُ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ ابْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ رضي الله عنه عَنْ النَّبِيِّ ﷺ أَنَّهُ قَالَ لاَ يُلْدَغُ الْمُؤْمِنُ مِنْ جُحْرٍ وَاحِدٍ مَرَّتَيْنِ.

৬১৩৩. আবূ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত যে, নাবী (সাঃ) বলেছেন ঃ প্রকৃত মু'মিন একই গর্ত থেকে দু'বার দংশিত হয় না। [মুসলিম৫৩/১২, হাঃ ২৯৯৮, আহমাদ ৮৯৩৭] (আ.প্র. ৫৬৯৩, ই.ফা. ৫৫৯০)

যুদ্ধ থেকে অর্জিত অভিজ্ঞতা মুজাহিদের সাহস বৃদ্ধি করে।

একজন মুজাহিদ শুধু নিজের একার শক্তির উপর নির্ভর করে না, সে তার প্রতিপক্ষের শক্তিও ব্যবহার করে। সে সশস্ত্র যুদ্ধে অবতীর্ণ হয় শুধু অনুপ্রেরণা ও আঘাত হানার ও আঘাত পরিহার করার দক্ষতা নিয়ে। আর সে সমস্ত যুদ্ধকৌশল অবলম্বন করে, যা সে দীর্ঘদিন ধরে শিখে এসেছে। পরবর্তীতে সে বুঝতে পারে যে, শুধু অনুপ্রেরণা আর দক্ষতা বিজয় লাভের জন্য যথেষ্ট নয়, বিজয় লাভের জন্য অভিজ্ঞতাও প্রয়োজন রয়েছে।

এবং তখন তিনি আল্লাহর নিকট প্রার্থনা করে যেন তাকে বুঝার শক্তি দেয়া হয় ও অনুপ্রেরণা দেয়া হয়, যাতে তার শত্রুদের প্রতিটি আক্রমণ থেকে সে প্রতিরক্ষাবিদ্যার কিছু না কিছু জ্ঞান আহরণ করতে পারে।

তার সাথীরা বলে, "সে কুসংস্কারে বিশ্বাসী। সে যুদ্ধ থামিয়ে ইবাদাত শুরু করে, আর এটার জন্যই তো তার শত্রুরা অপেক্ষা করে। মুজাহিদগন এসব তীব্র ব্যঙ্গাত্মক কথায় কান দেয় না, কারন তিনি জানেন অনুপ্রেরণা ও অভিজ্ঞতা ছাড়া সকল প্রশিক্ষণ বৃথা। মুজাহিদগন অতীতের ভুলের পুনরাবৃত্তি করেন না, এবং তিনি তার জীবনের ঝুঁকি নেয় শুধু তখনই, যখন কিছু ঝুঁকি নেওয়ার মতো গুরুত্ব লাভ করে।

মুজাহিদগন জানে যে,তুমি কাউকে বোকা বলতে পারবে না কারন যথেষ্ট সময় পাওয়া গেলে জীবন যে কাউকেই শিক্ষা দান করবে।

মুজাহিদগন জানেন যে, কিছু মুহূর্ত জীবনে বারবার ফিরে আসে। তাকে এমন অনেক সমস্যার সম্মুক্ষীণ হয় যা তাকে পূর্বেও হতে হয়েছিল, আর তাকে এমনও কঠিন পরিস্থিতির মুখোমুখি হয় যেখান থেকে তাকে সম্মান নিয়ে বেরিয়া আসতে হয়েছিল, এবং এটা তার উদ্দীপনাকে নাস্তানাবুদ করে দেয়ঃ তার নিকট মনে হয় যে সবকিছুর পুনরাবৃত্তি হচ্ছে এবং তার কোন অগ্রগতি হয় নি এবং এগিয়ে চলার কোন ক্ষমতা নেই।

তখন তিনি তার অন্তরের নিকট অনুযোগ করে বলে, “আমি তো ইতিপূর্বে এর-ই মধ্য দিয়ে গিয়েছি”।

তার অন্তর জবাব দেয়, “হ্যা, তুমি গিয়েছিলে। কিন্তু তুমি কখনই এটা সম্পূর্ণ অতিক্রম কর নি”।

এবং তখন-ই মুজাহিদ বুঝতে পারে যে, আল্লাহ তাঁর সরল পথের উপর তাকে পরীক্ষা করছেন এবং মুজাহিদকে তার অভিজ্ঞতার নিকট বারবার প্রেরণ করছে শুধু এই উদ্দেশ্যে যে, সে যেন তা-ই শিখে নেয়, যা সে প্রথমবারে শিখতে অনাগ্রহী ছিল।

৪. ধোঁকা দেয়ার কৌশল

নবী মুহাম্মদ (তাঁর উপর শান্তি বর্ষিত হক) বলেন, “যুদ্ধ হল কৌশল!"[17]

একজন মুজাহিদ উমর ইবনে আল-খাত্তাবের কথা স্মরণ রাখেন, যখন তিনি সাদ ইবনে আবু ওয়াক্কাস [রাঃ]-কে উদ্দেশ্য করে বলা হয়েছিল: "আমি আপনাকে এবং আপনার মুজাহিদদের সবসময় ন্যায়পরায়ণ হওয়ার আদেশ করছি কারণ সত্যবাদিতা হল শত্রুর বিরুদ্ধে সেরা অস্ত্র এবং যুদ্ধের সেরা ধোঁকা।"

[17] সহিহ বুখারী :: খন্ড ৪ :: অধ্যায় ৫২ :: হাদিস ২৬৯

মুজাহিদ কখনোই প্রতারণা করবে না। তবে তিনি শত্রুকে বোকা ও বিভ্রান্ত করতে পারেন। যাহোক, বিজয়ের দৃঢ় ইচ্ছা তাকে অভিভূত করতে পারে, তবুও, তিনি ঈপ্সিত লক্ষ্য অর্জন করতে

একটি চাল খেলতে সে অসম্মানবোধ করেন না, এবং এটা সেই জায়গা [যুদ্ধক্ষেত্র] যেখানে তিনি একটি কৌশলবিদ হয়ে ওঠেন। যখন তিনি অনুভব করেন যে, তিনি লড়াই করার শক্তি হারিয়ে ফেলছেন, তিনি শত্রুর সামনে এমন ভাব নেন যেন, তিনি এস্থান ছেড়ে কোথাও সরে যাচ্ছে না। তিনি যখন ডান পাশে আক্রমণ করার জন্য যান, তখন তিনি বাম দিকে তার সৈন্য নিয়ে জড় হন। যখন তিনি অবিলম্বে একটি যুদ্ধে জড়িয়ে যাওয়ার আশঙ্কা করেন, তখন তিনি যে তন্দ্রার তার ভান করেন এবং যেন সে এখনই ঘুমাতে যাবে। তার বন্ধুরা বলে, "দেখ, তার নিয়মনিষ্ঠতা কতটা নিকৃষ্ট"। কিন্তু মুজাহিদ তাদের মন্তব্যের দিকে মনোযোগ দেন না, এমনকি যুদ্ধে তার কৌশল এবং চালাকিতে তার বন্ধুদের অংশগ্রহণকারী হতে হবে না।

মুজাহিদ জানে সে কি চায়।

"SUPREME EXCELLENCE CONSISTS OF BREAKING THE ENEMY'S RESISTANCE WITHOUT FIGHTING."

SUN TZU,
THE ART OF WAR[18]

৫. পরিকল্পনা[19]

আল্লাহ তা'আলা বলেন, "মুমিনগণ,...তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং যারা জ্ঞানপ্রাপ্ত, আল্লাহ তাদের মর্যাদা উচ্চ করে দিবেন। আল্লাহ খবর রাখেন যা কিছু তোমরা কর।" [সূরা মুজাদালাহ, ১১][20]

কখনও কখনও মুজাহিদ প্রবাহিত জলের মত তার পথ খুঁজে নিয়ে বাধাসমূহের মধ্যে প্রবাহিত হয়।

---

18 যুদ্ধ ছাড়াই শত্রুর প্রতিরোধ গুঁড়িয়ে দেয়া হল সর্বোচ্চ গৌরবের অংশ।

19 ।

20

(২৫) অর্থাৎ, ঈমানদারদের মর্যাদা বেঈমানদারদের উপরে এবং (ঈমানদার) শিক্ষিতদের মর্যাদা (অশিক্ষিত) সাধারণ ঈমানদারদের থেকে অনেক উচ্চ করবেন। যার অর্থ হল, ঈমানের সাথে দ্বীনী জ্ঞান ও শিক্ষা থাকা অধিক মর্যাদা লাভের কারণ।

কখনও কখনও এই বাধাসমূহ অনিবার্য মৃত্যু নিয়ে আসে, এবং মুজাহিদ নিজেকে পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নেয়। অভিযোগ বা ঘেনঘেনানি ছাড়াই তিনি গিরিসংকটের পাশ দিয়ে পাথুরে পথ অনুসরণ করে এবং তার ক্ষমতা জল সমতুল্য, কারণ এপর্যন্ত কেউ হাতুড়ি দিয়ে পানি চূর্ণ করতে বা ছুরি দিয়ে পানি কেটে ফেলতে সক্ষম হয় নি। পৃথিবীতে সবচেয়ে ধারালো তলোয়ার পানির পৃষ্ঠদেশে ক্ষত সৃষ্টিতে অক্ষম। নদীর জল তার চলার পথের বৈশিষ্ট্য এবং সম্ভাবনার সাথে নিজেদের মানিয়ে নেয়, কিন্তু তারা সবসময় তাদের প্রধান লক্ষ্য সম্পর্কে মনে রাখে: আর সেটা হল সমুদ্র। দুর্বলতম প্রবাহ অন্যান্য নদীর সঙ্গে মিলিত হয়ে ধীরে ধীরে শক্তি অর্জন করে। একটা সময় আসে যখন পানি অদম্য শক্তি অর্জন করে।

ইয়াজীদ ইবনে আবু সুফিয়ানকে আবু বকর বললেন: "... তোমাকে পরীক্ষা করার জন্য আমি তোমাকে একজন কমান্ডার হিসেবে নিযুক্ত করেছিলাম; যদি আপনি আপনার কাজ ভালভাবে পরিচালনা করেন, তবে আমি আপনাকে আপনার পূর্ববর্তী স্থানে নিয়োগ করব এবং আপনাকে আরও উন্নীত করে দেব; কিন্তু যদি আপনি এটি পরিচালনা করতে না পারেন, আমি আপনাকে কর্তব্য থেকে অব্যহতি দেব। আল্লাহকে ভয় করুন, কারণ আল্লাহ আপনার ভেতরের সত্বাকে দেখেন, যেভাবে তিনি আপনার বাহ্যিক চেহারা দেখেন। তিনি যে আল্লাহর নিকট তার কর্ম [পুণ্য] নিয়ে আসে, সে আল্লাহর নিকটতম।

[21]

"আমি আপনাকে খালিদ এর জায়গায় নিযুক্ত করলাম, অতএব আপনার জাহিলিয়াতের অহংকার ছেড়ে দিন, কারণ আল্লাহ তা ঘৃণা করেন যেভাবে তিনি অহংকারীকে ঘৃণা করেন। যখন আপনি আপনার সৈন্যদের নিকট আসবেন, তাদের সাথে ভাল আচরণ করুন। তাদের কলাণসাধন করুন এবং এর ওয়াদা

---

[21] পরিকল্পনার জন্য ভাবা দরকার, কৌশলের জন্য পর্যবেক্ষণ করা দরকার।

করুন।[22] আপনি যখন পরামর্শ দেবেন, তখন সংক্ষিপ্তভাবে কথা বলুন কারণ যেখানে অনেক কথা হয়ে থাকে, সেখানে একটি কথা আপনাকে আরেকটি কথা ভুলিয়ে দিবে। নিজেকে গড়ে তুলুন এবং আপনার জন্য লোকেরা নিজেদের গড়ে তুলবে। নিশ্চিত করুন যে আপনি আল্লাহর ভয়ে সময়মত পূবনাংগ রুকু ও সিজদাহর সহিত নামাজ পড়ছেন। যদি বিরোধীদের দূত তোমাদের কাছে আসে, তাদের সম্মান করো,

কিন্তু তাদের খুব দীর্ঘ সময় থাকতে দিবেন না: যাতে তারা যখন আপনার সেনা ক্যাম্প ছেড়ে যাবে, তারা কিছুই জানতে না পারে। [কোন তথ্যসংগ্রহ করতে না পারে] যদি তারা বেশি সময় থাকে, তাহলে তারা আপনার দুর্বলতা এবং আপনার গোপনীয়তাগুলি খুঁজে পাবে। তাদের সামনে সেনাদের শক্তিশালী দিকগুলো দেখান। আপনার চেনাশোনা অন্য কাউকে তাদের [দূতের] সাথে কথা বলতে দিবেন না, শুধুমাত্র আপনি কথা বলবেন। "

"যখন আপনি পরামর্শ দেন, তখন স্পষ্টবাদী হন। রাত্রে আপনার সঙ্গীদের মধ্যে থাকুন, এবং আপনি অনেক কিছু খুঁজে পাবেন, এবং আপনার সামনে অনেক পর্দা উন্মোচিত হবে। প্রহরীদের সংখ্যা বৃদ্ধি এবং ক্যাম্প জুড়ে তাদের সাজিয়ে রাখুন। হঠাৎ করেই তাদের কাছে আসুন। যদি কাউকে পাহারা দেয়া ছেড়ে ঘুমাতে দেখেন, তবে উচিত শিক্ষা দিন, তাকে শাস্তি দিন, কিন্তু খুব কঠোর নয়। যারা দোষী সাব্যস্ত হয়, তাদের শাস্তি দিতে ভয় করবেন না, কিন্তু শাস্তি দেয়ার সময় তাড়াহুড়ো করবেন না। মুজাহিদের নিয়ন্ত্রণ ব্যতীত ছেড়ে দিবেন না, অন্যথায় তারা নষ্ট হয়ে যাবে। এবং তাদের উপর গুপ্তচরবৃত্তি করবেন না, অন্যথায় আপনি তাদের অসম্মান করলেন। মানুষের দোষ প্রচার করবেন না, নিশ্চিত করুন যে আপনি তাদের বাহ্যিক দিকগুলোর ব্যাপারে সন্তুষ্ট। অলসদের সাথে বসবেন না, কিন্তু বিশ্বস্ত ও বিশ্বস্ত লোকদের সাথে বসুন। ভীরু হবেন না, নতুবা লোকেরাও কাপুরুষ হয়ে যাবে। গণিমতের মাল থেকে চুরি করবেন না, কারন এটা অভাবকে নিকটবর্তী করে ও বিজয়কে দূরে সরিয়ে দেয়। যদি আপনি নামাজের জন্য উৎসর্গীকৃত লোকেদের খুঁজে পান, তবে তাদেরকে ছেড়ে দিন এবং তারা যা করছে তা করতে দিন। "

উমার তার কমান্ডারদের শক্তি দ্বারা অপর্যাপ্ত সৈন্য সংখ্যার দূর্বলতা দূর করেছিল।

---

[22] পারস্পারিক সুসম্পর্ক নরম ব্যাবহারের উপর নির্ভর করে। অধঃস্তনের সাথে ভাল ব্যবহার না করলে পরিণাম খারাপ হতে পারে। একবার নার্স সন্দেহ প্রকাশ করা সত্ত্বেও রোড আইল্যান্ড হাসপাতালের সার্জন তাকে পাত্তা না দিয়ে অপারেশন করার সময় এক বৃদ্ধের মাথার খুলির এমন অংশ কেটে ফেলেছিলেন, যে অংশ কাটার কথা ছিল না। এতে রোগী মারা যায়। প্রফেসর উইন্টারের গবেষণা অনুযায়ী, হাসপাতালের ডাক্তারগণ নার্সদের সাথে স্বৈরাচারী আচরণ করতেন বলেই এই ঘটনা ঘটেছে। এধরনের ঘটনা এড়াতে সকল সৈন্যের সাথে সমান কোমলতা ও কঠোরতা প্রদর্শন করা উচিত।

একজন মুজাহিদ একই সাথে ধৈর্যশীল এবং দ্রুতগামী উভয় হতে হবে।

জ্ঞানীরা বলেন, "তুমি কোন পরিস্থিতিতে আছো সেই অনুযায়ী নিজের শক্তি ঘনীভূত কর বা ছড়িয়ে দাও"। প্রত্যেকবার যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি সামরিক অভিযানে বের হতেন, তিনি সবসময় অভিযানের সময় ও দিক গোপন রাখতেন যেন শত্রুরা অভিযানের উদ্দেশ্য জানতে না পারে।

দুইটি কৌশলগত ভুল আছে: সঠিক মুহূর্ত আসার আগেই অভিযানে বের হওয়া এবং তাড়াহুড়ো করা, অথবা বিলম্ব করা এবং সঠিক সময় ফসকে যাওয়া। তাই ভুল দু'টি এড়ানোর জন্য মুজাহিদকে

প্রতিটি সমস্যাকে আলাদাভাবে বিবেচনা করতে হবে[23] এবং প্রতি ক্ষেত্রে কখনও কোন সাধারণ সূত্র বা ‘পূর্ব-প্রস্তুত ব্যবস্থা’ ব্যবহার করা যাবে না।[24]

আমর বিন আল-আস বলেছিলেন, “আমি কখনও অপসরণের [পিছু হটার] উপায়গুলো নিয়ে কোনরূপ চিন্তা-ভাবনা না করে কোন ঘটনায় নিজেকে সম্পৃক্ত করি নি। কিন্তু একবার আমি জড়িয়ে গেলে, আমি কখনোই দৌড়ে পালাই না। "

এক চীনা সন্নাস্যী কৌশল সম্পর্কে বলছেনঃ

“আপনার শত্রুকে বিশ্বাস করান যে তিনি আপনাকে আক্রমণ করে তেমন কিছু অর্জন করতে পারবে না, এবং এইভাবে আপনি তার যুদ্ধপ্রবণ ব্যগ্রতা দূরীভূত করতে পারবেন। "
"যদি আপনি দেখেন যে যুদ্ধ ময়দান শত্রুর অনুকূলে, তখন শত্রুর জন্য যুদ্ধক্ষেত্রকে ছেড়ে দিতে লজ্জাবোধ করবেন না, এটি [পরাজয়/যুদ্ধটি] গণনায় আনার মত পৃথক কোন যুদ্ধের ফলাফল নয়, তবে আসল ব্যাপার হল চূড়ান্ত যুদ্ধের ফলাফল।"[25]
"আপনার যদি যথেষ্ট ক্ষমতা থাকে, তবে আপনার মিথ্যা লজ্জা ছুঁড়ে ফেলে দিন এবং দুর্বল হওয়ার ভান করুন: এতে শত্রু সতর্কতা অবলম্বন করবে না এবং সঠিক মুহূর্তের জন্য অপেক্ষা না করে আপনাকে আক্রমণ করবে।"

“বিস্ময়করভাবে প্রতিপক্ষকে পাকড়াও করার দক্ষতা যুদ্ধে বিজয়ের পূর্বশর্ত।"

---

23 এই ছবিটি লক্ষ্য করুন।

মাত্র একবারের সুযোগে অনেকেই পড়ে থাকেন।– new york in the spring । আসলে এখানে the শব্দটি ২ বার আছে। সুতরাং,

THINK YOU

YOU CAN'T BE

FOOLED. আসলে আপনাকে বোকা বানানো সহজ। এখানে দুইবার you শব্দের উল্লেখ আছে। এজন্য প্রতিটি যুদ্ধে রেডি-মেড রেসিপি ব্যবহার থেকে দূরে থাকুন।

24 The Mujahid considers each case as the only one of its kind and never uses any common formulas and ready-to-use recipes.

25 শেষ পর্যন্ত যুদ্ধে জিতলেই হল। মাঝে কোন যুদ্ধে হেরেছে সেটা দেখার বিষয় না।

এবং এই হল হাজার বছর আগে আরেক চীনা ঋষি Juang Chi প্রণীত যুদ্ধের পাঁচটি নিয়ম:

"বিশ্বাস: একটি যুদ্ধে জড়িত হওয়ার আগে, যে উদ্দেশ্যে আপনি এটি করছেন সেটার উপর আপনার বিশ্বাস থাকা উচিত।"

"সহচর: সঙ্গীকে বেছে নিতে শিখুন এবং তাদের সাথে কাঁধে-কাঁধ মিলিয়ে লড়াই করতে শিখুন, একা একা কেউ যুদ্ধ করতে পারে না।"

"সময়: একজন খাঁটি মুজাহিদ জানে যে, শীতকালের একটি যুদ্ধ গ্রীষ্মের একটি যুদ্ধ থেকে ভিন্ন। একটি যুদ্ধে জড়িত হওয়ার সময়, সে সর্বদা সঠিক মুহূর্ত বেছে নেয়।"

"স্থান: আপনি পাহাড়ে সেভাবে যুদ্ধ করতে পারবেন না যেভাবে আপনি একটি সমতল ভূমিতে যুদ্ধ করেছেন। আপনার চারপাশের সবকিছুর মূল্যনির্ধারণ করুন এবং যুদ্ধ করার সেরা উপায় নির্বাচন করুন।"

"কৌশলঃ সবচেয়ে ভাল মুজাহিদ হলেন তিনি, যিনি যুদ্ধের গতিপথ আগে থেকে আঁচ করতে পারেন এবং প্রস্তুতি নিতে পারেন।"

৬. ভুল-ত্রুটি

(১৯) ...আর ক্ষমা-প্রার্থনা কর তোমার এবং মুমিন নর-নারীদের **ত্রুটি** জন্য।[26]... [সূরা মুহাম্মাদ]

মুজাহিদকে অনেক লোকের সাথে সাক্ষাৎ করতে হয় যারা সুযোগ পাওয়া মাত্র তাদের খারাপ দিকগুলো দেখানোর চেষ্টা করে। এটা তাদের আধ্যাত্মিক দুর্বলতা যা তারা তাদের যুদ্ধভাবাপন্ন তেজের পিছনে লুকিয়ে রেখেছে।[27] তারা তাদের স্বাধীনতার মুখোশের পিছনে একাকীত্বের ভয়

[26] এই আয়াতে নবী করীম (সাঃ)-কে তাঁর নিজের জন্যও এবং মু'মিনদের জন্যও ক্ষমা প্রার্থনা করার নির্দেশ দেওয়া হয়েছে। ক্ষমা প্রার্থনার গুরুত্ব ও ফযীলত অনেক। বহু হাদীসেও এর প্রতি বড়ই গুরুত্ব আরোপ করা হয়েছে। একটি হাদীসে নবী করীম (সাঃ) বলেছেন, ‘‘হে লোক সকল! তোমরা তোমাদের প্রতিপালকের নিকট তওবা কর। কারণ, আমি দিনে সত্তরবারেরও বেশী তাঁর নিকট তওবা ও ক্ষমা প্রার্থনা করে থাকি।’’ *(বুখারী, দা'ওয়াত অধ্যায়) [আহসানুল বায়ান]*

[27] মানে, ইসলামবিদ্বেষীরা মুজাহিদদের বিরোধিতার দ্বারা নিজেদের আভ্যন্তরীণ দুর্বলতা ঢেকে রাখে।

লুকিয়ে রাখে।[28] নিজেদের ক্ষমতার উপর তাদের আস্থা নেই, অথচ প্রতিটি কোণে তারা তাদের গুণাবলী [নৈতিকতা, ললিতকলা] এবং তাদের যোগ্যতা নিয়ে গলাবাজি করে।[29]

একজন মুজাহিদ অনেক পুরুষ ও নারীর মধ্যে এই বৈশিষ্ট্যগুলি দেখতে পায়, যাদেরকে তার আগে থেকেই চেনা উচিত ছিল। কিন্তু সে কখনও বিভ্রমে পড়ে না এবং প্রথম পরিচয়ে-ই বিশ্বাস করে না। কিন্তু যদি তারা মুজাহিদকে স্তব্ধ করতে চায় বা তাদের দলভারী করতে আগ্রহী করে তুলতে চায়, সে নীরবতায় অটল থাকে। মুজাহিদ ক্রমাগত তার ত্রুটিগুলি ঠিক করার জন্য যে কোনো সুযোগ ব্যবহার করেন, কারণ তিনি নিজেকে অন্য লোকদের মধ্যে দেখেন, যেন তারা একটি আয়না।[30]

আল্লাহ বলেন, "নিশ্চয় আল্লাহ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না; যতক্ষণ না তারা নিজেদের অবস্থা নিজেরা পরিবর্তন করে।" [সূরা রা'দ ১১][31]

৭ .মুকাবিলা

আল্লাহ তা'আলা বলেন, "অতএব তোমরা সৎকর্মে প্রতিযোগিতা কর।" [সূরা বাক্বারাহ ১৪৮]

আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃযে পর্যন্ত বান্দাহ তার ভাইকে সাহায্য করতে থাকে সে পর্যন্ত আল্লাহ তা'আলাও তাকে সাহায্য করতে থাকেন।[32]

---

[28] কোন লোক-ই সম্পূর্ণ স্বাধীন নয়। সকলেই তার বন্ধুদের মতামতকে গুরুত্ব দেয়ার দ্বারা পরাধীনতা বরণ করে। কিন্তু এসব লোক নিজেদের অহংকারের সাথে স্বাধীন দাবি করার মাধ্যমে প্রমাণ করে যে তারা একা।

[29] এমনিতে-ই একা, তার উপর নিজেদের ক্ষমতার উপরেও আস্থাশীল নয়।

[30] মোট কথা, এধরনের লোকের ক্ষতি থেকে বাঁচতে খাঁটি মুজাহিদ নিজের ভুল শুধরে নেয়।

[31] এর অর্থ এই যে, যতক্ষণ পর্যন্ত কোন জাতি বা গোষ্ঠী নিয়ামত অস্বীকারের পথ অবলম্বন করে এবং আল্লাহ তাআলার আদেশ ও নিষেধ থেকে মুখ ফিরিয়ে নিয়ে নিজেদের অবস্থা ও আচরণকে বদলে না নেবে, ততক্ষণ পর্যন্ত আল্লাহ তাআলা তাদের উপর নিজ নিয়ামতের দরজা বন্ধ করে দেন না। দ্বিতীয় শব্দে আল্লাহ তাআলা পাপের কারণে নিজ নিয়ামতকে ছিনিয়ে নেন। আর আল্লাহ তাআলার এই নিয়ামতের অধিকারী হওয়ার জন্য জরুরী হল পাপ হতে দূরে থাকা। সুতরাং পরিবর্তনের অর্থ এই যে, জাতি পাপ-পঙ্কিলতাকে বর্জন করে আল্লাহর আনুগত্যের পথ অবলম্বন করে নিক। [আহসানুল বায়ান]

[32] **সহীহ, ইবনু মা-জাহ (২২৫), মুসলিম**

গ্রন্থের নামঃ সূনান আত তিরমিজী [তাহকীককৃত]	অধ্যায়ঃ ১৫/ হাদ্দ বা দণ্ডবিধি

যে তার বন্ধুদের রক্ষা করে, সে বাস্তবতার ঝড়ের আগে সামনে ভীত হয় না এবং সবসময় নিজের ভিতরে কষ্টকে জয় করার ক্ষমতা খুঁজে পায় এবং এগিয়ে যায়।

মাঝে মাঝে মুজাহিদ যাদের পছন্দ করেন তাদের বিরোধিতা করেন।

সে চারদিকে তাকায় এবং তার ভাইদের চিনতে পারে। সে পিছনে তাকায় এবং তার বিরোধীদের চিনতে পারে। মুজাহিদ বিশ্বাসঘাতকদের প্রতি কঠোর কিন্তু কখনও প্রতিশোধ নেন না। তিনি কেবল তার নিজের জীবন থেকে বিশ্বাসঘাতকদের দূর করে দেবেন এবং তাদের বিরুদ্ধে যতটুকু দরকার তার চেয়ে বেশি যুদ্ধ করে না।

একজন মুজাহিদ তার ক্ষমতা সম্পর্কে জানে। তার প্রতিভা এবং গুণাবলী সম্পর্কে দম্ভের সাথে প্রচারণার কোন প্রয়োজন নেই।

একজন মুজাহিদ কোন কিছুর মতো হওয়ার জন্য চেষ্টা করে না। মুজাহিদ হচ্ছে মুজাহিদ-ই![33]

মুজাহিদদের নিকট "ভালো" বা "খারাপ" বলে কিছু নেই, তার চোখে সকলেই সরল পথ অনুসরণের জন্য যথেষ্ট বুদ্ধিসম্পন্ন। কিন্তু এমন কিছু লোক আছে যারা এর সাথে সন্তুষ্ট নন। তারা হয় মুজাহিদকে আঘাত করে বা তাকে অপমান করার চেষ্টা করে, মুজাহিদকে খেপানোর জন্য যে কোন কিছু করার চেষ্টা করে বা যুক্তি আহ্বান করার চেষ্টা করে। এবং এরকম মুহূর্তে মুজাহিদের হৃদয় মুজাহিদকে বলে: "অপমানকে একপাশে ছুঁড়ে ফেল, এটা তোমার ক্ষমতাকে বৃদ্ধি করবে না। তুমি কেবল তোমার শক্তি-ই অপচয় করবে।"

মুজাহিদ আপত্তি-অভিযোগের মোকাবেলা করে তার সময় নষ্ট করে না, কারণ তিনি জানেন যে, সুউচ্চ আল্লাহ কর্তৃক নির্ধারিত আদেশ পালন করতে হবে।

[33] He is what he is! অন্য কাউকে অনুসরণের দরকার নেই।

"CONFRONT YOUR FEARS, LIST THEM, GET TO KNOW THEM, AND ONLY THEN WILL YOU BE ABLE TO PUT THEM ASIDE AND MOVE AHEAD."

JERRY GILLIES [34]

৮. যুদ্ধকৌশল

সর্বশক্তিমান আল্লাহ বলেন,

১০৫. (হে নবী, এদের) তুমি বলো, তোমরা (ভালো) কাজ করো, অবশ্যই আল্লাহ তায়ালা, তাঁর রসুল ও মোমেনরা তোমাদের (ভবিষ্যত) কর্মকান্ড পর্যবেক্ষণ করবেন; [35]

একটি যুদ্ধে অংশগ্রহণ করার আগে, যার উপর অনেক বিষয় নির্ভর করে, মুজাহিদ নিজেকে জিজ্ঞেস করে: "কিন্তু আমার নিজের সাথে লড়াই করতে হলে আমি কি করতাম? আমি নিজেকে কতটুকু দক্ষ ও দ্রুত করে তুলতে পেরেছি?" এবং এভাবে সে তার নিজের দুর্বল দিকগুলো নিরূপণ করে। তিনি জানেন যে তিনি তার আগের প্রতিটি যুদ্ধ থেকে কিছু না কিছু শিখেছেন। অথচ একই সাথে তিনি যে শিক্ষাগুলি শিখেছিলেন তা শিখতে মুজাহিদকে যতটা কষ্ট ভোগ করার কথা তার চেয়েও বেশি ভোগ করতে হয়েছিল।

যখন যুদ্ধের সময় আসে, তখন মুজাহিদ যে কোন অপ্রত্যাশিত জিনিসের জন্য প্রস্তুত থাকতে চেষ্টা করে। তিনি সর্বদা শত্রুকে শুরুতে আঘাত করার চেষ্টা করেন এবং এভাবে শত্রুর উপর তার নিজস্ব

---

[34] নিজের ভয়ের মোকাবেলা কর, তালিকা কর, সেগুলো ভাল করে চেন। তাহলেই তুমি সেগুলো পাশে সরিয়ে এগিয়ে যেতে পারবে।

[35] সূরা তাওবা। يرى এর অর্থ হল দেখা ও জানা। অর্থাৎ তোমাদের কর্ম শুধু আল্লাহ তাআলাই দেখেন না; বরং সে বিষয়ে (অহী দ্বারা) আল্লাহর রসূল (সাঃ) এবং মু'মিনগণও অবগত হন। (এ কথা মুনাফিক্কদের ব্যাপারেই বলা হচ্ছে।) এখানে ঈমানদারদের কথা অতিরিক্ত ব্যক্ত হয়েছে। আল্লাহর রসূল (সাঃ)-এর খবর দেওয়াতে তারাও মুনাফিকদের (মুনাফিকি) আমল জানতে পারে।[আজকের দিনে আমরা কুরআনের দ্বারা মুনাফিকদের চিহ্নিত করি-অনুবাদক]

যুদ্ধ-পরিকল্পনা প্রয়োগ করেন। যখন শত্রুর ক্ষমতা এবং ইতরতা উভয় দিক থেকেই বেশি হয়, মুজাহিদ তার মহিমান্বিত পূর্বপুরুষগণের কৌশল ব্যবহার করে: "মৌমাছি কৌশল"। মৌমাছির মত, মুজাহিদীন ক্রমাগত শত্রুর চারপাশ ঘিরে থাকে এবং দুর্বল আচরণ করে অথচ যেখানে লাভ রয়েছে সেখানে একাধিক এবং নিয়মিত আঘাত হানে। এইভাবে শত্রু বেহাল হয়ে যায় এবং [মুজাহিদদের] সংখ্যা গুণগত মান বেড়ে যায়।

উমর ইবনে আল খাত্তাব [রাঃ] সাদ ইবনে আবু ওয়াক্কাস [রাঃ]-কে বলেন:

"আমি আপনাকে এবং আপনার লোকদের শত্রুদের ভয় করার পরিবর্তে নিজেদের পাপকে আরও ভয় করতে আদেশ করছি। কারণ পাপসমূহ তাদের শত্রুদের চেয়ে বেশি বিপজ্জনক। আল্লাহর সামনে শত্রুর দুরাচারের কারণে মুসলমানরা জয়লাভ করে। যদি এই না হত, তবে আমরা তাদের পরাজিত করতে সক্ষম হতাম না, কারণ আমাদের সংখ্যা তাদের চেয়ে কম এবং আমাদের অস্ত্র তাদের অস্ত্রের মত না। যদি আমাদের পাপ তাদের সমান হয়ে যায়, তবে আমরা পরাজিত হব। কিন্তু আমরা আমাদের মর্যাদার দ্বারা জয়লাভ করি, আমাদের শক্তি দিয়ে নয়।"

“জেনে রাখো যে, আল্লাহ-র ফেরেশতারা তোমাদের দুর্বারভাবে অগ্রসর হওয়ার সময় সর্বদা তোমাদের সাথে থাকবে; তারা জানেন যে আপনি কি করছেন। তাদের সামনে লজ্জা অনুভব করুন। আল্লাহর পথে থাকার সময় পাপ করো না। একথা বল না, “আমাদের শত্রু আমাদের চেয়ে খারাপ, তারা আমাদেরকে পরাজিত করতে পারবে না'। কখনও কখনও একটি নিকৃষ্ট জাতি অন্য জাতির উপর শাসন করে, যেভাবে হিব্রুগণ আল্লাহর ক্রোধকে আহ্বান করায় পৌত্তলিক দ্বারা শাসিত হয়েছিল।

"আপনি আপনার শত্রুদের উপর বিজয় লাভের জন্য যেভাবে প্রার্থনা করেন, সেইভাবে আপনার নফসের খেয়ালের বিরুদ্ধেও সাহায্যের জন্য আল্লাহ-র নিকট প্রার্থনা করুন। কুচকাওয়াজের সময় আপনার সৈন্যদের সাথে নম্র ব্যবহার করুন। প্রতি সপ্তাহে একদিন বিশ্রাম দিন। যেসব গ্রাম

চুক্তিবদ্ধতায় স্বাক্ষরিত হয়েছে আর যেখানে জিম্মি (অন্যান্য বিশ্বাসের মানুষ যারা মুসলিম শাসনাধীন এবং মুসলমানদের সাথে একটি চুক্তিতে আবদ্ধ আছে) বাস করে সেগুলোর সাথে যতটা সম্ভব দূরত্ব বজায় রাখুন। বিশ্বস্ত ও ধার্মিক ব্যতীত কাউকে সেখানে যেতে দিবেন না। শত্রুকে পরাজিত করতে, চুক্তিতে স্বাক্ষরিত লোকদের প্রতি কোন অবিচারের অনুমতি দেবেন না। যখন শত্রুর ভূমিতে প্রবেশ করবেন, তথ্য সংগ্রহের উদ্দেশ্যে নিজের পরিদর্শকদের প্রেরণ করবেন। আপনার সাথে কিছু স্থানীয়দের রাখবেন, যারা আপনার প্রতি অনুগত এবং আপনি যাদের বিশ্বাস করেন। কারন মিথ্যাবাদীরা কোন উপকারে আসে না, যদিও মাঝে মাঝে তারা সত্য বলে। একজন প্রতারক আপনার উপকারের জন্য নয়, বরং দুর্বলতার খোঁজ করে।

মাঝে মাঝে-ই আপনার শক্তিশালী দলগুলো প্রেরণ করুন। সবচেয়ে বুদ্ধিমান ও এবং সবচেয়ে পরীক্ষিত লোককে এসব দলের জন্য বাছাই করুন। তাদের সেরা ঘোড়া দাও; বাছাইয়ের সময় নিজের সহানুভূতি দ্বারা পরিচালিত হবেন না। সুস্পষ্ট বিপদে পূর্ণ এলাকায় কোন দল প্রেরণ করবেন না। ভূখন্ড ও তার স্থানীয়দের ভাল করে জানুন। যখন আপনি শত্রু দেখতে পান, সমস্ত সৈন্য, প্লাটুন এবং দল জড়ো করুন। নিজের সমস্ত শক্তি একীভূত করুন, একান্ত দরকার না হলে প্রত্যক্ষ যুদ্ধের সংস্পর্শে যাবেন না। যখন আপনি শত্রুর দুর্বলতা দেখবেন, সেখানেই আঘাত করবেন। শত্রুর সাথে সেটাই করুন, যা সে আপনার সাথে করে। আপনার সেনাবাহিনীকে পুঙ্খানুপুঙ্খভাবে তত্ত্বাবধান করুন, গভীর রাতে শত্রু কর্তৃক আক্রান্ত হওয়া থেকে সতর্ক থাকুন।[36] বন্দীদের গর্দান না নিয়ে ছেড়ে দিবেন না [মাথা কেটে ফেলুন], যেন আল্লাহর ও আপনার শত্রুরা ভয় পায়। আল্লাহ আপনাকে এবং আপনার সাথীদের রক্ষা করুন। আল্লাহ তা'আলা হলেন তিনি, যিনি শত্রুকে পরাজিত করেন এবং যার কাছে আপনি সাহায্য চান”।

---

[36] নিরাপত্তা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। অনেকক্ষেত্রে এটি keystone habit হিসাবে কাজ করে। Alcoa কোম্পানিতে পল ও'নিল সিইও হয়ে আসার পরে শুধু নিরাপত্তার উপর জোরপ্রদান করায় কোম্পানির আয় ব্যাপক বৃদ্ধি পেয়েছিল।

মুজাহিদ জানে যে, সম্পূর্ণ বিশ্রাম বা সম্পূর্ণ টানাপোড়নের অবস্থায় বাস করা অসম্ভব। তিনি একজন তীরন্দাজের মত, যাকে তার ধনুক বাঁকা করতে হয়। সে দেখে যে, ঘোড়া বেড়া-ডিঙ্গানো দৌড়ের সময় নিজের সমস্ত পাশীর টানটান করে ফেলে। কিন্তু সে এই পেশী টানটান করাকে উদ্দেশ্যহীন অতিব্যস্ততা বলেও অভিহিত করতে পারে, কিন্তু সে [মুজাহিদ] এই দুই দৃষ্টিকোণকে একত্রে গুলিয়ে ফেলে না।[37]

মুজাহিদ অপ্রয়োজনীয় এবং অশ্লীল বস্তু থেকে তার চোখ সংরক্ষণ করে। এক জ্ঞানী ব্যক্তি একবার বলেছিলেন: "আপনার চোখ যা দেখতে পায় না, আপনার হৃদয় তা আকাঙ্ক্ষা করবে না; যখন আপনার হৃদয় আর আকাঙ্ক্ষা করবে না, প্রয়োজনীয়তা আপনাকে বিব্রত করবে না"।

৪৮. তাওবা

আল্লাহ তা'আলা বলেন,

হে ঈমানদার ব্যক্তিরা, (ত্রুটি বিচ্যুতির জন্যে) তোমরা সবাই আল্লাহর দরবারে তাওবা করো, আশা করা যায় তোমরা নাজাত পেয়ে যাবে। [সূরা নূর ৩১]

মুজাহিদ জানেন যে, অনুতাপ একজন মানুষকে মুড়িয়ে অসাড় করে দেয়, এবং ধীরে ধীরে, একটু একটু করে, পাপী আত্মায় মরিচা ফেলে দেয়, এবং তা অনিবার্যভাবে আত্ম-ধ্বংসের দিকে পরিচালিত করে।

মুজাহিদ এভাবে মরতে চান না। যদি সে কারও ক্ষতি করে বসে, সে যদি অসুস্থ থাকে, সে যদি কারও অমঙ্গল বা ক্ষতি করে বসে, কারও উপর অন্যায় করে- কারন তার মাঝে সকল সহজাত দোষ-ত্রুটি উপস্থিত,- সে ক্ষমা চাইতে লজ্জাবোধ করে না।

---

121 (১০৩) এতে মহান আল্লাহর পরিপূর্ণ জ্ঞানের বর্ণনা রয়েছে। তিনি সকল বস্তুরই জ্ঞান রাখেন; তাতে তা ছোট হোক বা বড়, সূক্ষ্ম হোক বা স্থুল, উচ্চ মানের হোক কিংবা তুচ্ছ। এই জন্য যখন আল্লাহর জ্ঞানের ও তাঁর (সবকিছুকে) পরিবেষ্টন ক'রে রাখার অবস্থা হল এই, তখন মানুষের উচিত তাঁর অবাধ্যতা থেকে বিরত থাকা এবং নিজেদের অন্তরে প্রকৃতার্থে তাঁর ভয় সৃষ্টি করা। চোখের খিয়ানত হল, আড়চোখে দেখা। পথ চলার সময় কোন সুন্দরী মহিলাকে চোরা দৃষ্টিতে তাকিয়ে দেখা। সেই কল্পনা ও চিন্তা ইত্যাদিও 'বুকে যা গোপন আছে' তার আওতাভুক্ত, যা মানুষের অন্তরে জন্ম নেয়। যতক্ষণ পর্যন্ত সেগুলো কল্পনাই থাকে অর্থাৎ, মুহূর্তে আসে আবার চলে যায়, ততক্ষণ পর্যন্ত তার জন্য কোন ধরপাকড় হবে না। কিন্তু যখন তা দৃঢ় পরিকল্পনার আকার ধারণ করবে, তখন তার ধরপাকড় হতে পারে, যদিও মানুষ সে অনুযায়ী আমল করার সুযোগ না-ও পায় (তবুও)।

৭/৪২৫৩। আবদুল্লাহ ইবনে 'আমর (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ রূহ কণ্ঠাগত না হওয়া (মৃত্যুর পূর্ব মুহূর্ত) পর্যন্ত মহামহিম আল্লাহ বান্দার তওবা কবুল করেন।

122

যদি সময় চিরতরে হারিয়ে না যায় তবে তিনি তার ভুলকে যেভাবে পারেন তা শুধরানোর চেষ্টা করেন। এবং যার প্রতি জুলুম করা হয় সে যদি বেঁচে না থাকে, তবে মুজাহিদ একজন অপরিচিত ব্যক্তির উপকার করেন।

মুজাহিদ চান না, অনুতাপ তাকে অসাড় করুক এবং সে মন্দকে প্রতিহত করতে প্রতিজ্ঞাবদ্ধ।

৪৯. ভুল

২/৫৬। আবূ মুহাম্মাদ হাসান ইবনু আলী ইবনু আবী ত্বালেব রাদিয়াল্লাহু 'আনহু বলেন যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এই শব্দগুলি স্মরণ রেখেছি যে, ''তুমি ঐ জিনিস পরিত্যাগ কর, যে জিনিস তোমাকে সন্দেহে ফেলে এবং তা গ্রহণ কর যাতে তোমার সন্দেহ নেই। কেননা, সত্য প্রশান্তির কারণ এবং মিথ্যা সন্দেহের কারণ।''[1]

123

মুজাহিদ নিজের অনিচ্ছাকৃত কাজগুলোর জন্য নিজেকে দোষারোপ করেন না, কিন্তু নিজের ভুলের জন্য নিজের কাছে কোন অজুহাত পেশ করেন না, এটা এ কারনে যে তখন তিনি তার ভুল সংশোধন করতে পারবেন না।

আল্লাহ তা'আলা বলেন,

---

122 তিরমিযী ৩৫৩৭, আত-তালীকুর রাগীব ৪/৭৫, মিশকাত ২৩৪৩। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী (আবদুর রহমান বিন সাবিত) ইবনু সাওবান সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস গ্রহনে শিথিল। আবু আবদুল্লাহ আল-হাকিম আন-নায়সাবুরী বলেন, তিনি সিকাহ। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭৭৫, ১৭/১২ নং পৃষ্ঠা)

123 তিরমিযী ২৫১৮, নাসায়ী ৫৭১১, আহমাদ ২৭৮১৯, দারেমী ২৫৩২ ; সহীহ।

২৭. আল্লাহ তায়ালা ঈমানদারদের তাঁর শাশ্বত কালেমা দ্বারা মযবুত রাখেন, দুনিয়ার জীবনে এবং পরকালীন জীবনে, যালেমদের আল্লাহ তায়ালা (এমনি করেই) বিভ্রান্তিতে রাখেন, তিনি (যখন) যা চান তাই করেন।

[সূরা ইবরাহীম-২৭][124]

যখন তিনি সাধারণ জ্ঞান দিয়ে নিজেকে সশস্ত্র করেন, তিনি তার কাজের শুধু ফলাফলকে বিচার করেন: ফলাফল..... কিন্তু কাজগুলো করার সময় তিনি যে উদ্দেশ্য দ্বারা পরিচালিত হয়েছিলেন তা

124

এ আয়াত থেকে আমরা আরো যে শিক্ষা পাই তা হলো, মুমিনের ঈমান ও কালেমায়ে তাইয়্যেবার একটি বিশেষ প্রতিক্রিয়া রয়েছে, তা হলোঃ মুমিনের কালেমায়ে তাইয়্যেবা মজবুত ও অনড় বৃক্ষের মত একটি প্রতিষ্ঠিত উক্তি। একে আল্লাহ্ তা'আলা চিরকাল কায়েম ও প্রতিষ্ঠিত রাখেন দুনিয়াতেও এবং আখেরাতেও। শর্ত এই যে, এ কালেমা আন্তরিকতার সাথে বলতে হবে এবং লা-ইলাহা ইল্লাল্লাহ্-এর মর্ম পূর্ণরূপে বুঝতে হবে এবং সে অনুসারে আমল করতে হবে। এ কালেমায় বিশ্বাসী ব্যক্তিকে দুনিয়াতে আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে শক্তি যোগানো হয়। যখন কোন সন্দেহ আসে তাদেরকে সে সন্দেহ থেকে উত্তরণ করে দৃঢ় বিশ্বাসের প্রতি পথনির্দেশ দেয়া হয়। অনুরূপভাবে প্রবৃত্তির তাড়নায় মানুষ যখন দিশেহারা হয়ে যায়, তখনও তাদেরকে নিজের আত্মার অনিষ্টতা ও খারাপ ইচ্ছাশক্তির বিরুদ্ধে আল্লাহ্ ও তাঁর রাসূলের ভালবাসাকে সবকিছুর উপর স্থান দেয়ার তাওফীক দেয়া হয়। আখেরাতেও মৃত্যুর পূর্বমূহূর্তে দ্বীনে ইসলামীর উপর প্রতিষ্ঠিত রাখার মাধ্যমে তাকে উত্তম পরিসমাপ্তির ব্যাপারে সহযোগিতা করা হয়। তারপর কবরে তাকে ফেরেশতাদ্বয়ের প্রশ্নের সঠিক উত্তর প্রদানের সহযোগিতা করা হয়, ফলে সে উত্তর দিতে পারে যে, আমার রব আল্লাহ, আমার দ্বীন ইসলাম এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার নবী।

([২৩৭]) এর ব্যাখ্যা হাদীসে এরূপ এসেছে যে, মৃত্যুর পর কবরে মুসলিমকে যখন জিজ্ঞাসা করা হয়, তখন সে উত্তরে এ কথার সাক্ষ্য দেয় যে, আল্লাহ ব্যতীত কোন (সত্য) মা'বূদ নেই এবং মুহাম্মাদ ﷺ আল্লাহর রসূল। সুতরাং এটাই অর্থ হচ্ছে আল্লাহর এই বাণীর (يُثَبِّتُ اللَّهُ। الَّذِينَ آمَنُوا) (বুখারী ঃ তাফসীর সূরা ইব্রাহীম, মুসলিম ঃ কিতাবুল জান্নাতি ওয়া সিফাতি নাঈমিহা) অন্য এক হাদীসে আছে যে, যখন বান্দাকে কবরে রাখা হয় এবং তার সঙ্গীরা চলে আসে, তখন সে তাদের জুতার আওয়াজ শোনে। অতঃপর তার নিকট দু'জন ফিরিশ্তা আসেন এবং তাকে উঠিয়ে (নবী ﷺ-এর প্রতি ইঙ্গিত করে) জিজ্ঞেস করেন যে, 'এই ব্যক্তি সম্পর্কে তোমার মত কি?' সে মু'মিন হলে উত্তর দেয় যে, তিনি আল্লাহর বান্দা এবং তাঁর রসূল। ফিরিশ্তাগণ তাকে জাহান্নামের ঠিকানা দেখিয়ে বলেন যে, আল্লাহ এর পরিবর্তে তোমার জন্য জান্নাতে ঠিকানা বানিয়ে দিয়েছেন। সে উক্ত উভয় ঠিকানা দেখে এবং তার কবর সত্তর হাত প্রশস্ত ক'রে দেওয়া হয় এবং তার কবরকে কিয়ামত অবধি নিয়ামত সম্ভার দিয়ে পরিপূর্ণ ক'রে দেওয়া হয়। (মুসলিম, উপরোক্ত পরিচ্ছেদ) আরেক হাদীসে আছে,

মূল্যায়ন করেন না।সেই সব কিছুর দায়িত্ব তাকে নিতে হয়- যদিও তাকে ক্ষতিপূরণ দিতে হয় সেই সকল ভুলের জন্যও যা তিনি ভবিষ্যতে করবেন।

একটি প্রাচীন আরব প্রবাদ আছে, “আল্লাহ তা’আলা ফল দ্বারা গাছকে বিচার করেন, শিকড় দ্বারা করেন না”।

৫০. পরিণতি

মহান আল্লাহ তা’আলা বলেন,

৭. ওহে (মানুষ), যারা (আল্লাহর ওপর) ঈমান এনেছো, তোমরা যদি (দ্বীন প্রতিষ্ঠার কাজে) আল্লাহকে সাহায্য করো, তাহলে তিনিও তোমাদের (দুনিয়া আখেরাতে) সাহায্য করবেন এবং (মিথ্যার মোকাবেলায় এ যমীনের বুকে) তিনি তোমাদের পা সমুহকে মযবুত রাখবেন।

[সূরা মুহাম্মাদ-০৭]

২৫১৫। মু’আয ইবনু জাবাল (রা) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ (সাঃ) বলেন ঃ যুদ্ধ দুই প্রকার। যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য যুদ্ধ করে, ইমামের আনুগত্য করে, উত্তম জিনিস খরচ করে, সহকর্মীর সাথে কোমল ব্যবহার করে এবং বিপর্যয় সৃষ্টিকারী কাজ হতে বিরত থাকে, তার নিদ্রা ও জাগরণ সব কিছুই সওয়াবে পরিণত হয়। আর যে ব্যক্তি অহংকার, লোক দেখানো ও সুনামের জন্য যুদ্ধ করে, ইমামের অবাধ্য হয় এবং দুনিয়াতে বিপর্যয় সৃষ্টি করে, সে জিহাদের সামান্য সওয়াব নিয়েও বাড়িতে প্রত্যাবর্তন করে না।

হাসান।

[সুনানে আবু দাউদ]

একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার আগে: একটি যুদ্ধ ঘোষণার জন্য, অন্য জায়গায় যাওয়ার জন্য, বপনের একটি জমি বেছে নেওয়ার জন্য, মুজাহিদ নিজেকে জিজ্ঞেস করেন: "এটি মুসলমানদের জীবন কিভাবে প্রভাবিত করবে? আমার বংশধরদের উপর কি প্রভাব হবে?"

মুজাহিদ জানেন যে প্রতিটি কাজের দীর্ঘমেয়াদী ফলাফল আছে। তিনি জানতে চান যে তার বংশধরদের কেমন পৃথিবী দিয়ে যেতে পারবেন।

৫১. ভীরুতা

মহান আল্লাহ তা'আলা বলেন,

৫৬. এরা আল্লাহ তায়ালার নামে কসম করে বলে, এরা তোমাদের দলের লোক (অথচ আল্লাহ তায়ালা নিজেই বলছেন); এরা কখনোই তোমাদের (দলের) লোক নয়, এরা হচ্ছে (মুলত) একটি ভীত-সন্ত্রস্ত জাতি।

৫৭. (এতো ভীত যে,) তারা যদি এতোটুকু আশ্রয়স্থল (কোথাও) পেয়ে যায় কিংবা পায় (যদি মাথা লুকোবার মতো) কোনো গিরিগুহা অথবা (যমীনের ভেতর) ঢুকে পালাবার কোনো জায়গা, তাহলে অবশ্যই তারা (তোমাদের ভয়ে) এসব জায়গার দিকে দ্রুত পালিয়ে (হলেও) বাঁচার চেষ্টা করতো।

[সূরা তাওবা-৫৬-৫৭][125]

২৫১১। আবূ হুরাইরাহ (রা) বলেন, আমি রাসূলুল্লাহ (সাঃ)-কে বলতে শুনেছি ঃ যে ব্যক্তির চরিত্রে কৃপণতা, ভীরুতা ও হীনমানসিকতা রয়েছে সে খুবই নিকৃষ্ট।
সহীহ।

[সুনানে আবু দাউদ]

ভীতু লোকদের কাছে এই পৃথিবী ভয়ানক ভয়ঙ্কর। তারা কোন চ্যালেঞ্জ ছুঁড়ে বা চ্যালেঞ্জ গ্রহণ না করে প্রতারণাপূর্ণ নিরাপত্তার অনুসন্ধান করে জীবিত থাকে, তাদের ধারনাপ্রসূত সম্পত্তি দাঁতকে[126] রক্ষার জন্য তারা অস্ত্রে সজ্জিত হয়, কিন্তু সেটাও রক্ষা করতে পারে না।

কাপুরুষ নিজেই নিজের অন্ধকূপের দেওয়াল রচনা করে।

রব্বুল আ'লামীন বলেন,

---

125 (১৩৬) অর্থাৎ, দ্রুত গতিতে পলায়ন ক'রে নিজেদের আশ্রয়স্থলে চলে যাবে। যেহেতু তোমাদের সাথে তাদের যতটা সম্পর্ক আছে তা সম্প্রীতি ও আন্তরিকতার ভিত্তিতে নয়, বরং শত্রুতা, বিদ্বেষ ও ঘৃণার ভিত্তিতে।

126 এখানে দাঁত বলতে পেট বা সম্পত্তি উদ্দেশ্য হতে পারে।

৭৮. তোমরা যেখানেই থাক না কেন মৃত্যু তোমাদের নাগাল পাবেই, এমনকি সুউচ্চ সুদৃঢ় দুর্গে অবস্থান করলেও(৩) ।[সূরা নিসা-৭৮][127]

মুজাহিদ কাপুরুষ নন।

তিনি কখন মারা যাবেন, তা নিয়ে তিনি চিন্তা করেন না (যেহেতু তিনি তার হায়াত কতটুকু জানেন না), তবে তিনি কিভাবে মারা যাবেন, সেই চিন্তা তাকে ভাবায়। মুজাহিদ সম্মানের সাথে পথ চলতে চায় এবং শাশ্বত জান্নাত লাভ করতে চায়।

৫২. স্মরণ

মহান আল্লাহ তা'আলা বলেন, "আল্লাহকে

অধিকরূপে স্মরণ কর; যাতে তোমরা সফলকাম হও। [সূরা জুমু'আহ ১০]

২৩০৭। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা বেশি পরিমাণে জীবনের স্বাদ হরণকারীর অর্থাৎ মৃত্যুর স্মরণ কর।

128

127

(৭২) দুর্বল মুসলিমদেরকে বুঝানো হচ্ছে যে, প্রথমতঃ যে দুনিয়ার জন্য তোমরা অবকাশ কামনা করছ, সে দুনিয়া হল ধ্বংসশীল এবং তার ভোগ-সামগ্রী ক্ষণস্থায়ী। এর তুলনায় আখেরাত অতি উত্তম এবং চিরস্থায়ী। আল্লাহর আনুগত্য না ক'রে থাকলে সেখানে তোমাদেরকে শাস্তি পেতে হবে। দ্বিতীয়তঃ জিহাদ কর আর না কর, মৃত্যু তো তার নির্ধারিত সময়েই আসবে; যদিও তোমরা কোন সুদৃঢ় দুর্গের মধ্যে অবস্থান কর তবুও। অতএব জিহাদ থেকে পশ্চাৎপদ হওয়ার লাভ কি?

জ্ঞাতব্য ঃ কোন কোন মুসলিমের এই ভয় যেহেতু প্রকৃতিগত ছিল, অনুরূপ যুদ্ধ বিলম্ব হওয়ার আশা প্রকাশ প্রতিবাদ ও অস্বীকৃতিমূলক ছিল না, বরং তাও ছিল প্রকৃতিগত ভয় থেকে সৃষ্ট ফল। এই জন্য মহান আল্লাহ তাদেরকে ক্ষমা ক'রে দিয়েছেন এবং বলিষ্ঠ দলীলাদির মাধ্যমে তাদেরকে সাহায্য ও উৎসাহিত করেছেন।

128 তিরমিযী হা/২৩০৭; ইবনু মাজাহ হা/৪২৫৮; নাসাঈ হা/১৮২৪; মিশকাত হা/১৬০৭। সনদঃ হাসান।

দাক্কাক বলেন, 'যে ব্যক্তি মরণকে স্মরণ করে সে তিনটি উপকার লাভ করে; সত্বর তওবা, স্বল্পে তুষ্টি, আর আলস্যহীন ইবাদত। পক্ষান্তরে যে মরণের কথা ভুলেই থাকে সেও তিনটি জিনিস সত্বর লাভ করে; তওবায় দীর্ঘসূত্রতা, যথেষ্ট সব কিছু পেয়েও অতৃপ্তিবোধ এবং ইবাদতে অলসতা।'

আবু সুলায়মান দারানী (মৃ. ২১৫ হি.) স্বীয় উস্তায উম্মে হারূণকে জিজ্ঞেস করেন, আপনি কেমন আছেন? উত্তরে তিনি বলেন, ঐ ব্যক্তি কেমন থাকবে যার রূহ অন্যের হাতে'? (উক্তি ৪৫, পৃ. ৩৭)। [ইবনু 'আসাকির, তারীখু দিমাশ্ক ৭০/২৬৬।]

মুজাহিদ একজন ঋষির কথা মনে রাখে: “"আপনি অসুবিধা কাটিয়ে উঠতে সক্ষম হলে, আপনি কিভাবে তা কাটিয়ে উঠলেন তা ভাববেন না, বরং সম্মানের সাথে যে পরীক্ষায় টিকে থাকলেন সেই আনন্দ নিয়ে ভাবুন। যখন আপনি একটি গুরুতর অসুস্থতা থেকে সেরে উঠেন, আপনি কি কষ্টের মধ্যে দিয়ে গিয়েছিলেন তা ভাববেন না, কিন্তু ঈশ্বরের করুণা সম্পর্কে মনে করুন, যে আপনাকে সুস্থ করেছে। কষ্ট থেকে যে মনোরম ও উত্তম জিনিস লাভ করা যায় তা আপনার জীবনের শেষ না হওয়া পর্যন্ত মনে রাখুন। এগুলো আপনার শক্তিকে পরীক্ষা করবে এবং নতুন বাধা-বিপত্তি আসলে আপনাকে আশ্বাস দিবে”।

অতীতের অনুভূতি ও উপলব্ধি আপনার স্মৃতিতে জমা হয়।

এসব অতীতের ভোগান্তি, যার কোন মূল্য নেই। এক সময় এসব সতর্কতা(যা অবলম্বন করতে কতই না ভোগান্তি পোহাতে হয়েছিল) গুরুত্বপূর্ণ ছিল, এবং এখন এগুলো নিরর্থক ও তুচ্ছ।

মুজাহিদের নিজস্ব স্মৃতি আছে, আর সে খারাপ থেকে ভালকে আলাদা করতে পারে। অতীতের সুখ-দুঃখের জঞ্জালের মাঝে তিনি মীমাংসা করেন।

মুজাহিদ একবার যা অনুভব করেছেন, তা পুনরায় অনুভব করার চেষ্টা করে না। তিনি বদলাচ্ছেন, এবং তিনি তার নতুন পথে এই অনুভূতিকে সঙ্গী করতে চান না।

চেচেন প্রবাদ আছেঃ “যে অতীতকে গুলিবিদ্ধ করে, ভবিষ্যৎ তার দিকে কামান দাগে”।

একজন মুজাহিদ অতীতকে ভুলে যান না; অতীত থেকে তিনি তার ভবিষ্যতের জন্য শিক্ষাগ্রহণ করেন।

৫৩. দুঃখ

وَعَنْ أَنَسٍ قَالَ كَانَ النَّبِىُّ ﷺ يَقُولُ: اَللّٰهُمَّ إِنِّىْ أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحُزْنِ وَالْعَجْزِ وَالْكَسَلِ وَالْجُبْنِ وَالْبُخْلِ وَضَلَعِ الدَّيْنِ وَغَلَبَةِ الرِّجَالِ. (مُتَّفَقٌ عَلَيْهِ)

২৪৫৮-[২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ *‘‘আল্ল-হুম্মা ইন্নী আ‘ঊযুবিকা মিনাল হাম্মি ওয়াল হুযনি ওয়াল ‘আজযি ওয়াল কাসালি ওয়াল জুবনি ওয়াল বুখলি, ওয়া যলা‘ইদ্ দায়নি ওয়া গলাবাতির্ রিজা-ল’’* (অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে দুশ্চিন্তা, শোক-তাপ, অক্ষমতা-অলসতা, কাপুরুষতা, কৃপণতা, ঋণের বোঝা ও মানুষের জোর-জবরদস্তি হতে আশ্রয় চাই)। (বুখারী ও মুসলিম)[1]

৮০৮। আনাস ইবনে মালেক (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিক পরিমাণে বলতেনঃ “হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই দুশ্চিন্তা ও দুঃখজনক অবস্থা থেকে, অক্ষমতা ও অলসতা থেকে, ভীরুতা ও কৃপণতা থেকে এবং ঋণভার ও লোকের (শত্রুর) আধিপত্য থেকে”। (বুখারী, আবু দাউদ, নাসাঈ, তিরমিযী)

129

মাঝে মাঝে, দুঃখের মুহূর্তে, হৃদয় মুজাহিদকে বলে: "মনে করে দেখুন, আপনি কত লোককে চিরতরে ত্যাগ করে এসেছন – [যার কারনগুলো আমরা কখনও বুঝতে পারব না] - এবং আপনি এখানে অবস্থান করছেন, আর সোজা-সরল পথের উপর যুদ্ধ করছেন। আল্লাহ কেন এমন আশ্চর্যজনক মানুষদের নিজের কাছে ডাকলেন, অথচ তোমাকে ডাকলেন না? এরকম মুহূর্তে কোটি কোটি মানুষ ইতিমধ্যেই আশাহত হয়ে গেছে। তারা অনুভূতিহীন হয়ে পড়েন এবং তারা কাঁদেন না; তারা তাদের সকল কাজ বন্ধ করে দেন, তারা কেবল তাদের সময় আসার জন্য অপেক্ষা করতে

129

ব্যাখ্যা: (الْعَجْزِ) বা অক্ষমতা বলতে ইমাম নাবাবী (রহঃ) কল্যাণকর কাজ করার ক্ষমতা না থাকাকে বুঝিয়েছেন। (الْكَسَلِ) বা অলসতা দ্বারা মূলত কল্যাণকর কাজ করতে উদ্দীপনা অনুভব না করা এবং তা করার সামর্থ্য থাকা সত্ত্বেও তা করতে আগ্রহ না থাকা। (الْجُبْنِ) বা কাপুরুষতা দ্বারা সাহসহীনতা বুঝানো হয়েছে। কারো মতে এর দ্বারা প্রাণভয়ে যুদ্ধে যেতে না চাওয়া কিংবা আবশ্যক অধিকার আদায় থেকে নিজের জীবন ও সম্পদকে বিরত রাখা। (الْبُخْلِ) বা কৃপণতা দ্বারা দানশীলতার বিপরীত স্বভাবকে বুঝানো হয়েছে। শারী‘আতের দৃষ্টিতে কৃপণতা বলতে আবশ্যক দান না করাকে বুঝায়।

ইমাম নাবাবী (রহঃ) বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাপুরুষতা ও কৃপণতা থেকে আশ্রয় চেয়েছেন এজন্য যে, এগুলো ইসলামের ওয়াজিব কাজগুলো আদায় করতে, আল্লাহর হকসমূহ পালন করতে, অন্যায় দূরীকরণে, আল্লাহদ্রোহীদের বিরুদ্ধে কঠোর হতে অক্ষম করে। সাহসিকতার দ্বারা ব্যক্তি ‘ইবাদাতসমূহ সঠিকভাবে পালন করতে পারে, মাযলূমকে সহযোগিতা করতে ও জিহাদে অংশগ্রহণ করতে পারে এবং কৃপণতা থেকে নিরাপদ থাকলে ব্যক্তি আর্থিক হকসমূহ আদায় করতে পারে এবং আল্লাহর পথে খরচ করতে, দানশীল হতে ও চারিত্রিক উৎকর্ষ সাধনে উদ্দীপ্ত হয়। নিজের নয় এমন জিনিসের প্রতি লোভ করা থেকে বিরত হয়।

(ضَلَعِ الدَّيْنِ) বা ঋণের বোঝা দ্বারা ঋণের ভারে জর্জরিত হওয়া এবং এর কাঠিন্যকে বুঝানো হয়েছে। এর দ্বারা মূলত এমন অবস্থাকে বুঝানো হয়েছে যখন কোন ঋণগ্রস্ত ব্যক্তি ঋণ পরিশোধের জন্য কিছুই পায় না; বিশেষ করে মানুষের কাছে সাহায্যের আবেদন করার পরও। এজন্যই পূর্ববর্তী অনেক পণ্ডিত বলেছেন, (ما دخل هم الدين قلبًا إلا أذهب من العقل ما لا يعود إليه) অর্থাৎ- ‘‘ঋণের দুশ্চিন্তা ঋণী ব্যক্তির অন্তরে প্রবেশ করে জ্ঞান-বুদ্ধির এমন কিছু দূর করে দেয় যা তার নিকট আর ফেরত আসে না।’’

থাকেন। তাদের মাঝে চলমান ঘটনার প্রতি প্রতিক্রিয়ার প্রকাশের ক্ষমতা হারিয়ে ফেলেন।তাদের বিপরীতে ,তুমি দুঃখিত হচ্ছ কি।

দুঃখ প্রমাণ করে যে, আপনার হৃদয় অসাড়-অনুভূতিহীন হয়ে যায় নি"।

মুজাহিদ ইবাদাত ও যিকিরের দ্বারা দুঃখকে সরিয়ে দেন।

৬/৩৮১৯। আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সদাসর্বদা ক্ষমা প্রার্থনা করবে, আল্লাহ তাকে প্রতিটি দুশ্চিন্তা থেকে মুক্তির পথ ও প্রতিটি সংকট থেকে উদ্ধারের পথ বের করে দিবেন এবং তাকে তার ধারণাতীত উৎস থেকে রিযিক দান করবেন।

130

130 [1] আমি [আলবানী] বলছিঃ কিন্তু হাদীসটির সনদে মাজহূল [অপরিচিত] বর্ণনাকারী রয়েছেন যেমনটি আমি ''য'ঈফা'' গ্রন্থে [৭০৬) আলোচনা করেছি। তিনি হচ্ছেন বর্ণনাকারী হাকাম ইবনু মুস'য়াব মাজহূল [অপরিচিত) বর্ণনাকারী। তাকে আবূ হাতিম মাজহূল আখ্যা দিয়েছেন। ইবনু হিববানও তাকে দুর্বলদের অন্তর্ভুক্ত উল্লেখ করেছেন। [বিস্তারিত জানতে দেখুন ''সহীহ্ আবী দাঊদ-আলউম্মু'' [২৬৮)]
হাদিসের মানঃ যঈফ (Dai'f)

৫৪. চক্রান্ত

মহান আল্লাহ তা'আলা বলেন,

আবু দাউদ ১৫১৮, যইফাহ ৭০৬, যইফ আবু দাউদ ২৬৮, আত-তালীকুর রাগীব ২/২৬৮, যইফ আল-জামি' ৫৮২৯। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আল-হাকাম বিন মুসআব সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৪৪৫, ৭/১৩৫ নং পৃষ্ঠা)

হাদিসের মানঃ যঈফ (Dai'f)

ব্যাখ্যা: (مَنْ لَزِمَ الِاسْتِغْفَارَ) অর্থাৎ- যে অবাধ্যতা প্রকাশের মুহূর্তে ক্ষমা প্রার্থনা অবলম্বন করবে অথবা সর্বদা ক্ষমা প্রার্থনা করবে তাহলে সে ঐ ব্যক্তির মাঝে গণ্য হবে যে ক্ষমা প্রার্থনার মুখাপেক্ষী। এজন্য নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ঐ ব্যক্তির জন্য সুসংবাদ যে তার 'আমালনামাতে বেশি বেশি ক্ষমা প্রার্থনা পাবে। অচিরেই এটি তৃতীয় অনুচ্ছেদে আসবে।

উল্লেখিত শব্দ আবূ দাঊদ, ইবনু মাজাহ ও ইবনু হিব্বান-এর। ইমাম আহমাদ, নাসায়ী, ইবনুস্ সুন্নী এবং হাকিম একে (من أكثر من الاستغفار) অর্থাৎ- যে বেশি করে ক্ষমা প্রার্থনা করবে।) এ শব্দে বর্ণনা করেছেন। আর এটি দ্বিতীয় অর্থটিকে সমর্থন করছে।

(مَخْرَجًا) অর্থাৎ- এমন এক পথ যা ব্যক্তিকে অধিক হারে ক্ষমা প্রার্থনা করার দরুন সুপ্রশস্ততা ও উপকার লাভের দিকে বের করে আনবে।

(وَرَزَقَهُ) অর্থাৎ- পবিত্র হালাল বস্ত তাকে দান করবেন।

(مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ) অর্থাৎ- এমন এক দিক থেকে যার ধারণা ও আশা সে করত না এবং তার অন্তরে তা জাগত না। জাযারী বলেন, অর্থাৎ- এমনভাবে তাকে রিযক দেয়া হবে যা সে জানতো না এবং তার হিসাবে তা ছিল না।

হাদীসটিতে আল্লাহর এ বাণীর দিকে ইঙ্গিত আছে, অর্থাৎ- ''আর যে ব্যক্তি আল্লাহকে ভয় করবে আল্লাহ তার নিষ্কৃতির পথ বের করবেন এবং তাকে এমন জায়গা থেকে রিযক দান করবেন যার পরিকল্পনাও সে করত না আর যে ব্যক্তি আল্লাহর ওপর ভরসা করবে আল্লাহ তার জন্য যথেষ্ট''- (সূরা আত্ব ত্বলাক ৬৫ : ২-৩)। মুত্তাক্বী এবং অন্যান্যগণ যখন ত্রুটিমুক্ত নন যেমন হাদীসে বর্ণিত হয়েছে, প্রত্যেক আদম সন্তান ভুলকারী আর ভুলকারী বা পাপীদের মাঝে সর্বোত্তম হল তাওবাহকারীগণ তখন এতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিশ্লেষণ তার দিকে ক্ষমা প্রার্থনা অবলম্বনের বিষয়টিকে ইঙ্গিত করেছেন। আরো ঐ দিকে ইঙ্গিত করেছেন যে, অবাধ্য ব্যক্তি যখন ক্ষমা প্রার্থনা করে তখন মুত্তাক্বীতে পরিণত হয়। আর এটি মুত্তাকবী ব্যক্তির আবশ্যকীয় প্রতিদান।

ইমাম ত্বীবী (রহঃ) বলেন, যে ব্যক্তি সর্বদা ক্ষমা প্রার্থনা করবে এবং ক্ষমা প্রার্থনার হক আদায় করবে সে মুত্তাক্বীতে পরিণত হবে। আর এটি মূলত আল্লাহ এ বাণীর দিকে লক্ষ্য করে, অর্থাৎ- ''অতঃপর আমি বললাম তোমরা তোমাদের পালনকর্তার কাছে ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয়ই তিনি অত্যন্ত ক্ষমাশীল। তাহলে তিনি তোমাদের ওপর অজস্র ধারায় বৃষ্টি বর্ষণ করবেন এবং তোমাদেরকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি বাড়িয়ে দিবেন, তোমাদেরকে দান করবেন উদ্যানসমূহ আরো দান করবেন ঝরণাসমূহ''- (সূরা নূহ ৭১ : ১০-১২) । আর এতে ঐ ব্যাপারে প্রমাণ রয়েছে যে, ক্ষমা প্রার্থনার মাধ্যমে সবকিছু অর্জন হয়।

১৯. যারা মোমেনদের মাঝে (মিছে অপবাদ রটনা করে) অশ্লীলতার প্রসার কামনা করে, তাদের জন্যে রয়েছে দুনিয়া ও আখেরাতে মর্মন্তুদ শাস্তি, আল্লাহ তায়ালা (সব কিছু) জানেন, আর তোমরা (কিছুই) জানো না।

[সূরা আন নুর-১৯][131]

২৯। মু'আয ইবনু জাবাল রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত হয়েছে, তিনি বলেছেন: আমি নিবেদন করি: হে আল্লাহর রাসূল! আমাকে এমন কাজ বলুন যা আমাকে জান্নাতে নিয়ে যাবে এবং জাহান্নাম থেকে দূরে সরিয়ে দেবে।

তিনি বললেন: তুমি এক বৃহৎ বিষয়ে প্রশ্ন করেছ। এটা তার জন্য খুবই সহজ আল্লাহ্ যার জন্য সহজ করে দেন। তোমরা আল্লাহর ইবাদাত কর, তাঁর সঙ্গে কাউকে শরীক করো না, নামায প্রতিষ্ঠা কর, যাকাত দাও, রমযানে রোযা রাখ এবং (কা'বা) ঘরে হজ্জ কর।

তারপর তিনি বলেন: আমি কি তোমাদের কল্যাণের দরজা দেখাব না? রোযা হচ্ছে ঢাল, সাদকাহ্ গোনাহকে নিঃশেষ করে দেয় যেমন পানি আগুনকে নিভিয়ে দেয়; আর কোন ব্যক্তির গভীর রাতের নামায।

তারপর তিনি পড়েন: تتجافى جنوبهم عن المضاجع হতে يعلمون পর্যন্ত। যার অর্থ হলো: তারা শয্যা পরিত্যাগ করে তাদের রবকে ভয়ে ও আশায় ডাকে এবং আমরা তাদেরকে যে রিয্ক দিয়েছি তা থেকে ব্যয় করে। তাদের কর্মের জন্য যে চক্ষু শীতলকারী প্রতিফল রক্ষিত আছে তা তাদের কেউই জানে না। [সূরা আস্-সাজদাহ্: ১৬-১৭]

তিনি আবার বলেন: আমি তোমাদের কর্মের মূল এবং তার স্তম্ভ ও তার সর্বোচ্চ চূড়া বলবো কি?

আমি নিবেদন করি: হে আল্লাহর রাসূল! অবশ্যই বলুন।

তিনি বললেন: কর্মের মূল হচ্ছে ইসলাম, তার স্তম্ভ হচ্ছে নামায এবং তার সর্বোচ্চ চূড়া হচ্ছে জিহাদ।

তারপর তিনি বলেন: আমি কি তোমাকে এসব কিছু আয়ত্তে রাখার জিনিস বলবো না?

আমি নিবেদন করি: হে আল্লাহর রাসূল! অবশ্যই বলুন।

তিনি নিজের জিভ ধরে বললেন: এটাকে সংযত কর।

আমি জিজ্ঞেস করি: হে আল্লাহর নবী! আমরা যা বলি তার হিসাব হবে কি?

---

131 অনুমান করা যেতে পারে যে, কেবলমাত্র অশ্লীলতার একটি মিথ্যা খবর প্রচার করা আল্লাহর নিকট এত বড় অপরাধ, তাহলে যারা দিবারাত্রি মুসলিম সমাজে সংবাদপত্র, রেডিও, টি-ভি, ভিডিও, সিডি, ইন্টারনেট প্রভৃতির মাধ্যমে যে অশ্লীলতা ছড়াচ্ছে ও ঘরে ঘরে পৌঁছে দিচ্ছে, তারা আল্লাহর নিকট কত বড় অপরাধী বলে গণ্য হবে এবং এই সমস্ত কর্মক্ষেত্রের কর্মচারিগণ কিভাবে অশ্লীলতা প্রসারের অপরাধ হতে অব্যাহতি পাবে? এমনি ভাবে যারা নিজেদের বাড়িতে টি-ভি রেখে নিজের পরিবার ও ভবিষ্যৎ বংশধরদের মধ্যে অশ্লীলতা ছড়াচ্ছে, তারাই-বা অশ্লীলতা প্রসারের অপরাধী কেন হবে না? ঠিক অনুরূপভাবে অশ্লীলতা ও ইসলাম-বিরোধী কথায় পরিপূর্ণ দৈনিক সংবাদপত্র (বা মাসিক পত্র-পত্রিকা) বাড়ির ভিতর প্রবেশ করাও অশ্লীলতা প্রসারের একটি কারণ। এটিও আল্লাহর নিকট অপরাধ বলে গণ্য হতে পারে। হায়! যদি মুসলিমরা নিজেদের কর্তব্য অনুভব করত এবং অশ্লীলতার বন্যাকে বাধা দেওয়ার সাধ্যমত চেষ্টা করত!

তিনি বললেন: তোমার মা তোমাকে হারিয়ে ফেলুক, হে মু'আয! জিভের উৎপন্ন ফসল ব্যতীত আর কিছু এমন আছে কি যা মানুষকে মুখ থুবড়ে জাহান্নামের আগুনে নিক্ষেপ করে?

132

শত্রু জ্ঞানের গুণে গুণান্বিত।

যখন-ই সে সুযোগ পায়, শত্রু তার সবচেয়ে নির্ভরযোগ্য ও দক্ষ অস্ত্র 'ষড়যন্ত্র' ব্যবহার করে। আর যখন সে চক্রান্ত করে, তাকে কিছুই করতে হয় না, অন্য সবাই তার হয়ে কাজ করে। মুখ ফসকে বলা একটি কথা অনেক মাসের আরাধনাকে এবং ঐকতানের জন্য ব্যয় করা অনেকগুলো বছরকে ধূলিসাৎ করে দেয়।

মুজাহিদ প্রায়ই ফাদে পড়ে। তিনি জানেন না কোন দিক থেকে কোন আক্রমণ আসবে এবং তিনি জানেন না যে কিভাবে একটি মিথ্যাকে খণ্ডন করতে হবে। প্রতারণা আত্মরক্ষার সুযোগ দেয় না, আদালতের শুনানি ছাড়া-ই ষড়যন্ত্র দন্ডাদেশ জারি করে।

---

132 [1] তিরমিযী ২৬১৬, মা ৩৯৭৩, আহমাদ ২১৫১১, ২১৫৪২, ২১৫৬৩, ২১৬১৭
হাদিসের মানঃ হাসান (Hasan)

ব্যাখ্যা: সওম, সদাক্বাহ্ (সাদাকা) এবং রাতের সলাতকে কল্যাণের দরজা বলা হয়েছে। এজন্য যে, সওম নাফসের জন্য কষ্টদায়ক। অনুরূপভাবে মাল থেকে সদাকাহ্ বের করা এবং রাতে সলাত (সালাত/নামায/নামাজ) আদায় করা- এসব কাজ নাফসের জন্য কষ্টদায়ক। অতএব যে ব্যক্তি এ কষ্টদায়ক কাজের অভ্যাস গড়ে তুলবে তার জন্য সকল কল্যাণের কাজই সহজসাধ্য হয়ে যায়।

(رَأْسُ الْأَمْرِ الْإِسْلَامُ) এখানে 'ইসলাম' দ্বারা উদ্দেশ্য কালিমাহ্ শাহাদাত। যেমনটি ইমাম আহমাদ মু'আয (রাঃ) থেকে বর্ণনা করেছেন ''এ বিষয়ের মূল হলো এ সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন ইলাহ নেই, তিনি একক, তার কোন শরীক নেই। আর মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁরই বান্দা ও রসূল।'' 'ইসলাম' দ্বারা উদ্দেশ্য কালিমাহ্ শাহাদাত, আর الْأَمْرِ দ্বারা উদ্দেশ্য দীনী বিষয়। অর্থাৎ- কোন ব্যক্তি যতক্ষণ পর্যন্ত কালিমাহ্ শাহাদাতকে স্বীকার না করবে ততক্ষণ পর্যন্ত তার দীনের কোন ভিত্তি পাওয়া যাবে না। যখন সে এর সাক্ষ্য দিবে তখন তার মধ্যে দীনের মূল ভিত্তি পাওয়া যাবে। তবে এর দ্বারা দীনের খুঁটি বা স্তম্ভ পাওয়া যাবে না। অতঃপর যখন সলাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে এবং তা অব্যাহত রাখবে তখন তার দীন মজবুত হবে। কিন্তু তার পূর্ণতা ও মর্যাদা অর্জিত হবে না। এরপর যখন জিহাদ করবে তখন তার দীনের মর্যাদা প্রতিষ্ঠিত হবে।

''তাদের জিহবা দ্বারা অর্জিত ফসল''। মানুষ যে সকল কথাবার্তা বলে তাকে ফসলের সাথে তুলনা করা হয়েছে যা কাঁচি দ্বারা কাটা হয়। কাঁচি যেমন কোন পার্থক্য না করে কাঁচা-পাকা, ভালো-মন্দ সব কর্তন করে তেমনই কোন কোন মানুষের জিহবা ভালো-মন্দ পার্থক্য না করেই সকল ধরনের কথা বলে। অতএব হাদীসের অর্থ হলো মানুষকে তার জিহবা দ্বারা অর্জিত ফসলই তাকে জাহান্নামে নিক্ষেপ করবে। হতে পারে তা কুফরী, শির্ক, আল্লাহ সম্পর্কে না জেনে কোন কথা বলা, মিথ্যা সাক্ষ্য দেয়া, যাদু করা, অপবাদ দেয়া, গালি দেয়া, মিথ্যা বলা, গীবত করা, চোগলখোরী করা ইত্যাদি এ সবই জিহ্বার ফসল।

মহান আল্লাহ বলেন, বেঁচে থেকো (সব ধরনের) মিথ্যা কথা থেকে,[সূরা হাজ্জ ৩০][133]

এবং তারপর মুজাহিদ তার পরিণতির দিকে ঝুঁকে পড়েন এবং অসংগতভাবে শাস্তি গ্রহণ করে: কারণ কথা খুব শক্তিশালী এবং তিনি তা জানেন। কিন্তু তিনি চুপ করে কষ্ট ভোগ করতে থাকেন এবং তিনি শত্রুকে একই অস্ত্র দিয়ে কখনও আক্রমণ করবেন না।

পরিচ্ছেদ - ২৩৯ : ফিত্‌না-ফাসাদের সময় উপাসনা করার ফযীলত

١٣٧٤/١. عَنْ مَعْقِلِ بنِ يَسَارٍ ﷺ قَالَ: قَالَ رَسُولُ اللهِ ﷺ: «العِبَادَةُ فِي الهَرْجِ كَهِجْرَةٍ إِلَيَّ». رواه مسلم

১/১৩৭৪। মালেক ইবনে য়্যাসার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন, "ফিতনা-ফাসাদের সময় ইবাদত-বন্দেগী করা, আমার দিকে 'হিজরত' করার সমতুল্য।"*(মুসলিম)* [৩৭৫]

** (ঈমান ও দ্বীন বাঁচানোর জন্য স্বদেশত্যাগ করাকে 'হিজরত' করা বলে।)*

এবং মুজাহিদ নিজেকে সর্বশক্তিমান আল্লাহ, বিশ্ব পালনকর্তার পালনকর্তার ইবাদাতে উৎসর্গ করে।

133

([১৬২]) মিথ্যা সাক্ষীও মিথ্যা কথনের পর্যায়ভুক্ত। যাকে হাদীসে শির্ক ও মাতা-পিতার অবাধ্যতার পর তৃতীয় পর্যায়ের বড় পাপ হিসাবে গণ্য করা হয়েছে। আর সব থেকে বড় মিথ্যা কথা, আল্লাহ যেসব জিনিস হতে পবিত্র সেগুলোকে তাঁর সাথে সম্পৃক্ত করা। যেমন আল্লাহর সন্তান আছে, অমুক বুযুর্গ আল্লাহর এখতিয়ারে শরীক আছে বলা, 'আল্লাহ অমুক কাজ কিভাবে করতে সক্ষম' বলা; যেমন মক্কার কাফেররা পুনর্জীবনকে অবাস্তব মনে করত। অথবা নিজে নিজে আল্লাহর হারামকৃত জিনিসকে হালাল বা হালালকৃত জিনিসকে হারাম ক'রে নেওয়া; যেমন মুশরিকরা কিছু পশুকে নিজের জন্য হারাম ক'রে নিয়েছিল। এ সকলই মিথ্যা কথা। এ সব থেকে দূরে থাকা অত্যন্ত জরুরী।

অনুরূপভাবে পারস্পরিক লেন-দেন ও সাক্ষ্য প্রদানে মিথ্যাও এ আয়াতের অন্তর্ভুক্ত। এ সংগে মিথ্যা কসমও একই বিধানের আওতায় আসে। ইমামদের মতে, যে ব্যক্তি আদালতে মিথ্যা সাক্ষ্যদাতা প্রমাণিত হয়ে যাবে তার নাম চারদিকে প্রচার করে দিতে হবে। [কুরতুবী] উমর রাদিয়াল্লাহু 'আনহু বলেন, "তার পিঠে চাবুক মারতে হবে, মাথা ন্যাড়া করে দিতে হবে, মুখ কালো করে দিতে হবে এবং দীর্ঘদিন অন্তরীণ রাখার শাস্তি দিতে হবে।" উমর রাদিয়াল্লাহু 'আনহুর আদালতে এক ব্যক্তির সাক্ষ্য মিথ্যা প্রমাণিত হয়। তিনি তাকে একদিন প্রকাশ্যে জনসমাগমের স্থানে দাঁড় করিয়ে রাখেন এবং ঘোষণা করে দেন যে, এ ব্যক্তি হচ্ছে ওমুকের ছেলে ওমুক, এ মিথ্যা সাক্ষ্য দিয়েছে, একে চিনে রাখো। তারপর তাকে কারাগারে আটক করেন। [বাইহাকী: মা'রিফাতুস সুনানি ওয়াল আসার: ১৪/২৪৩] বর্তমান কালে এ ধরনের লোকের নাম খবরের কাগজে ছেপে দিলেই ব্যাপক প্রচারের উদ্দেশ্য হাসিল হতে পারে।

৫৫. বোকামি

মহান আল্লাহ তা'আলা বলেন,

৩৮. হে মানুষ, তোমরা যারা (আল্লাহ তায়ালার ওপর) ঈমান এনেছো, এ কি হলো তোমাদের! যখন তোমাদের আল্লাহ তায়ালার পথে (কোনো অভিযানে) বের হতে বলা হয়, তখন তোমরা যমীন আঁকড়ে ধরো; তোমরা কি আখেরাতের (সমৃদ্ধির) তুলনায় (এ) দুনিয়ার জীবনকেই বেশী ভালোবাসো, (অথচ) পরকালে (হিসেবের মানদন্ডে) দুনিয়ার জীবনের এ ভোগের উপকরণ নিতান্তই কম।

৩৯. তোমরা যদি (কোনো অভিযানে) বের না হও, তাহলে (এ অবাধ্যতার জন্যে) তিনি তোমাদের কঠিন শাস্তি দেবেন এবং তোমাদের অন্য এক জাতি দ্বারা বদল করে দেবেন, তোমরা কিন্তু তাঁর কোনোই অনিষ্টি সাধন করতে পারবে না, (কারণ) তিনি সব কিছুর ওপর ক্ষমতাবান।

[সূরা তাওবা-৩৮-৩৯][134]

আরবের একটা প্রবাদ আছেঃ "বোকাকে হাজারটা বুদ্ধি দিলেও, তার আপনাকে প্রয়োজন হবে"।

মুজাহিদ ইতিমধ্যে জিহাদে অংশ নিয়ে নিজেকে বুদ্ধিমান প্রমাণ করেছে।

যখন মুজাহিদ তার বাগানে কাজ শুরু করে, সে লক্ষ্য করে যে তার প্রতিবেশী তার উপর নজর রাখছে, এবং কিভাবে একটি কাজ রোপন করতে হয়, কীভাবে চিন্তা করতে হয় এবং কীভাবে বিজয়কে সেচ করতে হয় সে ব্যাপারে উপদেশ দেওয়ার জন্য উদ্বিগ্ন হয়ে উঠছে।

134

সারকথা হল, আখেরাতের স্থায়ী জীবনের চিন্তা- ভাবনাই মানুষের করা উচিত। বস্তুতঃ আখেরাতের চিন্তাই সকল রোগের একমাত্র প্রতিকার এবং অপরাধ দমনের সার্থক উপায়।

এ আয়াতে অলস ও নিষ্ক্রিয় লোকদের ব্যাধি ও তার প্রতিকার উল্লেখ করে সর্বশেষ ফয়সালা জানিয়ে দেয়া হয় যে, তোমরা জিহাদে বের না হলে আল্লাহ্ তোমাদের মর্মন্তুদ শাস্তি দিবেন এবং তোমাদের স্থলে অন্য জাতির উত্থান ঘটাবেন। আর দ্বীনের আমল থেকে বিরত হয়ে তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের বিন্দুমাত্র ক্ষতি করতে পারবে না। কেননা আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান। কাতাদা বলেন, এ আয়াতে আল্লাহ্ তা'আলা মুমিনদেরকে শামের দিকে তাবুকের যুদ্ধে অংশগ্রহণের জন্য বের হতে নির্দেশ দিয়েছিলেন। তিনি জানেন এ যুদ্ধে কত কষ্ট রয়েছে। তারপরও তিনি এ যুদ্ধে বের না হওয়ার ব্যাপারে সাবধান করেছেন। [তাবারী]

কোনো মুজাহিদ যদি এই উপদেশগুলি শুনে থাকেন, তবে তিনি শেষ পর্যন্ত অন্য কারো কর্মচারী হয়ে তার মালিকের কাজ শেষ করলেন, এবং যে বাগানটিতে বর্তমানে তিনি কাজ করছেন সেটা তার প্রতিবেশীর মূর্তপ্রকাশ করবে।

মুজাহিদ জানে: একজন বোকা, যিনি অন্য কারো বাগানের দ্বারা আচ্ছন্ন, তার নিজের বাগানের দিকে নজর দিতে পারে না।

মুজাহিদ নিজের বাগানে নিজের কাজ করতে পছন্দ করেন।

৫৬. বিশ্বাসঘাতকতা

মহান আল্লাহ তা'আলা বলেন,

১. হে ঈমানদার ব্যক্তিরা, তোমরা (কখনো) আমার ও তোমাদের দুশমনদের নিজেদের বন্ধু হিসেবে গ্রহণ করো না। (এটা কেমন কথা যে) তোমরা তাদের প্রতি বন্ধুত্ব দেখাচ্ছো, (অথচ) তোমাদের কাছে যে সত্য (দ্বীন) এসেছে তারা তা অস্বীকার করছে, তারা আল্লাহর রসূল এবং তোমাদের (তোমাদের জন্মভূমি থেকে) বের করে দিচ্ছে শুধু এ কারণে, তোমরা তোমাদের মালিক আল্লাহর ওপর ঈমান এনেছো; যদি তোমরা (সত্যিই) আমার পথে জেহাদ ও আমার সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে (ঘরবাড়ি থেকে) বেরিয়ে থাকো, তাহলে কিভাবে তোমরা চুপে চুপে তাদের সাথে (আবার) বন্ধুত্ব পাতাতে পারো! তোমরা যে কাজ গোপনে করো আর যে কাজ প্রকাশ্যে করো আমি তা সম্যক অবগত আছি; তোমাদের মধ্যে যদি কেউ (দুশমনদের সাথে গোপনে বন্ধুত্ব গড়ার) এ কাজটি করে, তাহলে (বুঝতে হবে) সে (দ্বীনের) সরল পথ থেকে বিচ্যুত হয়ে গেছে।

[সূরা মুমতাহিনাহ-০১][135]

চোখ খোলা রেখে যুদ্ধে অংশ নেয়া উচিত। নিজের নিকটে বিশ্বস্ত লোকদের রাখতে হবে।

135

তাদের সাথে পারিবারিক সম্পর্ক থাকতে পারবে না। অনুরূপভাবে তাদের প্রতি অনুরাগী হওয়া যাবে না। কোন কাফেরকে মুসলিমদের উপর কর্তৃত্ব দেয়া যাবে না। [সা'দী]

(৭৫) আউলিয়া ওলীর বহুবচন। আর ওলী এমন বন্ধুকে বলা হয়, যার সাথে থাকে আন্তরিক ভালবাসা এবং বিশেষ সম্পর্ক। যেমন, মহান আল্লাহ নিজেকে ঈমানদারদের ওলী বলে ঘোষণা দিয়েছেন। [اَللّٰهُ وَلِيُّ الَّذِيْنَ آمَنُوا]"আল্লাহ হলেন ঈমানদারদের ওলী।" আলোচ্য আয়াতের অর্থ হল, ঈমানদারদের পারস্পরিক ভালবাসা এবং বিশেষ সম্পর্ক থাকে। তারা আপোসে একে অপরের অন্তরঙ্গ বন্ধু। এখানে মহান আল্লাহ মু'মিনদেরকে কাফেরদের সাথে অন্তরঙ্গ বন্ধুত্ব করতে কঠোরভাবে নিষেধ করেছেন। কারণ, কাফেররা আল্লাহর শত্রু এবং মু'মিনদেরও। সুতরাং তাদের সাথে বন্ধুত্ব স্থাপন করা কিভাবে বৈধ হতে পারে? আর এই কারণেই আল্লাহ তাআলা এই বিষয়টাকে কুরআনের আরো কয়েক স্থানে অতীব গুরুত্বের সাথে পেশ করেছেন। যাতে মু'মিনরা কাফেরদের সাথে বন্ধুত্ব এবং বিশেষ সম্পর্ক কায়েম করা থেকে বিরত থাকে। অবশ্য (পার্থিব) প্রয়োজন ও সুবিধার দাবীতে তাদের সাথে সন্ধি ও চুক্তি হতে পারে এবং ব্যবসা-বাণিজ্যের লেনদেনও। অনুরূপ যে কাফের মুসলিমদের সাথে শত্রুতা রাখে না, তার সাথে উত্তম ও সৌজন্যমূলক ব্যবহার করা বৈধ। (এর বিস্তারিত আলোচনা সূরা মুমতাহিনায় আছে।) কারণ, এ সব কার্যকলাপ (বন্ধুত্ব ও ভালবাসা থেকে) ভিন্ন জিনিস।

মাঝে মাঝে এমন ঘটে যে একজন সহযোদ্ধা যিনি মুজাহিদের সাথে কাঁধে কাঁধে লড়াই করে হঠাৎ তার প্রতিপক্ষ হয়ে ওঠেন।[136]

এটা অন্যান্য সমস্ত অনুভূতি উপরে ঘৃণাকে প্রাধান্য দান করে; কিন্তু মুজাহিদ জানেন যে ঘৃণা দ্বারা অন্ধ হয়ে যাওয়া একজন যোদ্ধা পরাজয়ের দন্ডে দন্ডিত হয় এবং যুদ্ধে অদৃশ্য হয়ে যায়।

তারপর তিনি স্মরণ করার চেষ্টা করেন, তার আজকের প্রতিপক্ষ অতীতে বন্ধু হিসাবে কি কি ভাল কাজ করেছিল। তিনি বুঝার চেষ্টা করেন যে, সে কেন এভাবে বদলে গেল এবং কোন আধ্যাত্মিক ক্ষত পুঞ্জিভূত হয়ে পরস্পরকে শক্তিশালী করেছে যা একাজে ভূমিকা রেখেছে। তিনি বুঝতে চেষ্টা

136 ৬. বিশ্বস্ত হতে হবে: এই গুণ না থাকলে কাল সে টাকার লোভে পড়ে শত্রুর হয়ে কাজ করতে পারে। ঠিক এই সমস্যার কারণে পাকিস্তানে শেইখ খালিদ নামে এক প্রবীণতর ভাই গ্রেফতার হয়েছিলেন। তিনি এক পাকিস্তানি আনসারের সাথে কাজ করতেন যে রাশিয়ানদের বিরুদ্ধে লড়েছিলো এবং তাতে একটা পা হারিয়েছিলো। তারা যখন একসঙ্গে ছিলো, সেই আনসারি খেয়াল করলো যে শেইখের কাছে বড় অংকের টাকা আছে। দীর্ঘসময় সে জিহাদে যুক্ত থাকা সত্বেও শয়তান তাকে টাকাটি হাতিয়ে নিতে প্রলুব্ধ করলো। সে চেয়েছিলো শেইখকে গ্রেফতার করার দায়িত্বে থাকা অফিসারের সাথে টাকা ভাগ করে নেবে। এলাকার উর্ধ্বতন অফিসারের কাছে গিয়ে সে তার পরিকল্পনার কথা বলল, যে সে যদি টাকা ৫০:৫০ ভাগ করতে রাজি থাকে তাহলে সে ভাইটির ঠিকানা অফিসারকে দেবে তাকে গ্রেফতার করার জন্য। অফিসারটি এসব শুনে সেই আনসারির ওপর রেগে গেলো এবং তাকে বলল আল্লাহকে ভয় করতে আর আমেরিকানদের সাহায্য না করতে। সে তাকে বকতে থাকলো আর তাকে বাড়ি ফিরে যেতে এবং এরকম চিন্তাভাবনা ভুলে যেতে উপদেশ দিলো। দিন দশেক পর সেই আনসার আবার টাকাটার কথা চিন্তা করতে শুরু করল। এবার সে আগের অফিসারের চেয়ে উর্ধ্বতন এক অফিসারের কাছে গেলো। এই অফিসারটি রেইডে নেতৃত্ব দিয়ে ভাইটিকে আটক করলো আর টাকা বাজেয়াপ্ত করে নিলো। শেইখকে আমেরিকার হাতে তুলে দেয়া হলো। কিছুদিন পর আনসারিটি সেই অফিসারের কাছে গিয়ে টাকার কথা জিজ্ঞাসা করলে তাকে অবাক করে দিয়ে অফিসার তাকে জঙ্গিদের সাহায্য সহযোগিতা করার দোষ দিতে থাকল। অবশেষে সে আনসারিটিকে আটক করে আমেরিকার হাতে তুলে দেয় আর তারা তাকে পরে কিউবায় পাঠায়। তার লোকসান দেখুন, সে না পেলো দুনিয়া, না পেলো আখিরাত। যেকোন মুজাহিদের জন্য এটি একটি মূল্যবান শিক্ষা – এখন জিহাদ করছেন বলে শয়তান আপনাকে ছেড়ে দেবে এটা কখনও ভাববেন না। বরং সে আরও বেশী পরিশ্রম করবে এবং এমনভাবে প্রলুব্ধ করবে যা সে আগে কখনও করেনি।

করেন যে তাদের প্রত্যেকে আগে হোক বা পরে, কেন বিশ্বাসঘাতকে পরিণত হয়েছে। তাদের মধ্যে কেউ কেউ মুজাহিদের সাথে ভ্রমণ করত, আর যুদ্ধ ও যুদ্ধের আশ-পাশ থেকে পালিয়ে বেড়াত। তাদের কেউ কেউ ছিল বন্ধু, তারা সাহসী, শক্তিশালী এবং দেশপ্রেমিক ছিল, কিন্তু তাদের সবার ঈমান কম ছিল; শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করার সময় তারা কেবল তাদের নিজের শক্তিতে নির্ভর করেছিল। কিন্তু মানুষের ক্ষমতা সীমাহীন নয়।

মুজাহিদ জানেঃ ঈমান নিয়মিত শক্তিশালী করতে মনোযোগ না দিলে তা দুর্বল হয়ে যায়।

মহান আল্লাহ তা’আলা বলেন,

২৭. হে ঈমানদারগণ! জেনে-বুঝে আল্লাহ্‌ ও তাঁর রাসূলের খেয়ানত করো না[১] এবং তোমাদের পরস্পরের আমানতেরও[২] খেয়ানত করো না[৩]; [সূরা আনফাল-২৭][137]

137

আল্লাহ্‌র আমানত বলতে অধিকাংশের মতে যাবতীয় ফরয কাজ বুঝানো হয়েছে। আর রাসূলের আমানত বলতে তার সুন্নাত ও নির্দেশ বুঝানো হয়েছে। সে হিসাবে খেয়ানত হলো সেগুলো না মানা। [ফাতহুল কাদীর]

নিজেদের আমানত বলতে সে সব দায়িত্ব বুঝানো হয়েছে, যা কারো প্রতি আস্থা স্থাপন করে তার উপর ন্যস্ত করা হয়। তা ওয়াদা পূরনের দায়িত্ব হতে পারে, সামগ্রিক সামাজিক চুক্তি হতে পারে, কোন সংস্থার আভ্যন্তরীণ গোপন তথ্য হতে পারে, ব্যক্তিগত বা সমষ্টিগত ধন-সম্পদ হতে পারে। কারো প্রতি বিশ্বাস করে জন-সমাজ যদি তাকে কোন দায়িত্বপূর্ণ পদে নিযুক্ত করে তবে তাও এর মধ্যে শামিল মনে করতে হবে। বিস্তারিত জানার জন্য সূরা আন- নিসার ৫৮ নং আয়াতের ব্যাখ্যা দেখুন।

আয়াতের দু’টি অর্থ হতে পারে, প্রথম অর্থ যা উপরে করা হয়েছে। অর্থাৎ তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের সাথে খেয়ানত করো না এবং তোমাদের আমানতসমূহেরও

সবার ভুল হয়, একইভাবে কেউ হতাশাজনকভাবে বোকা নয়। মুজাহিদ যখন তার নতুন প্রতিপক্ষকে আবিষ্কার করেন তখন এটাই অনুধাবন করেন।

৫৭. লক্ষ্য

মুজাহিদ জানেন, পরিণাম গৃহীত পদ্ধতিকে ন্যায়সঙ্গত প্রমাণ করে না।

জীবন তাকে অজানা থেকে অনাবিষ্কৃতের দিকে নিয়ে যায়। অস্তিত্বের প্রত্যেকটি মুহূর্তে এই জ্বলন্ত রহস্যের মধ্যে আচ্ছাদিত হয়ে পড়েছে: মুজাহিদ জানে না তিনি কোথা থেকে এসেছেন এবং তিনি কোথায় যাচ্ছেন তাও তিনি জানেন না। কিন্তু এখানে এসে পড়ার [মুজাহিদে পরিণত হয়ে যাওয়ার -অনুবাদক] একটি কারন তো অবশ্যই আছে, এবং তার আত্মা আনন্দ করে এবং হঠাৎ করে নতুন গভীর আবেগে বিমোহিত হয়ে পড়ে।

ইচ্ছা হল এমন চিন্তা যা আমাদের কাজে নিযুক্ত করে।

মুজাহিদ যদি লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে তাঁর সমস্ত চিন্তা-ভাবনাকে ব্যবহার করে, তবে তিনি তার পথে অন্য সবকিছুকে উপেক্ষা করে ফেলবেন। যদি তিনি একটি মাত্র প্রশ্নের পিছনে তার সমস্ত মনোযোগ কেন্দ্রীভূত করেন, তবে তিনি উত্তরগুলি খুঁজে পাবেন না, যদিও জবাব খুব সোজা হয়।

মহান আল্লাহ তা'আলা বলেন,

খেয়ানত করো না। [তাবারী; ইবন কাসীর] দ্বিতীয় অর্থ, তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের সাথে খেয়ানত করো না কারণ এতে করে তোমরা তোমাদের উপর অর্পিত আমানতেরই খেয়ানত করে বসবে। [তাবারী; বাগভী]

~~বেশি তাকীদ করেছেন।~~ হাদীসে এসেছে যে, নবী ﷺ প্রায় খুতবায় এ কথাটি অবশ্যই বলতেন, "যে আমানত রক্ষা করে না তার ঈমান নেই, যে চুক্তি রক্ষা করে না, তার দ্বীন নেই।" (আহমাদ)

৬৯. (অপরদিকে) যারা আমারই পথে জেহাদ করে, আমি অবশ্যই তাদের আমার পথে পরিচালিত করি, নিঃসন্দেহে আল্লাহ তায়ালা নেককার বান্দাদের সাথে রয়েছেন।

[সূরা আনকাবূত-৬৯][138]

এবং এ কারণে মুজাহিদ নিজেকে আল্লাহর কাছে সমর্পণ করেন।

৫৮. রাগ

মহান আল্লাহ তা'আলা বলেন,

138

جهاد ও مجاهدة এর আসল অর্থ দ্বীনের পথে বাধা বিপত্তি দূর করার জন্যে পূর্ণ শক্তি ব্যয় করা। এখানে এ নিশ্চয়তা দান করা হচ্ছে যে, যারা আল্লাহর পথে আন্তরিকতা সহকারে পূর্ণ শক্তি ব্যয় করবে তাদেরকে মহান আল্লাহ তাদের অবস্থার ওপর ছেড়ে দেন না। বরং তিনি তাদেরকে পথ দেখান এবং তাঁর দিকে যাওয়ার পথ তাদের জন্য খুলে দেন। তারা তাঁর সন্তুষ্টি কিভাবে লাভ করতে পারে তা তিনি প্রতি পদে পদে তাদেরকে জানিয়ে দেন। এই আয়াতের তফসীরে ফুদাইল ইবন আয়াদ বলেন, যারা বিদ্যার্জনে ব্রতী হয়, আমি তাদের জন্য আমলও সহজ করে দেই। [বাগভী]

আগেই উল্লেখ করা হয়েছে যে, মহান আল্লাহ্‌র পক্ষ থেকে বান্দার সঙ্গে থাকা দু ধরনের। এক. মুমিন, কাফির নির্বিশেষে সবার সঙ্গে থাকার অর্থ হচ্ছে তাদের সম্পর্কে পরিপূর্ণ জানা, তাদেরকে পর্যবেক্ষনে রাখা ও নিয়ন্ত্রণ করা। দুই. মুমিন, মুহসিন, মুত্তাকীদের সাথে থাকা। তাদের সঙ্গে থাকার অর্থ হচ্ছে, তাদেরকে সাহায্য-সহযোগিতা করা, তাদের হেফাযত করা। তাছাড়া তাদের সম্পর্কে জানা, দেখা, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ তো আছেই। তবে এটা অবশ্যই ঈমান রাখতে হবে যে, মহান আল্লাহ্ তাঁর আরশের উপরেই আছেন

১৩৪. সচ্ছল হোক কিংবা অসচ্ছল সর্বাবস্থায় যারা (আল্লাহ্‌র পথে) নিজেদের ধন-সম্পদ ব্যয় করে, যারা নিজেদের ক্রোধ সংবরণ করে এবং মানুষের অপরাধসমূহ যারা ক্ষমা করে দেয়; (আসলে) ভালো মানুষদের আল্লাহ্‌ তায়ালা (হামেশাই) ভালোবাসেন।

[সূরা আল ইমরান-১৩৪][139]

রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'ঘায়েল বা পরাভূত করতে পারাটাই বীর হওয়ার লক্ষণ নয়, বীর হল ঐ ব্যক্তি যে নিজেকে ক্রোধের সময় সম্বরণ করতে পেরেছে'। [বুখারীঃ ৬১১৪, মুসলিমঃ ২৬০৯] ~~অনুরূপভাবে এক~~

মুজাহিদ জানে যে "ক্যাসকেড ফলাফল"[140] আছে। [অর্থাৎ, মুজাহিদ জানে যে, কোন কাজের বহুমুখী ও সুদূরপ্রসারী ফলাফল আছে।]

---

139 সাহাবী রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বললেনঃ আমাকে এমন একটি কথা বলুন যা আমার কাজে আসবে, আর তা সংক্ষেপে বলুন যাতে আমি তা আয়ত্ব করতে পারি। তখন রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ রাগ করো না । সাহাবী বার বার একই প্রশ্ন করলেন আর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামও একই উত্তর দিলেন। [বুখারী: ৬১১৬; মুসনাদের আহমাদঃ ৫/৩৪] অন্য হাদীসে রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'আল্লাহ্‌ তা'আলা কোন বান্দাকে ক্ষমার বিনিময়ে কেবল সম্মানই বৃদ্ধি করে দেন। আর যে ব্যক্তি আল্লাহর জন্য বিনয়ী হয় আল্লাহ্‌ তাকে উচ্চ মর্যাদায় আসীন করেন'। [তিরমিযীঃ ২৩২৫, মুসনাদে আহমাদঃ ৪/৪৩১] অন্য হাদীসে রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি কোন ক্রোধকে বাস্তবায়ন করতে সক্ষম হওয়া সত্ত্বেও দমন করবে, কিয়ামতের দিন আল্লাহ্‌ তাকে সমস্ত সৃষ্টিকুলের সামনে ডেকে যে কোন হূর পছন্দ করে নেয়ার অধিকার দিবেন"। [ইবন মাজাহ: ৪১৮৬] অন্য হাদীসে এসেছে, রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আল্লাহর কাছে একমাত্র আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে ক্রোধ সম্বরণ করার চেয়ে বড় কোন সম্বরণ বেশী সওয়াবের নেই।" [ইবন মাজাহ: ৪১৮৯]

140 কোন ঘটন জগতে একটি কাজের ফলস্বরূপ অনিবার্য এবং কখনও কখনও অপ্রত্যাশিত ঘটনার শিকলের আবির্ভাব।

মুজাহিদ লক্ষ্য করেন যে, যদি কোন ব্যক্তি অপর একজনকে প্রতিহত করতে না পারে বা তাকে প্রতিহত করার সাহস না রাখে, তবে সে উপযুক্ত আচরণ করার ক্ষমতা হারিয়ে ফেলে। নিজের ভীরুতা প্রকাশে লজ্জিত হয়ে সে দুর্বলের উপর রাগ দেখায়, আর এই দুর্বল তখন আরেক বিনীত ব্যক্তির উপর চড়াও হয়, আর তখন বিপর্যয় এক প্রবেশদ্বার থেকে অন্য প্রবেশদ্বারে স্রোতের ন্যায় ছড়িয়ে যায়।

কেউ তার নিজের নিষ্ঠুরতার পরিণতিগুলি অনুধাবন করার সত্তাগত গুণ বহন করে না।

এবং এই কারণেই মুজাহিদ তার অস্ত্র ব্যবহার শুরু করার সময় এত সতর্ক থাকে। এবং যদি ক্রোধ তাকে আচ্ছন্ন করে, তিনি একটি পাথরের উপর তার মুষ্টিবদ্ধ করে আঘাত করেন এবং তার হাতকে আহত করে।

তার হাত খুব শীঘ্রই সুস্থ হয়ে যাবে, যখন একটি শিশুর ক্ষত সারাজীবন থাকবে, কারন সে তার বাবার একটি পরাজয় স্মরণ রাখবে।

৫৯. সমতা

মহান আল্লাহ তা'আলা বলেন,

৯৫. মোমেনদের মাঝে যারা কোনো রকম (শারীরিক পংগুত্ব ও) অক্ষমতা না থাকা সত্ত্বেও বসে থেকেছে, আর যারা নিজেদের জান ও মাল দিয়ে আল্লাহ তায়ালার পথে জেহাদে অবতীর্ণ হয়েছে- এরা উভয়ে কখনো সমান নয়; (ঘরে) বসে থাকা লোকদের তুলনায় (ময়দানের) মোজোহেদদের- যারা নিজেদের জান মাল দিয়ে (আল্লাহ তায়ালার পথে) জেহাদ করেছে, আল্লাহ তায়ালা তাদের উঁচু মর্যাদা দান করেছেন, (জেহাদ তখনো ফরয ঘোষিত না হওয়ায়) এদের সবার জন্যে আল্লাহ তায়ালা উত্তম পুরস্কারের ওয়াদা করেছেন; (কিন্তু এটা ঠিক যে,) আল্লাহ তায়ালা (ঘরে) বসে থাকা লোকদের ওপর (সংগ্রামরত ময়দানের) মোজাহেদদের অনেক শ্রেষ্ঠত্ব দান করেছেন।

[সূরা নিসা-৯৫][141]

[141] আবু সা'ঈদ খুদরী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, হে আবু সাঈদ! যে আল্লাহ্কে রব হিসাবে মেনে সন্তুষ্ট, ইসলামকে দ্বীন হিসেবে পেয়ে সন্তুষ্ট এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামকে নবী হিসাবে মেনে নিয়ে সন্তুষ্ট তার জন্য জান্নাত অবধারিত। আবু সাঈদ এটা শুনে আশ্চার্য হয়ে বললেন, হে আল্লাহ্র রাসূল! আমাকে আবার বলুন। রাসূল তাই করলেন। তারপর বললেনঃ 'আরো কিছু কাজ রয়েছে, যার দ্বারা জান্নাতে বান্দার মর্যাদা উন্নত করা হয়, দু'স্তরের মাঝখানের দূরত্ব আসমান ও যমীনের মাঝখানের দূরত্বের মত। তিনি বললেন, সেটা কি? হে আল্লাহ্র রাসূল! রাসূল বললেনঃ আল্লাহ্র রাস্তায় জিহাদ। [মুসলিমঃ ১৮৮৪] অন্য বর্ণনায় এসেছে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'জান্নাতের একশত স্তর রয়েছে, দু'স্তরের মাঝখানের দূরত্ব শত বৎসরের' [তিরমিযীঃ ২৫২৯]

১৯. তোমরা কি (হজ্জের মওসুমে) হাজীদের পানি পান করানো ও কাবা ঘরের খেদমত করাকে সে ব্যক্তির কাজের সমপর্যায়ের মনে করো, যে ব্যক্তি আল্লাহ তায়ালার ওপর ঈমান এনেছে, পরকালের ওপর ঈমান এনেছে এবং আল্লাহ তায়ালার রাসত্মায় জেহাদ করেছে; এরা কখনো আল্লাহর কাছে সমান (মর্যাদার) নয়; আল্লাহ তায়ালা কখনো যালেমদের সঠিক পথ দেখান না।

২০. যারা আল্লাহ তায়ালার ওপর ঈমান এনেছে, (তাঁর সন্তুষ্টির জন্যে) হিজরত করেছে এবং আল্লাহ তায়ালার পথে তাদের জান-মাল দিয়ে জেহাদ করেছে, তাদের মর্যাদা আল্লাহ তায়ালার কাছে সবার চাইতে বড়ো এবং এ ধরনের লোকেরাই (পরিণামে) সফলকাম হবে।

[সূরা তাওবা-১৯-২০][142]

মুজাহিদ সর্বদা উমর ইবনে আল খাত্তাবের কথা স্মরণ করেন:

"হে সা'দ, লোকেদের কথায় আল্লাহর সামনে আত্ম-অভিভূত হবে না, লোকেরা বলে, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চাচা...আল্লাহর রাসূলের সাহাবী...'আল্লাহ, সর্বাধিক পবিত্র ও সর্বশক্তিমান, তিনি খারাপ জিনিসকে অন্য খারাপ জিনিসের দ্বারা নষ্ট করেন না, তবে তিনি ভাল জিনিস দিয়ে খারাপ জিনিস দূর করেন। হে সা'দ, আল্লাহর সামনে আত্মীয়তা, উপাধি ও আভিজাত্যের কোন মূল্য নেই। তার নিকট প্রধান জিনিস হল আনুগত্য। সম্ভ্রান্ত ও সাধারণ উভয়ে আল্লাহর সামনে সমান। আল্লাহ তাদের রব, এবং তারা হল তাঁর বান্দা, যারা একে অপরের সাথে প্রতিযোগিতা করে এবং যারা ন্যায়পরায়ণতার দিক থেকে একে অপরের থেকে পৃথক। এবং প্রত্যেকের আনুগত্য

142

জিহাদ সব থেকে বেশী উত্তম আমল। কথা প্রসঙ্গে আসলে এখানে জিহাদের গুরুত্ব ও মাহাত্ম্য বর্ণনা করাই উদ্দেশ্য ছিল। কিন্তু আল্লাহর প্রতি ঈমান ছাড়া কোন আমল গ্রহণযোগ্য নয়, এই জন্য প্রথমে তা বর্ণনা করা হয়েছে। মোটকথা প্রথমতঃ জানা গেল যে, জিহাদ থেকে বড় আমল আর কিছু নেই। দ্বিতীয়তঃ জানা গেল যে, এ আয়াত অবতীর্ণ হওয়ার কারণ মুশরিকদের অমূলক ধারণা ছাড়াও মুসলিমদের নিজ নিজ অনুমান অনুযায়ী কিছু আমলকে অন্য কিছু আমলের উপর শ্রেষ্ঠত্ব দেওয়াও ছিল। অথচ এ কাজ শরীয়তদাতারই ছিল; কোন মুমিনের নয়। মু'মিনদের কাজ হল, প্রত্যেক সেই কথার উপর আমল করা, যা আল্লাহ ও রসূলের পক্ষ থেকে বলা হয়েছে।

মোটকথা: নেক আমলগুলোর মর্যাদার তারতম্য রয়েছে। সেমতে আমলকারীর মর্যাদায়ও তারতম্য হবে। অর্থাৎ সকল আমলকারীকে একই মর্যাদায় অভিষিক্ত করা যাবে না। আর একটি কথা হল, আমলের আধিক্যের উপর ফযীলত নির্ভরশীল নয়; বরং আমলের সৌন্দর্যের উপর তা নির্ভরশীল। সূরা আল-মুলকের দ্বিতীয় আয়াতে আছেঃ ﴿لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا﴾ অর্থাৎ "যাতে আল্লাহ্ পরীক্ষা করতে পারেন তোমাদের কার আমল কত সৌন্দর্যমণ্ডিত।"

অনুসারে আল্লাহ তাদের খবর সুন্দরভাবে রাখেন। সর্বদা নবী যে মহান কাজ শুরু করেছিলেন তা মনে রাখবেন, এবং এটি অব্যাহত রাখবেন। এই আদেশ পালন করতে আপনি বাধ্য"।

পরিচ্ছদঃ ১৭৪৫. আল্লাহর পথে জিহাদকারীদের মর্যাদা। বলা হয় هَٰذِهِ سَبِيلِي স্ত্রীলিঙ্গ ও هَٰذَا سَبِيلِي পুংলিঙ্গ অর্থাৎ উভই ব্যবহার হয়, আবু আবদুল্লাহ (ইমাম বুখারী) (রহঃ) বলেন, غُزًّي এর একবচন হল غَازٍ এবং هم دَرَجَاتٌ এর অর্থ لهم دَرَجَاتٌ অর্থাৎ তাদের জন্য রয়েছে মর্যাদা

২৫৯৮। ইয়াহইয়া ইবনু সালিহ (রহঃ) ... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি যে ঈমান আনল, সালাত (নামায/নামাজ) আদায় করল ও রমযানের সিয়াম পালন করল সে আল্লাহর পথে জিহাদ করুক কিংবা স্বীয় জন্মভূমিতে বসে থাকুক, তাকে জান্নাতে প্রবেশ করিয়ে দেওয়া আল্লাহর দায়িত্ব হয়ে যায়। সাহাবীগণ বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমরা কি লোকদের এ সুসংবাদ পৌঁছে দিব না? তিনি বলেন, আল্লাহর পথে মুজাহিদদের জন্য আল্লাহ তা'আলা জান্নাতে একশটি মর্যাদার স্তর প্রস্তুত রেখেছেন। দু'টি স্তরের ব্যবধান আসমান ও যমীনের দুরত্বের ন্যায়। তোমরা আল্লাহর কাছে চাইলে ফেরদাউস চাইবে। কেননা এটাই হল সবচাইতে উত্তম ও সর্বোচ্চ জান্নাত। আমার মনে হয়, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ-ও বলেছেন, এর উপরে রয়েছে আরশে রহমান। আর সেখান থেকে জান্নাতের নহরসমূহ প্রবাহিত হচ্ছে। মুহাম্মদ ইবনু ফুলাইহ্ (রহঃ) তাঁর পিতার সূত্রে (নিঃসন্দেহে) বলেন, এর উপরে রয়েছে আরশে রহমান।

[বুখারী][143]

143

ব্যাখ্যা: ''যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূলের প্রতি ঈমান আনবে, সলাত কায়িম করবে এবং সিয়াম পালন করবে, আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন'' এ বাক্যে ইসলামের রুকন ও সলাত এবং সিয়ামের মতো বাহ্যিক 'আমল হওয়া সত্ত্বেও হজ্জ/হজ ও যাকাতের কথা আলোচনা না করার কারণ :

ইবনু বাত্তল বলেনঃ ''যাকাত ও হজে/হজ্জের আলোচনা না করার কারণ হচ্ছে তা তখনও ফরয হয়নি''। ইমাম ইবনু হাজার আল 'আস্কালানী বলেনঃ বরং বর্ণনাকারীদের কোনো একজনের কাছ থেকে এর উল্লেখ বাদ পড়ে গেছে। কেননা তিরমিযীতে মু'আয বিন জাবাল -এর হাদীসে হজে/হজ্জের কথা উল্লেখ রয়েছে এবং তিনি উক্ত হাদীসে বলেছেনঃ ''আমি জানি না (আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যাকাতের উল্লেখ করেছেন কিনা''। তাছাড়া উক্ত হাদীসটি ইসলামের রুকনসমূহ বর্ণনা প্রসঙ্গে নয়। সুতরাং যদি তা সংরক্ষিত হয়ে থাকে তাহলে হাদীসে যা উল্লেখ রয়েছে (সলাত ও সিয়াম) তাতেই সীমাবদ্ধ থাকা উচিত, যেহেতু এ 'আমল অধিকাংশ সময় বার বার করা হয়ে থাকে। আর যাকাত তো কেবল তার ওপরই ফরয, যে শর্তানুসারে নির্দিষ্ট পরিমাণ সম্পদের মালিক। আর হজ্জ/হজ তো বিলম্ব করার অবকাশের সাথে জীবনে মাত্র একবার আদায় করা ওয়াজিব।

(ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

(جَاهَدَ فِي سَبِيلِ اللهِ أَوْ جَلَسَ فِي أَرْضِهِ الَّتِي وُلِدَ فِيهَا) ''(আল্লাহ তা'আলা তাকে জান্নাতে প্রবেশ করাবেন) চাই সে আল্লাহর রাস্তায় জিহাদ করুক কিংবা তার মাতৃভূমিতে বসে থাকুক, যেখানে সে জন্মলাভ করেছে'' এ বাক্যে ঐ ব্যক্তির জন্য সান্তবনা ও আশার বাণী রয়েছে যে জিহাদ থেকে বঞ্চিত হয়েছে, এই মর্মে যে, সে তার 'আমালের প্রতিদান থেকে বঞ্চিত হবে না। বরং তার ঈমান ও অন্যান্য আবশ্যকীয় ফরযসমূহ দৃঢ়ভাবে পালনের সাওয়াব তাকে জান্নাতে পৌঁছে দিবে, যদিও জান্নাতে মুজাহিদদের মর্যাদার তুলনায় তার মর্যাদা কম হবে। (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

''তারা বললঃ আমরা কি মানুষকে সুসংবাদ দিব না?'' তিরমিযীর বর্ণনামতে মু'আয বিন জাবাল এবং ত্ববারানীর বর্ণনামতে আবুদ্ দারদা এ কথা বলেছিলেন। তিরমিযীর বর্ণনায় রয়েছে, মু'আয বিন জাবাল বলেন, আমি বললামঃ

ألا أخبر بهذا الناس ؟ فقال رسول الله ﷺ ذر الناس يعملون فإن الجنة مائة درجة

''অর্থাৎ- আমি কি মানুষকে এ সংবাদ দিব না? তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ মানুষকে (চলমান গতিতে) 'আমল করতে দাও। কেননা জান্নাতে রয়েছে একশত মর্যাদার স্তর।'' (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

মুজাহিদ তার দ্বীনি ভাই-বোনদের ভালোবাসেন এবং তাদেরকে নিজের উপর অগ্রাধিকার দেন।

৬০. একমত হওয়া

মহান আল্লাহ রব্বুল আ’লামীন বলেন,

(مَا بَيْنَ الدَّرَجَتَيْنِ كَمَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ) ‘‘দু’টি স্তরের মাঝে ব্যবধান আকাশ ও জমিনের মাঝের ব্যবধানের ন্যায়’’। একটি হাদীসের বর্ণনায় আছে, আকাশ ও জমিনের মাঝে দূরত্ব পাঁচশত বছরের রাস্তা। (মিরকাতুল মাফাতীহ)

‘আল্লামা ইবনু হাজার আল ‘আসক্বালানী তার ফাতহুল বারীতে উল্লেখ করেন যে, ইমাম তিরমিযী মুহাম্মাদ বিন জুহাদাহ এর সূত্রে বর্ণনা করেন: ‘‘প্রত্যেক দুই স্তরের মাঝে একশত বছরের ব্যবধান’’। আর একই সূত্রে ত্ববারানী বর্ণনা করেন যে, উভয়ের মাঝে পাঁচশত বছরের ব্যবধান। আর উভয় বর্ণনা যদি বিশুদ্ধ হয়ে থাকে তাহলে দূরত্বের পরিমাণে বছর সংখ্যার ভিন্নতা ভ্রমণের গতির ভিন্নতার কারণে। (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

‘‘কেননা তা (জান্নাতুল ফিরদাওস) হচ্ছে জান্নাতসমূহের মধ্যে সবচাইতে মধ্যম এবং সর্বোচ্চ জান্নাত’’ বাক্যে ‘আওসাতুল জান্নাহ্’ তথা ‘মধ্যম জান্নাত’ এর অর্থ হলো সর্বোত্তম জান্নাত। যেমন : আল্লাহ তা‘আলা কুরআনে ইরশাদ করেন : ‘‘আর অনুরূপভাবে আমি তোমাদের সৃষ্টি করেছি উত্তম জাতি হিসেবে। (সূরা আল বাকারা ২ : ১৪৩)

আর ‘‘ওয়া আ‘লাহা’’ তথা ‘সর্বোচ্চ জান্নাত’ এ অংশকে পূর্বের অংশের সাথে (আতফ) মিলানো হয়েছে তাকীদ বা অর্থকে শক্তিশালী করার জন্য। (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

ইমাম ইবনু হিব্বান বলেনঃ ‘‘আওসাত বলতে (জান্নাতুল ফিরদাওসের) প্রশস্ততা এবং আ‘লা বলতে তার উপরে অবস্থিত হওয়া বুঝানো হয়েছে।’’ (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

‘‘আর সেখান থেকে জান্নাতের নহরসমূহ প্রবাহিত হয়’’, অর্থাৎ- জান্নাতুল ফিরদাওস থেকে জান্নাতের চারটি নহর প্রবাহিত হয়। (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

জান্নাতের চারটি নহর হচ্ছে পানি, দুধ, শরাব (মদ) ও মধুর নহর। (মিরকাতুল মাফাতীহ)

জান্নাতুল ফিরদাওস এমন এক বাগান যেখানে সকল প্রকার নি‘আমাতের সমাহার ঘটেছে। আলোচ্য হাদীসে মুজাহিদীনদের মর্যাদা বা ফাযীলাতের কথা স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। হাদীসটিতে জান্নাতের বড়ত্ব এবং তন্মধ্যে বিশেষভাবে জান্নাতুল ফিরদাওসের মহত্ব বর্ণনা করা হয়েছে। উক্ত হাদীসে এ বিষয়েও ইঙ্গিত রয়েছে যে, মুজাহিদের মর্যাদা মুজাহিদ ব্যতীত অন্যরাও তাদের একনিষ্ঠ নিয়্যাত কিংবা নেক ‘আমল দ্বারা কখনো কখনো লাভ করতে সক্ষম হবে। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘‘জান্নাতুল ফিরদাওস মুজাহিদীনদের জন্য প্রস্তুত করে রাখা হয়েছে’’ এ কথার ঘোষণা দেয়ার পরও সকলকেই জান্নাতুল ফিরদাওস লাভের জন্য প্রার্থনা করতে বলেছেন। (আল্লাহই সর্বাপেক্ষা অধিক জানেন)। (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭৯০)

১৫৯. এটা আল্লাহ্‌র এক (অসীম) দয়া যে, তুমি এদের সাথে ছিলে কোমল প্রকৃতির (মানুষ, এর বিপরীতে) যদি তুমি নিষ্ঠুর ও পাষাণ হৃদয়ের (মানুষ) হতে, তাহলে এসব লোক তোমার আশপাশ থেকে সরে যেতো, অতএব তুমি এদের (অপরাধসমুহ) মাফ করে দাও, এদের জন্যে (আল্লাহ্‌র কাছে) ক্ষমা প্রার্থনা করো এবং কাজকর্মের ব্যাপারে এদের সাথে পরামর্শ করো, অতপর (সে পরামর্শের ভিত্তিতে) সংকল্প একবার যখন তুমি করে নেবে তখন (তার সফলতার জন্যে) আল্লাহ্‌র ওপর ভরসা করো; অবশ্যই আল্লাহ্‌ তায়ালা (তাঁর ওপর) নির্ভরশীল মানুষদের ভালোবাসেন।

[সূরা আল ইমরান-১৫৯][144]

আপনি অন্য কোন মুজাহিদদের সাথে আপনার কর্মের সমন্বয় না করে ও যুদ্ধের প্রস্তুতি না নিয়ে যুদ্ধে জড়াবেন না; এবং কোন পূর্ববর্তী অভিপ্রায় এবং চিন্তা ছাড়া যুদ্ধ করা যাবে না।

রব্বুল আলামীন বলেন,

144

(৮৫) অর্থাৎ, মুসলিমদের মনস্তুষ্টির জন্য পরামর্শ করে নিবেন। এই আয়াত দ্বারা পরামর্শ করার গুরুত্ব, তার উপকারিতা এবং তার প্রয়োজনীয়তা ও বৈধতা প্রমাণিত হয়। পরামর্শ করার এই নির্দেশ কারো নিকট ওয়াজিব এবং কারো নিকট মুস্তাহাব। (ইবনে কাসীর) ইমাম শওকানী লিখেছেন যে, 'শাসকদের জন্য অত্যাবশ্যক হল, তাঁরা এমন সব ব্যাপারে উলামাদের সাথে পরামর্শ করবেন, যে সব ব্যাপারে তাঁদের জ্ঞান নেই অথবা যে ব্যাপারে তাঁরা সমস্যায় পড়েন। সেনাবাহিনীর উর্ধ্বতন অফিসারদের সাথে সৈন্য সংক্রান্ত বিষয়ে, জনগণের দায়িত্বে নিয়োজিত নেতাদের সাথে জনসাধারণের কল্যাণ প্রসঙ্গে এবং অন্যান্য বিভিন্ন অঞ্চলে নিযুক্ত সরকারী দায়িত্বশীলদের সাথে সেই অঞ্চলের প্রয়োজনীয়তা সম্পর্কে পরামর্শ করবেন।' ইবনে আত্বিয়্যাহ বলেন, 'এমন শাসকদের বরখাস্ত করার ব্যাপারে কোনই দ্বিমত নেই, যাঁরা আলেম ও দ্বীনদারদের সাথে কোন পরামর্শ করেন না।' আর এই পরামর্শ সেই সব বিষয়ের মধ্যেই সীমিত থাকবে, যে সব ব্যাপারে শরীয়ত নীরব (যে সম্বন্ধে শরীয়তের সুস্পষ্ট কোন সমাধান নেই) অথবা যার সম্পর্ক হল প্রশাসনিক ব্যবস্থাপনার সাথে। (ফাতহুল ক্বাদীর)

রাসূল

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক হাদীসে বলেছেন, "যার কাছে পরামর্শ চাওয়া হয়, সে আমানতদার" । [ইবন মাজাহ: ৩৭৪৫] অর্থাৎ সে আমানতের সাথে পরামর্শ দিবে, ভুল পথে চালাবে না এবং আমানত হিসেবেই সেটা তার কাছে রাখবে ।

৪৬. তোমরা আল্লাহ তায়ালা ও তাঁর রসুলের আনুগত্য করো, নিজেদের মধ্যে পরস্পর ঝগড়া-বিবাদ করো না, অন্যথায় তোমরা সাহস হারিয়ে ফেলবে এবং তোমাদের প্রতিপত্তি খতম হয়ে যাবে, তোমরা ধৈর্য ধারণ করো; অবশ্যই আল্লাহ তায়ালা ধৈর্যশীলদের সাথে রয়েছেন।

[সূরা আল আনফাল-৪৬][145]

৪৮০০। আবূ উমামা (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ন্যায়সঙ্গত হওয়া সত্ত্বেও ঝগড়া পরিহার করবে আমি তার জন্য জান্নাতের বেষ্টনীর মধ্যে একটি ঘরের যিম্মাদার; আর যে ব্যক্তি তামাশার ছলেও মিথ্যা বলে না আমি তার জন্য জান্নাতের মাঝখানে একটি ঘরের যিম্মাদার আর যে ব্যক্তি তার চরিত্রকে সৌন্দর্যমন্ডিত করেছে আমি তার জন্য জান্নাতের সর্বোচ্চ স্থানে অবস্থিত একটি ঘরের যিম্মাদার।[1]

146

---

145 এখানে আরও একটি হিদায়াত দেয়া হয়েছে । যাতে দূর্বল ও শক্তিহীন হওয়ার কারণ বলে দেয়া হয়েছে, যাতে তা থেকে প্রতিকারের ব্যবস্থা নেয়া যায় । বলা হয়েছে, তোমরা যদি বিবাদে লিপ্ত হও তবে তোমাদের মাঝে সাহসহীনতা বিস্তার লাভ করবে এবং তোমাদের মনোবল ভেঙ্গে যাবে, তোমরা হীনবল হয়ে পড়বে । [আইসারুত তাফাসীর] এখানে আনুগত্য না করার ক্ষতিকর দিকগুলোর উপর আলোকপাত করে তা থেকে বেঁচে থাকার নির্দেশ দেয়া হয়েছে । এটি পঞ্চম হিদায়াত ।

146 [1]. বায়হাক্বী।
হাদিসের মানঃ হাসান (Hasan)

৬১. শহীদ

মৃত্যু[147] অনিবার্য সত্য, এবং মহান আল্লাহ পবিত্র কুরআনে তিনবার তার গুরুত্ব জোর দিয়ে বলেছেন,

১৮৫. প্রত্যেক প্রাণীই মরণের স্বাদ ভোগ করবে; (অতপর) তোমাদের (জীবনভর) কামাইর প্রতিফল কেয়ামতের দিন আদায় করে দেয়া হবে, যাকে (জাহান্নামের) আগুন থেকে বাঁচিয়ে দেয়া হবে এবং জান্নাতে প্রবেশ করানো হবে; সেই হবে সফল ব্যক্তি। (মনে রেখো,) এই পার্থিব জীবন কিছু বাহ্যিক ছলনার মাল সামানা ছাড়া আর কিছুই নয়।

[সূরা আল ইমরান-১৮৫]

কোন মানুষই মরণশীল, এমনকি যদি তার আশা তাকে প্রতারিত করে।

আল্লাহ বলেছেন:

৫৮. যারা আল্লাহ তায়ালার পথে (তাঁরই সন্তুষ্টির জন্যে) নিজেদের ভিটেমাটি ছেড়ে গেছে, পরে (আল্লাহর পথে) নিহত হয়েছে, কিংবা (এমনিই) মৃত্যু বরণ করেছে, অবশ্যই আল্লাহ তায়ালা (কেয়ামতের দিন) তাদের উত্তম রেযেক দান করবেন; নিসন্দেহে আল্লাহ তায়ালা হচ্ছেন সর্বোত্তম রেযেকদাতা।

[সূরা হাজ্জ-৫৮]

---

147 অর্থাৎ, শিশু জন্ম নিলে আযান দেওয়া হয়, আর তুমি মরণ পর্যন্ত নামায পিছিয়ে রাখ। এটি এ কথার দলীল যে, জীবনও বড় সামান্য সময়ের; আযান ও নামাযের মধ্যবর্তী সময়ের মত!

সালামাহ আল-আহমার বলেন, একদা আমি বাদশা হারুন রশীদের নিকট গমন করলাম। তাঁর বালাখানা ও রাজমহল দেখে আমি তাঁকে বললাম, 'আপনার মহলখানা বেশ প্রশস্ত! আপনার মৃত্যুর পরে আপনার কবরখানিও যদি প্রশস্ত হয়, তবেই ভালো।'

এ কথা শুনে তিনি কাঁদতে লাগলেন। অতঃপর বললেন, 'হে সালামাহ! আপনি আমাকে সংক্ষেপে আরো কিছু উপদেশ দিন।'

আমি বললাম, 'হে আমীরুল মু'মেনীন! যদি কোন মরুভূমিতে পৌঁছে পিপাসায় আপনার প্রাণ ওষ্ঠাগত হয়, তাহলে তা দূর করার জন্য কত পরিমাণ অর্থ দিয়ে এক ঢোক পানি কিনবেন বলবেন কি?'

তিনি বললেন, 'আমি আমার অর্ধেক রাজত্ব দিয়ে তা কিনব।'

আমি বললাম, 'অতঃপর তা কিনে পান করে তা যদি আপনার পেট থেকে বের হতে না চায়, তাহলে তা বের করার জন্য কি ব্যয় করবেন?'

বললেন, 'বাকী অর্ধেক রাজত্ব ব্যয় করে দেব।'

আমি বললাম, 'অতএব সে দুনিয়ার উপর আল্লাহর অভিশাপ, যে দুনিয়ার মূল্য হল মাত্র এক ঢোক পানি ও এক গোড় পেশাব!'

এ কথা শুনে বাদশা হারুন রশীদ আরো জোরে কেঁদে উঠলেন।

হযরত আনাস (রা) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী করীম (সা) বলেছেনঃ 'ধর্মযুদ্ধে নিহত শহীদ ব্যতীত এমন কোন লোক নেই, যে বেহেশ্‌তে প্রবেশ করে পুনরায় দুনিয়াতে ফিরে যাবার ইচ্ছা পোষণ করবে এবং দুনিয়াতে যা কিছু রয়েছে তন্মধ্যে কিছু পাবার ইচ্ছা করবে। শহীদই দুনিয়াতে ফিরে যেতে ইচ্ছা করবে এবং দশবার শহীদ হতে ইচ্ছা করবে। কারণ তিনি সেখানে শাহাদতের মর্যাদা অবলোকন করবেন।'—বুখারী ও মুসলিম শরীফ, মিশকাত, পৃষ্ঠা ৩৩০

সম্ভ্রান্ত ব্যক্তিদের শ্রেষ্ঠ গুণাবলী মুজাহিদের মধ্যে উপস্থিত হয়: সাহস, সহজাত মর্যাদা, বিশ্বস্ততা এবং ভক্তি, অক্ষয়তা এবং নিঃস্বার্থতা।

মুজাহিদ খুবাইব (রা) এর বীরত্বপূর্ণ মৃত্যু সম্পর্কে সাঈদ ইবনে আমীরের বর্ণিত কাহিনী স্মরণ করেন: নারী ও শিশুদের কোলাহল ও চিৎকারের মাঝে হুবাইবের দৃঢ় ও শান্ত কণ্ঠস্বর শুনতে পেলেন সাঈদঃ "আপনি যদি পারেন, তবে আমাকে মৃত্যুর আগে দুই রাকাত নামায পড়তে দিন...।"

সাঈদ দেখছিলেন কিভাবে খুবাইব পবিত্র মক্কা ভবনের মুখোমুখি উঠে দাঁড়িয়ে দুই রাকাত সালাত আদায় করেন। সেই সালাত কত না বিস্ময়কর এবং কত না নিখুঁত ছিল!

এরপর সাঈদ দেখলেন, খুবাইব কুরাইশ নেতাদের দিকে তাকিয়ে বললেনঃ

"আমি আল্লাহর শপথ করে বলছি, যদি তুমি এই চিন্তা না করতে যে, আমি আমার সালাত বর্ধিত করার চেষ্টা করছি কারণ আমি মৃত্যুর ভয়ে ভীত, তাহলে আমি সালাত আরও বেশী লম্বা করতাম..."[148]

148

ইবন ইসহাক আসেম থেকে বর্ণনা করেছেন। তিনি বলেছেন ঃ খুবাইবই সর্বপ্রথম মুসলমানদের জন্য নিহত হওয়ার পূর্বে দুই রাক'য়াত নামায আদায়ের প্রথা চালু করেন। এটা তাঁরই সুন্নাত।৩১

ইবন কাসীর-১/৬০২; আল-বিদায়া-৪/৬৫

ছিল এই রকম ঃ সা'ঈদ ইবন 'আমের মাঝে মাঝে এমনভাবে অচেতন হয়ে পড়েন যে, তাঁর মৃত্যু হয়েছে বলে ধারণা হয়। সা'ঈদের নিকট খলীফা 'উমার এর কারণ জানতে চান। সা'ঈদ বলেন ঃ আমি মক্কায় খুবাইব আল-আনসারীর শূলীতে ঝোলানোর দৃশ্য দেখেছিলাম। কুরাইশরা তাঁর দেহ থেকে গোশত কেটে কেটে ফেলেছিল। তারপর তাঁকে গাছে ঝুলিয়ে জানতে চেয়েছিল! তুমি কি এটা পসন্দ করবে যে, তোমার এই স্থানে মুহাম্মদকে আনা হোক? তিনি বলেছিলেন ঃ আমি আমার পরিবার-পরিজন ও সন্তানদের মধ্যে নিরাপদে অবস্থান করি এবং তার বিনিময়ে মুহাম্মাদের গায়ে একটি কাঁটার আঁচড় লাগুক, আল্লাহর কসম, আমি তা কক্ষণো পসন্দ করিনে।' আমার যখনই সেই দিনটির কথা মনে পড়ে তখন আমার মধ্যে একটা অপরাধবোধ জেগে ওঠে।

লোকেরা তাদের হাত উঁচু করে বাড়িয়ে দিলো, আর জনতার ভিড় জোরে জোরে চিৎকার করে বললো, "তাকে মেরে ফেল! তাকে মেরে ফেল!"

তারপর সাঈদ ইবনে আমীর দেখলেন, খুবাইব ফাঁসিকাঠ থেকে উজ্জ্বল চোখে আকাশের দিকে দেখেছেন এবং বলেছিলেন:

اللَّهُمَّ أَحْصِهِمْ عَدَدًا وَاقْتُلْهُمْ بِدَدًا وَلَا تُغَادِرْ مِنْهُمْ أَحَدًا

—হে আল্লাহ! তাদের সংখ্যা তুমি গুণে রাখ, এক এক করে তাদেরকে হত্যা কর এবং তাদের কাউকে তুমি ছেড়ে দিও না।

149

149

~~তাহলে সে বদদু'আ তার উপর না পড়ে অন্যত্র পড়ে।~~[২৬] আল-হারেস বলেন ঃ আমি উপস্থিত ছিলাম! আল্লাহর কসম! আমাদের কেউ বেঁচে থাকবে এমন ধারণা আমার ছিল না।[২৭]

খুবাইবের (রা) দু'আ আল্লাহর দরবারে কবুল হয়েছিল। যে সকল নরাধম তাঁর হত্যায় সক্রিয় ভূমিকা পালন করেছিল, এক বছরের মধ্যে তাদের সবাই অতি নির্দয়ভাবে নিহত হয়।[২৮]

পরে খুবাইব তার শরীরে তলোয়ার ও বর্শার অসংখ্য ক্ষত নিয়ে তাঁর শেষ শ্বাস নিঃশ্বাস ত্যাগ করলেন।

৪৮২৪-(১৫৭/১৯০৯) আবূ তাহির ও হারমালাহ ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... সাহল ইবনু হুনায়ফ (রাযিঃ) হতে বর্ণিত যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আন্তরিকতার সাথে আল্লাহর নিকট শাহাদাত প্রার্থনা করে আল্লাহ তা'আলা তাকে শহীদের মর্যাদায় অভিষিক্ত করবেন যদিও সে আপন শয্যায় ইন্তিকাল করে (ইসলামিক ফাউন্ডেশন ৪৭৭৭, ইসলামিক সেন্টার ৪৭৭৮)

150

150 গ্রন্থঃ সহীহ মুসলিম (হাঃ একাডেমী) অধ্যায়ঃ ৩৪। প্রশাসন ও নেতৃত্ব (كتاب الإمارة)
হাদিস নম্বরঃ [4824] পাবলিশারঃ হাদিস একাডেমি

ইয়ারমুকের যুদ্ধে গ্রীষ্মের দুপুরে পিপাসিত ব্যক্তি যেমন ঠাণ্ডা পানির ওপর ঝাঁপিয়ে পড়ে তেমনি তিনি শত্রুপক্ষের ওপর ঝাঁপিয়ে পড়েন। যুদ্ধের কোন এক পর্যায়ে মুসলমানদের ওপর প্রচণ্ড চাপ সৃষ্টি হলো, তিনি তখন ঘোড়া থেকে নেমে তরবারি কোষ-মুক্ত করেন এবং রোমান বাহিনীর অভ্যন্তরভাগে ঢুকে পড়েন। অবস্থা বেগতিক দেখে খালিদ ইবনুল ওয়ালিদ তাঁর দিকে ছুটে যান এবং বলেন, 'ইকরিমা এমনটি করোনা। তোমার হত্যা মুসলমানদের জন্য বিপজ্জনক হবে।'

জবাবে তিনি বললেন ঃ

'খালিদ আমাকে ছেড়ে দাও। রাসূলের (সা) ওপর ঈমান আনার ব্যাপারে তুমি আমার থেকে অগ্রগামী। আমার পিতা ও আমি ছিলাম রাসূলুল্লাহর (সা) সবচেয়ে বড় শত্রু। আমাকে আমার অতীতের কাফফারা আদায় করতে দাও। অনেক যুদ্ধেই আমি রাসূলুল্লাহর (সা) বিরুদ্ধে লড়েছি। আর আজ আমি রোমান বাহিনীর ভয়ে পালিয়ে যাব? এ আমার পক্ষে সম্ভব নয়।' একথা বলে তিনি মুসলমানদের কাছে আবেদন জানালেন, 'মৃত্যুর ওপর বাইয়াত করতে চায় কে?' তাঁর এ আহ্বানে সাড়া দিলেন তাঁর চাচা হারিস ইবন হিশাম, দিরার ইবনুল আযওয়ার ও আরো চার শ' মুসলিম সৈনিক। তাঁরা খালিদ ইবন ওয়ালিদের তাঁবুর সম্মুখভাগ থেকেই তুমুল লড়াই চালিয়ে ইয়ারমুকের ময়দানে বিরাট বিজয় ও সম্মান বয়ে এনেছিলেন। এই ইয়ারমুকের ময়দানেই হারিস ইবন হিশাম, আয়য়াশ ইবন আবী রাবিয়া ও ইকরিমা ইবন আবী জাহলকে ক্ষত বিক্ষত অবস্থায় পড়ে থাকতে দেখা গেল। পিপাসায় কাতর হারিস ইবনে হিশাম পানি চাইলেন। যখন তাঁকে পানি দেয়া হলো, ইকরিমা তখন তাঁর দিকে তাকালেন। এ দেখে তিনি বললেন, 'ইকরিমাকে দাও।' পানির গ্লাসটি যখন ইকরিমার কাছে নিয়ে যাওয়া হলো তখন আয়য়াশ তার দিকে তাকালেন। তা দেখে ইকরিমা বললেন, 'আয়য়াশকে দাও।' আয়য়াশের কাছে পানির গ্লাসটি নিয়ে যাওয়া হলে দেখা গেল, তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। তারপর গ্লাসটি হাতে নিয়ে একে একে তার অপর দুই সাথীর কাছে গিয়ে দেখা গেল তাঁরাও তারই পথের পথিক হয়েছেন। আল্লাহ তা'আলা তাঁদের সকলের প্রতি রাজী ও খুশী থাকুন। আমীন।

“হযরত আবু কাতাদাহ (রাঃ) রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শ্রুত বাণী বর্ণনা করেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সাহাবাগণের এক মজলিসে দাঁড়িয়ে বলেন—আল্লাহর উপর ঈমান এবং তাঁর রাহে জিহাদ সবচাইতে উত্তম আমল। এটা শ্রবণের সাথেই এক ব্যক্তি দাঁড়িয়ে আরয করলেন, ইয়া রাসূলাল্লাহ! আমি যদি আল্লাহর রাহে শহীদ হয়ে যাই তাহলে আমার সমস্ত গোনাহ ক্ষমা হবে কী? তিনি বললেন, হাঁ, যদি তুমি সম্মুখগামী অবস্থায় পশ্চাদপদ না হয়ে ঈমানের উপর অটল থেকে সওয়াবের নিয়তে আল্লাহর রাহে শহীদ হও।

এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেন, তুমি কী জিজ্ঞেস করেছিলে যেন? সে বলল, যদি আমি আল্লাহর পথে শহীদ হই তাহলে আমার সমস্ত গোনাহ ক্ষমা হবে কী? তিনি বললেন, হাঁ, যদি তুমি সম্মুখগামী হয়ে পশ্চাদপদ না হয়ে ঈমানের উপর অটল থেকে সওয়াবের নিয়তে জিহাদ করে থাক এবং শহীদ হয়ে থাক তাহলে ঋণ ব্যতীত সবকিছুই ক্ষমা হবে। জিব্রিল (আঃ) আমাকে এটাই বলেছে।”

(মুসলিম শরীফ ২ ঃ ১৩৫)

[151]

একবার স্থানান্তর করার জন্য একটি আদেশ জারি করা হয়, মুজাহিদ তার যাত্রার সময় যাদের সাথে বন্ধুত্ব করেছেন তাদেরকে দেখেন।

---

[151]

হাদীসের ব্যাখ্যা ঃ বর্ণিত হাদীসের মধ্যে শাহাদাতের ফযীলাতের পাশাপাশি অন্যের অধিকার এবং ঋণ পরিশোধের ব্যাপারেও গুরুত্বারোপ করা হয়েছে। সুতরাং সমস্ত গোনাহ মাফ হওয়া সত্ত্বেও অপরের অধিকার এবং ঋণ পরিশোধের বিষয়টিকে অপরিহার্য করে দেয়া হয়েছে।

তার হৃদয় দুঃখে পরিপূর্ণ, তবে মুজাহিদ জানে যে তার অস্ত্র পবিত্র এবং তিনি অবশ্যই আল্লাহর আদেশ পালন করবেন, তিনি আল্লাহর প্রতি তার জিহাদকে উৎসর্গ করেছেন।

এবং তারপর মুজাহিদ তার ভাইদের ধন্যবাদ জানায়, একটি গভীর শ্বাস নেয় এবং চলতে থাকেন, মুজাহিদ তার ভাইয়ের সাথে অতীত সফরের অবিস্মৃত স্মৃতি বহন করেন।

৬২. দুয়া

মহান আল্লাহ বলেন,

২৫০. তারপর (যখন) সে তার সৈন্য নিয়ে (মোকাবেলা করার জন্যে) দাঁড়ালো, তখন তারা (আল্লাহর কাছে সাহায্য চেয়ে) বললো, হে আমাদের মালিক, তুমি আমাদের সবরের তাওফীক দান করো, দুশমনের মোকাবেলায় আমাদের কদম অটল রাখো এবং অবিশ্বাসী কাফেরদের মোকাবেলায় তুমি আমাদের সাহায্য করো;

[সূরা বাক্বারাহ-২৫০][152]

১৮। জিহাদের মাঠে শত্রুর মুখোমুখি হলেঃরাসুলুল্লাহ সাঃ বলেছেন, "দুটি দোয়া কক্ষনো ফিরিয়ে দেয়া হয়না অথবা খুবই কম ফিরিয়ে দেয়া হয়। আযানের সমকার দোয়া আর সেই ভয়ংকর সময়কার দোয়া যখন দু'টি বাহিনী পরস্পর মুখোমুখি হয়"। (আবু দাউদ ২৫৪০, ইবন মাজাহ)

153

---

152 ঈমানদারগণ আল্লাহর নিকট ধৈর্য ও সুদৃঢ় থাকার তওফীক চেয়ে এবং কুফ্রীর মোকাবেলায় ঈমানের সফলতার জন্য দুআ করেন। অর্থাৎ, (যুদ্ধের) পার্থিব উপকরণাদি গ্রহণ করার সাথে সাথে ঈমানদারদের জন্য অত্যাবশ্যক হল, এ রকম পরিস্থিতিতে আল্লাহর নিকট বিশেষভাবে প্রার্থনা করা। যেমন, বদরের যুদ্ধে নবী করীম ﷺ অত্যধিক কাকুতি-মিনতির সাথে বিজয় ও সাহায্য চেয়ে দুআ করেছিলেন। মহান আল্লাহ তাঁর সে দুআ কবুল করেছিলেন। ফলে অতীব অল্প সংখ্যক মুসলিম দল অধিক সংখ্যক কাফের দলের উপর জয় লাভ করেছিল।

153 **(১১) যুদ্ধের মাঠে শত্রুর সাথে মোকাবেলার সময় :** রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, 'হে জনগণ! তোমরা যখন শত্রুর সাথে সাক্ষাৎ করবে তখন আল্লাহ্র নিকট নিরাপত্তা চাও, ধৈর্যধারণ কর এবং জেনে রেখ, নিশ্চয়ই জান্নাত তরবারীর ছায়ার নীচে' *(বুখারী, মুসলিম, আবুদাঊদ, হা/২৬৩১; মিশকাত হা/৩৯৩০ 'কাফেরদের পত্রের মাধ্যমে ইসলামের দিকে আহ্বান' অনুচ্ছেদ, 'জিহাদ' অধ্যায়)*। অন্য বর্ণনায় রয়েছে, দু'সময় দো'আ ফেরত দেওয়া হয় না: (১) আযানের সময় এবং (২) যুদ্ধের সময় *(ছহীহ আবুদাঊদ, হা/২৫৪০; সনদ ছহীহ, মিশকাত হা/৬৭৩ 'আযানের ফযীলত' অনুচ্ছেদ)*।

ইবাদাতের দ্বারা মুজাহিদ সাহায্য চায়ঃ

"হে আল্লাহ! আমি আপনার ইচ্ছার কাছে নিজেকে অর্পণ করছি এবং আমি আপনার সিদ্ধান্তের ব্যাপারে সন্তুষ্ট। আমার মনে আপনার ভয় বৃদ্ধি করুন। [আমার তাক্বওয়া বাড়িয়ে দিন।] আপনার প্রতি আমার মহব্বতকে মজবুত করুন। আমাকে ধৈর্য দিন এবং আমার আত্মাকে জোরদার করুন। আমার দৃঢ়তার প্রতিদান দান করুন এবং আমাকে আপনার সরল পথে ইস্তিক্বামাত দান করুন। আমাকে আমার নিজের উপর আধিপত্য লাভের সুযোগ দিন। আমাকে কাফেরদের উপর বিজয় দান করুন। আমাকে এমন জ্ঞান দিন যা ভুলে যাব না। শহীদ হিসাবে মরার সুযোগ দিন। আমাকে ক্ষমা করুন এবং আমার প্রতি করুণা করুন"।

[154]

[154] তাহাজ্জুদের সময় দুয়া সেই তীরের ন্যায়, যা লক্ষ্য থেকে বিচ্যুত হয় না।–ইমাম শাফেয়ী (রহঃ)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "আল্লাহর কাছে মিনতি করে চাওয়া একটি ইবাদাত।" **(আবু দাউদ এবং আত-তিরমিযি)**

৬৩. সিয়াম

১৯৫৯-[৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আদম সন্তানের প্রত্যেকটি নেক ‘আমাল দশ থেকে সত্তর গুণ পর্যন্ত বাড়ানো হয়। আল্লাহ তা‘আলা বলেন, কিন্তু এর ব্যতিক্রম হলো সওম। কেননা, সওম আমার জন্যে রাখা হয় এবং আমিই এর প্রতিদান দিব। কারণ সায়িম (রোযাদার) ব্যক্তি নিজের প্রবৃত্তির তাড়না ও খাবার-দাবার শুধু আমার জন্য পরিহার করে। সায়িমের জন্য দু’টি খুশী রয়েছে। একটি ইফতার করার সময় আর অপরটি আল্লাহর সাথে সাক্ষাতের সময়। সায়িমের মুখের গন্ধ আল্লাহর কাছে মিশকের সুগন্ধির চেয়েও বেশী পবিত্র ও পছন্দনীয় এবং সিয়াম ঢাল স্বরূপ (জাহান্নামের আগুন হতে রক্ষাকবচ)। তাই তোমাদের যে কেউ যেদিন সায়িম হবে সে যেন অশ্লীল কথাবার্তা না বলে আর শোরগোল বা উচ্চবাচ্য না করে। তাকে কেউ যদি গালি দেয় বা কটু কথা বলে অথবা তার সাথে ঝগড়া করতে চায়, সে যেন বলে দেয়, ‘আমি একজন সায়িম’। (বুখারী, মুসলিম)[1]

155

155

[1] সহীহ : বুখারী ১৯০৪, মুসলিম ১১৫১, নাসায়ী ২২১৭, ইবনু মাজাহ ১৬৩৮, ইবনু আবী শায়বাহ্ ৮৮৯৪, ইবনু খুযায়মাহ্ ১৮৯৬, সহীহ ইবনু হিব্বান ৩৪২৩, আহমাদ ৭৬৯৩, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৮৩৩২।
হাদিসের মানঃ সহিহ (Sahih)

ব্যাখ্যা: (إِلَّا الصَّوْمَ) ‘‘তবে সওমের প্রতিদান, অর্থাৎ- যে কোন সৎকাজের প্রতিদান দশ থেকে সাতশত গুণ পর্যন্ত বৃদ্ধি করা হয়। সিয়াম এর ব্যতিক্রম তা শুধুমাত্র সাতশত গুণ পর্যন্তই বৃদ্ধি করা হয় না। এর প্রতিদানের কোন সীমারেখা নেই। বরং তার প্রতিদান কি পরিমাণ দেয়া হবে তা একমাত্র আল্লাহ তা‘আলা জানেন।

(فَإِنَّهُ لِي وَأَنَا أَجْزِي بِهِ) ‘‘তা (সিয়াম) আমারই জন্য এবং তার প্রতিদান আমিই দিব।’’ অর্থাৎ- সিয়াম আল্লাহর তা‘আলা ও তার বান্দার মাঝে একটি গোপনীয় বিষয়। যা বান্দা শুধুমাত্র আল্লাহ তা‘আলার সন্তুষ্টি অর্জনের জন্যই পালন করে থাকে। যা কোন বান্দা অবহিত হতে পারে না। কেননা এ সিয়ামের বাহ্যিক কোন রূপ নেই যেমনটি অন্যান্য ‘ইবাদাতের বাহ্যিক রূপ রয়েছে। যা বান্দা দেখতে পায়। যেহেতু এ সিয়ামের বিষয়টি আমি ব্যতীত অন্য কেউ অবহিত হতে পারে না তাই এর প্রতিদানও আমিই দিব। এর প্রতিদানের বিষয়টি অন্য কারো উপর ন্যস্ত করব না। এতে এ ইঙ্গিত রয়েছে যে, সিয়ামের পুরস্কার খুবই বড় আর তা হিসাববিহীন।

একটি প্রশ্নঃ সকল ‘ইবাদাতই একমাত্র আল্লাহর জন্য এবং তার প্রতিদানও একমাত্র আল্লাহ তা‘আলাই দিয়ে থাকেন। তাহলে ‘সওম শুধুমাত্র আমার জন্য এবং আমিই এর প্রতিদান দিব’ এর উদ্দেশ্য কি?

জওয়াবঃ সিয়ামের মধ্যে রিয়া তথা লোকজনকে দেখানো সম্ভব নয় যা অন্যান্য ‘ইবাদাতের প্রযোজ্য। কেননা সিয়ামের কোন বাহ্যিক আকার আকৃতি নেই যা লোকজন দেখতে পাবে যা অন্যত্র ‘ইবাদাতের মধ্যে আছে। যেমন সলাত তার রুকূ' সাজদাহ্ রয়েছে। সলাত আদায়কারীর এ কাজ অন্যান্য লোকেরা দেখতে পায়। কিন্তু সিয়ামের মধ্যে এমন কিছু নেই। যা লোকেরা দেখবে বরং তা শুধু নিয়্যাতের সাথে সম্পৃক্ত যা মানুষের দৃষ্টির অগোচরে। তাই এটা বলা যুক্তিযুক্ত যে, সিয়াম শুধুমাত্র আল্লাহর জন্য। আর এ ‘ইবাদাত যেহেতু শুধু আল্লাহর জন্য, তাই এর পুরস্কারও আল্লাহ স্বয়ং নিজ হাতে প্রদান করবেন। কিন্তু অন্যান্য কাজের পুরস্কার মালায়িকাহ্ (ফেরেশতা) (ফেরেশতাগণ) লিখে থাকেন।

(يَدَعُ شَهْوَتَهُ) ‘‘স্বীয় প্রবৃত্তির চাহিদাকে পরিত্যাগ করে’’ অর্থাৎ- সে প্রবৃত্তির এমন চাহিদাকে পরিত্যাগ করে যা সিয়াম ভঙ্গের কারণ হয়। شَهْوَتَهُ এর পরে طَعَامَ এর উল্লেখ দ্বারা বুঝা যায় যে, شَهْوَتَهُ দ্বারা উদ্দেশ্য স্ত্রী সঙ্গম এবং طَعَامَ দ্বারা সিয়াম ভঙ্গের অন্যান্য কারণ উদ্দেশ্য।

(مِنْ أَجْلِيْ) ‘‘আমার কারণে’’ অর্থাৎ- আমার নির্দেশ পালনার্থে এবং সন্তুষ্টি অর্জনের নিমিত্তে।

(فَرْحَةٌ عِنْدَ فِطْرِهِ) একটি খুশী তার ইফতার করার সময়। কুরতুবী বলেন, এর অর্থ হলো ইফতারের মাধ্যমে তার ক্ষুধা তৃষ্ণা দূর হওয়ার কারণে খুশী হয়। অনুরূপভাবে খুশী হওয়ার আরেকটি কারণ এই যে, সে একটি গুরুত্বপূর্ণ ‘ইবাদাত সম্পন্ন করতে পেরেছে যার পুরস্কার অসীম।

মুজাহিদ যখনই সুযোগ পায় তখনই তিনি সিয়াম পালন করেন, যতক্ষণ না জিহাদ বা তার স্বাস্থ্যের ক্ষতি হয়।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেন,

«ما من عبد يصوم يوماً في سبيل الله إلا باعد الله بذلك اليوم وجهه عن النار سبعين خريفاً »

"যে ব্যক্তি আল্লাহর রাস্তায় একদিন রোজা রাখবে, একদিনের রোজার বিনিময় তার চেহারাকে জাহান্নামের আগুন থেকে সত্তর খারিফ দূরে রাখবে"[4]।

[156]

মানুষ বিস্ময়কর: তারা তাদের শরীর-স্বাস্থ্যের ভাল যত্ন করছেন, কিন্তু তারা তাদের আত্মার স্বাস্থ্যকে অবহেলা করছেন।

একটি মুজাহিদ শরীর ও আত্মা উভয়ের যত্ন নেয়। সে একই সাথে ইহকাল ও পরকাল উভয়ের যত্ন নেয়, কিন্তু পরকালকে বেশি গুরুত্ব দেয়।

(وَفَرْحَةٌ عِنْدَ لِقَاءِ رَبِّهِ) ''আরেকটি খুশী তার রবের সাথে সাক্ষাতের সময়'', অর্থাৎ- পুরস্কার প্রাপ্তির খুশী অথবা স্বীয় প্রভুর সাক্ষাত লাভের খুশী।

সিয়াম পালনকারীর মুখের দুর্গন্ধ আল্লাহ তা'আলার নিকট মিস্কের সুগন্ধির চেয়েও প্রিয়, এতে একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, সুগন্ধির মাধ্যমে সন্তুষ্ট হওয়া এবং দুর্গন্ধের কারণে অসন্তুষ্ট হওয়া থেকে আল্লাহর তা'আলা পবিত্র। কেননা এটি বান্দার গুণ।

উত্তরঃ এটি একটি তুলনা মাত্র মানুষের অভ্যাস এই যে, সে সুগন্ধিকে ভালবাসে এবং তা তার নিকটবর্তী করে নেয়। অনুরূপ আল্লাহ তা'আলা সিয়াম পালনকারীকে তার নিকটবর্তী করে নেয়।

অথবা এর অর্থ এই যে, মিসকের সুগন্ধ তোমাদের নিকট যে রকম পছন্দনীয় আল্লাহর নিকট সিয়াম পালনকারীর মুখের দুর্গন্ধ তার চেয়ে অধিক পছন্দনীয়।

(وَالصِّيَامُ جُنَّةٌ) ''সিয়াম ঢালস্বরূপ'' অর্থাৎ- ঢাল যেমন মানুষকে তরবারির আঘাত থেকে রক্ষা করে, অনুরূপ সিয়াম মানুষকে অপরাধে লিপ্ত হওয়া থেকে রক্ষা করে।

(فَلَا يَرْفُثْ) ''অশ্লীল কাজ করবে না'' الرفث শব্দ দ্বারা বিভিন্ন অর্থ উদ্দেশ্য হয়। যেমন যৌনসঙ্গম, সঙ্গমের আবেদনমূলক কথাবার্তা। অধিকাংশ 'আলিমদের মতে অত্র হাদীসে الرفث শব্দ দ্বারা অশ্লীল ও খারাপ কথাবার্তা উদ্দেশ্য। لَا يَصْخَبْ চিৎকার করবে না, অর্থাৎ- মূর্খদের মতো আচরণ করবে না। যেমন চিৎকার করা, ঠাট্টা-বিদ্রূপ করা, বোকার মতো আচরণ করা, ঝগড়া-বিবাদ করা- এ সকল কাজ থেকে বিরত থাকবে।

(فَإِنْ سَابَّهُ أَحَدٌ أَوْ قَاتَلَه) ''যদি কেউ তাকে গালি দেয় অথবা তার সাথে ঝগড়া করতে চায়।'' এখানে প্রশ্ন উত্থাপন হয় যে, قَاتَل শব্দটি বাবে مُفَاعَلَةٌ থেকে এসেছে যার অর্থ হল উভয় পক্ষ কোন কাজে শারীক হওয়া। অথচ সিয়াম পালনকারীকে এমন কাজ থেকে বিরত থাকতে বলা হয়েছে। অতএব তার পক্ষ থেকে এমন কিছু সংঘটিত হবে না যা দ্বারা বুঝা যায় যে, সে এ কাজে অংশগ্রহণ করেছে।

জওয়াবঃ এখানে مُفَاعَلَةٌ দ্বারা উদ্দেশ্য এ কাজের জন্য প্রস্ত্তত হওয়া। অর্থাৎ- একপক্ষ যখন গালি দিবে অথবা অভিসম্পাত করবে তখন সায়িম বলবে, 'আমি সায়িম'।

[156] বুখারী, ২৮৪০; মুসলিম: ১১৫৩।

আল মুহাজির খেয়াল যখন মুসলমানরা তাদের অনেক মুজাহিদদের হারিয়েছেন, তখন তিনিও আল্লাহর সন্তুষ্টির জন্য নিজেকে উৎসর্গ করার সংকল্প করলেন। তিনি লাশের সুগন্ধি নিজের সারা গায়ে মেখে নিলেন, নিজেকে কাফনের কাপড়ে মুড়িয়ে নিলেন, এবং তার ভাই আর-রাবিয়াকে শেষ কিছু নির্দেশ দিলেন। আর-রাবীয়া আমির আবু মুসার নিকট আসলেন এবং তাকে বললেন: "রোজা রাখার সময় আল-মুহাজির নিজেকে উৎসর্গ করার দৃঢ় সংকল্প করেছেন। কঠিন যুদ্ধের পরে এবং যথাযথ সিয়ামের প্রভাবে মুসলিমদের ইচ্ছা ও সংকল্প দুর্বল হয়ে গেছে, কিন্তু কেউ সিয়াম ত্যাগ করছেন না। আপনি প্রয়োজন অনুসারে দ্রুত কিছু একটা করুন”।

আবু মুসা আল আশাআরী মুজাহিদীনকে কাছে সম্বোধন করে বলেছিলেন: "হে মুসলমান! আমি তোমাদের প্রত্যেকেরই আহ্বান জানাচ্ছি, যারা রোযা পালন করছ তারা রোযা যেন ভঙ্গ করে অথবা যুদ্ধ ছেড়ে দেয়।" তারপর সে তার হাতের পাত্র থেকে পানি পান করেন যাতে লোকেরা তাকে অনুসরণ করতে পারে। আবু মুসার কথা শুনে আল-মুহাজির কিছু পানি পান করে বলেন, "আমি আল্লাহর শপথ করে বলছি যে, আমি পানি পান করি নি কারণ আমি তৃষ্ণার্ত ছিলাম, বরং আমি আমার ইমামের হুকুম মেনে যাচ্ছিলাম ..."। এবং তারপর তিনি তার তলোয়ার কোষমুক্ত করেন এবং সাহসীভাবে যুদ্ধে অংশ নিয়ে নির্ভয়ে শত্রুদের আঘাত করছিলেন। যখন তিনি শত্রু সৈন্যদের কেন্দ্রস্থলে পৌঁছান, শত্রুরা তাকে ঘিরে ফেলল এবং তার চারপাশে থেকে তার উপর তরবারি নিয়ে ঝাঁপিয়ে পড়ল, যুদ্ধক্ষেত্রেই তিনি শহীদ হয়ে যান। আল্লাহু আকবার!

৬৪. সন্ন্যাস

মহান আল্লাহ তা’আলা বলেন,

৮. অতঃপর (আল্লাহ্ তা’আলার অগণিত) নেয়ামত সম্পর্কে তোমাদের সেদিন জিজ্ঞেস করা হবে।

[সূরা আত তাকাসুর-০৮]

ইমাম আহমাদ, আন নাসায়ী, আত-তিরমিযী এবং ইবনে হিব্বান তাঁদের সহীহগুলোতে কাব বিন মালিক আল-আনসারী থেকে হাদীসটি বর্ণনা করেছেন। তিনি বলেন, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন,

حديث :« مَا ذِئْبَانِ جَائِعَانِ أُرْسِلَا فِي غَنَمٍ بِأَفْسَدَ لَهَا مِنْ حِرْصِ الْمَرْءِ عَلَى الْمَالِ وَالشَّرَفِ لدينه »

"ছাগলের পালে দুটি ক্ষুধার্ত নেকড়ে বাঘ ছেড়ে দিলে তা যতটুকু না ক্ষতি সাধন করে, কারো সম্পদ ও প্রতিপত্তির লোভ এর চাইতেও তার দ্বীনের ওপর বেশি ক্ষতিসাধন করে।" তিরমিযী বলেন, হাদীসটি হাসান সহীহ।[২]

এই হাদীসটি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে আরও বর্ণনা করেন ইবনে ওমর, ইবনে আব্বাস, আবু হুরাইরাহ, উসামাহ বিন যায়েদ, জাবির, আবু সাঈদ আল খুদরী এবং আসিম ইবনে আদী আল আনসারী রাদিয়াল্লাহু আনহুম আজমাঈনা।[৩]সবগুলো বর্ণনা সম্পর্কে শরহুত তিরমিযীতে আলোচনা করা হয়েছে।

157

মুজাহিদ তার আত্মার বিশুদ্ধতার যত্ন নেয় এবং সবকিছুতে সংযম তাকে একাজে সাহায্য করে। মুজাহিদ তার অনুভূতির, তার পেটের বা অর্থের দাস নয়।

একজন মুজাহিদ আল্লাহর বান্দা এবং নিজের অনুভূতির একজন মালিক।

পরিচ্ছদঃ ৬২: ত্যাগ ও সহমর্মিতা প্রসঙ্গে

২/৫৭০। উক্ত রাবী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''দু'জনের খাবার তিনজনের জন্য এবং তিনজনের খাবার চারজনের জন্য যথেষ্ট।'' (বুখারী-মুসলিম) [1]

মুসলিমের অন্য এক বর্ণনায় জাবের রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''একজনের খাবার দু'জনের জন্য, দু'জনের খাবার চারজনের জন্য এবং চারজনের খাবার আটজনের জন্য যথেষ্ট।''

[1] সহীহুল বুখারী ৫৩৯২, মুসলিম ২০৫৮, তিরমিযী ১৮২০, আহমাদ ৭২৭৮, ৯০২৪, মুওয়াত্তা মালিক ১৭২৬

157

[২] হাদীসটি আহমাদ (৩/৪৫৬,৪৬০), আন নাসায়ী আল কুবরাত ও আল মিজির তুহফাতুল আশরাফে (৮/৩১৬), আত তিরমিযী (২৩১৭), ইবনে হিব্বান (২৪৭২), নুয়াইম ইবনে হাম্মাদ কর্তৃক আয যুহদ-এ (১৮১), আদ দারিমী (২/৩০৪), আত তায়ালিসি (২২০১), আল বাগায়ী শরহুস সুন্নাহতে (১৪/২৫৮) বর্ণনা করছেনে, আত-তিরমিযী এর বর্ণনাকে সহীহ বলেছেন।

[৩] অধিকাংশ বর্ণনাগুলো আল হাইসামী মাজমাউজ যাওয়ায়েদ গ্রন্থে উল্লেখ করেছেন এবং হাদীসগুলোর মান নির্ধারণ করেছেন।

এটাই আবু আদ-দারদা তার অতিথিকে উত্তর দিয়েছিলেন, যে তার বিনয় দেখে আশ্চর্য হয়েছিল: “আমাদের বাড়ি সেখানেই, আমরা আমাদের সম্পদ অর্জনের সাথে সাথে সরাসরি সেখানেই প্রেরণ করি। যদি বাড়িতে কিছু থাকত-ই, তবে আপনাকে তা দেয়া হত। পথে একটা গুরুতর বাধা আছে, যার জন্য আমাদের অন্য ঠিকানায় যেতে হবে। আপনি যত হালকা হবেন আর যখন আপনার কোন বোঝা থাকবে না, বাধা অতিক্রম করা তত সহজ হবে। তাই সফলতার সাথে বাধা পার হওয়ার জন্য আমরা সাথে কিছুই নিতে চাই না। আপনি কি বুঝতে পেরেছেন”?

লোকটি উত্তর দিল, “হ্যা, আমি বুঝেছি। আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দান করুক”।

২১/৪৮১। সাহল ইবনে সা‘দ রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘‘যদি আল্লাহর নিকট মাছির ডানার সমান দুনিয়ার মূল্য বা ওজন থাকত, তাহলে তিনি কোন কাফেরকে তার (দুনিয়ার) এক ঢোক পানিও পান করাতেন না।’’ (তিরমিযী, বিশুদ্ধ সূত্রে) [1]

158

৬৫. লজ্জা

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: اَلْحَيَاءُ لاَ يَأْتِى إِلاَّ بِخَيْرٍ وَفِيْ رِوَايَةٍ : اَلْحَيَاءُ خَيْرٌ كُلُّهُ.

ইমরান ইবনু হুছায়েন (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘লজ্জা কল্যাণ ছাড়া আর কিছুই নিয়ে আসে না। অপর এক বর্ণনায় রয়েছে, লজ্জার সবকিছুই কল্যাণ’ *(বুখারী, মুসলিম, মিশকাত হা/৫০৭১)।*

মুজাহিদ জানে যে আল্লাহ ও ফেরেশতা সবসময় তাকে দেখতে পারেন, আর তিনি লোকদের চেয়েও তাদের জন্য বেশি লজ্জাবোধ করেন।

ইবনু মাসঊদ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘পূর্ববর্তী নবীগণ হতে লোকেরা যা পেয়েছে এবং আজও যা বিদ্যমান তা হল যখন তোমার লজ্জা থাকবে না, তখন তুমি যা ইচ্ছা তাই করতে পারবে’ *(বুখারী, মিশকাত হা/৫০৭২)।*

মুজাহিদ জানেন যে, লজ্জাশীলতা আমাদের প্রাণীদের থেকে আলাদা করে তোলে।

---

158 [1] তিরমিযী ২৩২০, ইবনু মাজাহ ৪১১০
হাদিসের মানঃ হাসান (Hasan)

৬৬. ইখলাস

মহান আল্লাহ তা'আলা বলেন,

১১৯. হে ঈমানদার ব্যক্তিরা, তোমরা আল্লাহ তায়ালাকে ভয় করো এবং (হামেশা) সত্যবাদীদের সাথে থেকো।

[সূরা তাওবা-১১৯][159]

পরিচ্ছদঃ ৯. শাসক যখন আল্লাহ্ ভীতি ও ন্যায়ের আদেশ দেন তখন তার জন্য প্রতিদান রয়েছে

৪৬২০। ইবরাহীম (রহঃ) ... আবূ হুরায়রা (রাঃ) এর সুত্রে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেন, ইমাম (শাসক) ঢাল স্বরূপ। তার নেতৃত্বে যুদ্ধ করা হয় এবং দুশমনের অনিষ্ট থেকে রক্ষা পাওয়া যায় সে যদি তাকওয়া (বা আল্লাহ ভীতি) ও ন্যায় বিচারের ভিত্তিতে শাসনকার্য পরিচালনা করে, তবে তার জন্য রয়েছে প্রতিদান। আর যদি (শাসনকার্যে) এর অন্যথা করেন তবে তা তার উপর বার্তাবে।

মিথ্যা মানুষকে অপমানিত করে, এবং ন্যায়বিচার বায়ু এবং পানির মতই অতীব গুরুত্বপূর্ণ।

মুজাহিদ মানুষ, নিজের, এবং আল্লাহর সামনে আন্তরিক।যখন খলীফা উমার [রাঃ] কোষাগারে ধন-সম্পদ দেখলেন, তিনি আশ্চর্যের সাথে বললেনঃ "প্রকৃতপক্ষে মুসলমানরা সততা দেখিয়েছে।" আলী ইবনে তালিব কাছাকাছি দাঁড়িয়ে ছিলেন, তিনি বললেন, "আপনি খারাপ থেকে বিরত ছিলেন, তাই আপনার অধঃস্তনরাও বিরত আছেন, কিন্তু আপনি অশ্লীল হলে, তারাও অশ্লীল হত"।

159

গুরুত্ব বর্ণিত হয়েছে। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা সত্যবাদিতা অবলম্বন কর; কেননা সত্যবাদিতা সৎকাজের দিকে নিয়ে যায়, আর সৎকাজ জান্নাতের পথনির্দেশ করে। মানুষ সত্য বলতে থাকে এবং সত্য বলতে চেষ্টা করতে থাকে শেষ পর্যন্ত আল্লাহ্র দরবারে তাকে সত্যবাদী হিসেবে লিখা হয়। আর তোমরা মিথ্যা থেকে বেঁচে থাক; কেননা মিথ্যা পাপের পথ দেখায়, আর পাপ জাহান্নামের দিকে নিয়ে যায়, আর একজন মানুষ মিথ্যা বলতে থাকে এবং মিথ্যা বলার চেষ্টায় থাকে শেষ পর্যন্ত তাকে মিথ্যাবাদী হিসেবে লিখা হয়।" [বুখারী: ৬০৯৪; মুসলিম; ২৬০৭]

কুরআনের আয়াতরূপে অবতীর্ণ করেছেন। ফলে মু'মিনদেরকে আল্লাহ-ভীতি অবলম্বন করার ও সত্যবাদীদের সাথে থাকার আদেশ দেওয়া হয়েছে। এর অর্থ এই যে, যে ব্যক্তির মাঝে আল্লাহ-ভীতি থাকবে সে সত্যবাদীও হবে। আর যে মিথ্যুক হবে, জেনে রাখুন যে, তার অন্তর আল্লাহ-ভীতি থেকে খালি হবে। এই জন্য হাদীসে বর্ণিত হয়েছে, মিথ্যা বলা মুনাফিক্বের একটি লক্ষণ।

৬৭. সাধুতা

মহান আল্লাহ বলেন,

৩২. (এটা তাদের জন্যে) যারা বড়ো বড়ো গুনাহ থেকে এবং (বিশেষত) অশ্লীলতা থেকে বেঁচে থাকে, ছোটোখাটো গুনাহ (সংঘটিত) হলেও (তারা আল্লাহর ক্ষমা থেকে বঞ্চিত হবে না, কারণ), তোমার মালিকের ক্ষমা (-র পরিধি) অনেক বিসতৃত; তিনি তোমাদের তখন থেকেই ভালো করে জানেন, যখন তিনি তোমাদের (এ) যমীন থেকে পয়দা করেছেন, (তখনও তিনি তোমাদের জানতেন) যখন তোমরা ছিলে তোমাদের মায়ের পেটে (ক্ষুদ্র একটি) ভ্রুণের আকারে, অতএব কখনো নিজেদের পবিত্র দাবী করো না; আল্লাহ তায়ালাই ভালো জানেন কোন ব্যক্তি (তাঁকে) বেশী ভয় করে।

[সূরা নাজম-৩২][160]

মুজাহিদদের মধ্যে নম্রতা এবং অহংকারের অনুপস্থিতি সহজাত গুণ। তিনি আল্লাহর বাণী উঁচু করার জন্য লড়াই করেন, কিন্তু মানুষের উপরে বিজয়ী হতে না।

---

160 প্রকৃতত্বে যেমন মতভেদ রয়েছে, অনুরূপ মতভেদ তার সংখ্যার ব্যাপারেও রয়েছে। কোন কোন আলেম ঐ মহাপাপসমূহকে একটি পুস্তিকার মধ্যে একত্রিতও করেছেন। যেমন, ইমাম যাহাবী (রঃ) রচিত 'কিতাবুল কাবাইর' এবং ফকীহ হাইতামী রচিত 'আয্-যাওয়াজির' প্রভৃতি। فَوَاحِشُ হল فَاحِشَةٌ এর বহুবচন। অশ্লীল কাজ। যেমন, ব্যভিচার, সমলিঙ্গী ব্যভিচার ইত্যাদি। কেউ কেউ বলেছেন, যেসব পাপের জন্য দন্ডবিধি আছে, সেগুলো সব فواحش এর অন্তর্ভুক্ত। সম্প্রতি অশ্লীলতার দৃশ্যাদি যেহেতু ব্যাপক আকার ধারণ করেছে, সেহেতু আধুনিক সভ্যতায় এটাকেই সভ্যতা ও ফ্যাশন মনে করা হচ্ছে। এমন কি মুসলিমরাও ঐ অশ্লীলতা ও নির্লজ্জতার এই সভ্যতাকে লাফ দিয়ে লুফে নিয়েছে। তাই দেখা যায়, আজ তাদের ঘরে ঘরে টিভি, ভিসিআর, ভিসিপি, ভিসিডি ইত্যাদি ব্যাপক হয়ে পড়েছে। মহিলারা কেবল পর্দা ত্যাগ করেই ক্ষ্যান্ত হয়নি, বরং সুন্দরভাবে সাজগোজ ক'রে (অর্ধনগ্নাবস্থায়) রূপ-সৌন্দর্য বিতরণ করতে করতে বাইরে বেড়ানোটাকে নিজেদের একটা ফ্যাশন ও অভ্যাসে পরিণত করে নিয়েছে। ছেলে-মেয়েদের যৌথ শিক্ষাপ্রতিষ্ঠান, যৌথ অফিস-আদালত, যৌথ সভাসমিতি এবং (পার্ক, সমুদ্র-সৈকত প্রভৃতি) আরো বিভিন্ন স্থানে নর-নারীর অবাধ মেলামেশা ও দ্বিধা-সংকোচহীন সংলাপ দিনের দিন বেড়ে চলেছে। (বেড়ে চলেছে অবৈধ ভালবাসা ও তথাকথিত পছন্দ ক'রে বিয়ে করার নামে 'লাভম্যারেজ' ও 'লিভ টুগ্যাদার'।) অথচ এ সবই 'ফাওয়াহিশ' (অশ্লীলতা)এর অন্তর্ভুক্ত। আয়াতে যাদের ক্ষমা করার কথা আলোচনা করা হচ্ছে, তারা মহাপাপ ও অশ্লীলতা থেকে নিজেদেরকে বাঁচিয়ে রাখবে; তাতে তারা লিপ্ত থাকবে না।

৫০৮১-[১৪] আবুদ্ দারদা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কিয়ামতের দিন মু'মিনদের পাল্লায় ভারী যে বস্তুটি রাখা হবে, তা হলো উত্তম চরিত্র। আল্লাহ তা‘আলা অশ্লীলভাষী ও বাচালকে ঘৃণা করেন। (তিরমিযী;[1] আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটি হাসান সহীহ। ইমাম আবূ দাঊদ (রহিমাহুল্লাহ)-এর প্রথমাংশ বর্ণনা করেন।

161

৬৮. শৃঙ্খলা

মহান আল্লাহ বলেন,

161

[1] সহীহ : তিরমিযী ২০০২, আবূ দাঊদ ৪৭৯৯, সহীহুল জামি‘ ১৩৫, সহীহ আত্ তারগীব ২৬৪১, সিলসিলাতুস্ সহীহাহ্ ৮৭৬, মুসান্নাফ ‘আবদুর রাযযাক ২০১৫৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৩১৯।
হাদিসের মানঃ সহিহ (Sahih)
ব্যাখ্যাঃ (من خلق حسن) এর কারণ হলো, নিশ্চয় মহান আল্লাহ সৎকর্মশীল ব্যক্তিকে ভালোবাসেন এবং তিনি তার প্রতি সন্তুষ্ট।

(الْفَاحِشَ) যে ব্যক্তি কটু কথা বলে, অথবা যে ব্যক্তির জিহ্বা অনুচিত কথা বলে তাকে الْفَاحِشَ বলে।

(الْبَذِيءَ) ‘আল্লামা মুনযিরী (রহিমাহুল্লাহ) ‘আত্ তারগীব’ এর মধ্যে বলেন, الْبَذِيءَ বলা হয়, যে ব্যক্তি কথা-বার্তা বলার সময় ফাহিশা কথা বলে।

‘আল্লামা মুল্লা ‘আলী কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ যে কথা ও কাজ মহান আল্লাহকে রাগান্বিত করে তার কোন ওযন ও পরিমাণ নেই। যেমন যে কাজ তিনি ভালোবাসেন তার জন্য তার নিকট বিরাট মর্যাদা আছে। মহান আল্লাহ কাফিরদের ব্যাপারে বলেন, فَلَا نُقِيمُ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ وَزْنًا ‘‘আর আমি কিয়ামতের দিন দাঁড়িপাল্লা (ওজন) কায়িম করব না’’- (সূরাহ্ আল কাহ্ফ ১৮ : ১০৫)। প্রসিদ্ধ হাদীসে আছে,

كَلِمَتَانِ خَفِيفَتَانِ عَلَى اللِّسَانِ ثَقِيلَتَانِ فِي الْمِيزَانِ حَبِيبَتَانِ إِلَى الرَّحْمٰنِ سُبْحَانَ اللهِ وبحمده سبحان الله العظيم

অর্থ : দু’টি কালিমাহ্ আছে, যেগুলো দয়াময়ের কাছে অতি প্রিয়, মুখে উচ্চারণ করা খুবই সহজ, দাঁড়িপাল্লায় অত্যন্ত ভারী। (বাণী দু‘টো হল) ‘‘সুবহা-নাল্ল-হি ওয়া বিহামদিহী সুবহা-নাল্ল-হিল ‘আযীম’’ (আমরা আল্লাহর প্রশংসাসহ তাঁর পবিত্রতা বর্ণনা করছি, মহান আল্লাহ [যাবতীয় ত্রুটি-বিচ্যুতি থেকে] অতি পবিত্র)- (সহীহুল বুখারী ৬৪০৬, মুসলিম ২৬৯৪)। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০০২)

৫৯. হে ঈমানদার মানুষেরা, তোমরা আল্লাহর আনুগত্য করো, আনুগত্য করো (তাঁর) রসুলের এবং সেসব লোকদের, যারা তোমাদের মাঝে দায়িত্বপ্রাপ্ত, অতপর কোনো ব্যাপারে তোমরা যদি একে অপরের সাথে মতবিরোধ করো, তাহলে সে বিষয়টি (ফয়সালার জন্যে) আল্লাহ তায়ালা ও তাঁর রসুলের দিকে ফিরিয়ে নিয়ে যাও, যদি তোমরা (সত্যিকার অর্থে) আল্লাহর ওপর এবং শেষ বিচার দিনের ওপর ঈমান এনে থাকো! (তাহলে) এই পদ্ধতিই হবে (তোমাদের বিরোধ মীমাংসার) সর্বোৎকৃষ্ট উপায় এবং বিরোধপুর্ণ বিষয়সমুহের ব্যাখ্যার দিক থেকেও (এটি) হচ্ছে উত্তম পন্থা।

[সূরা নিসা-৫৯][162]

তীরন্দাজরা নিজ অবস্থান ত্যাগের ফলে সাহাবীদের সাথে কি ঘটেছিল তা মুজাহিদ ভুলেন নি।

পরিচ্ছদঃ ৮. পাপের কাজ ছাড়া অন্য সব ব্যাপারে শাসকের আনুগত্য ওয়াজিব। পাপের কাজে আনুগত্য হারাম

৪৫৯৭। হারামালা ইবনু ইয়াহইয়া (রহঃ) ... আবূ হুরায়রা (রাঃ) সুত্রে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি। বলেন যে আমার আনুগত্য করলো, সে আল্লাহরই আনুগত্য করলো। আর যে আমার অবাধ্যতা করলো সে আল্লাহরই অবাধ্যতা করলো। আর যে ব্যক্তি আমার নিযুক্ত আমীরের আনুগত্য করলো সে আমারই আনুগত্য করলো, আর যে ব্যক্তি আমার নিযুক্ত আমীরের অবাধ্যতা করলো সে আমারই অবাধ্যতা করলো।

163

ইচ্ছা হল এমন চিন্তা যা আমাদের কাজে নিযুক্ত করে।

162

শাসকের আনুগত্য করা জরুরী হলেও তা একেবারে শর্তহীনভাবে নয়, বরং তা আল্লাহ ও তাঁর রসূলের আনুগত্যের শর্তসাপেক্ষ। আর এই কারণেই ((أَطِيْعُوا الله)) এর পরই ((أَطِيْعُوا الرَّسُوْل)) বলেছেন। কেননা, এই উভয় আনুগত্যই স্বতন্ত্র ও ওয়াজেব। পক্ষান্তরে ((وَأَطِيْعُوا أُولِي الأَمْر)) বলেননি, কারণ উলুল আম্‌র বা শাসকদের আনুগত্য স্বতন্ত্র নয়। আর হাদীসে বলা হয়েছে যে, ((لاَ طَاعَةَ لِمَخْلُوْقٍ فِي مَعْصِيَةِ الخَالِقِ)) “আল্লাহর অবাধ্যাচরণে কোন সৃষ্টির আনুগত্য নেই।” (মিশকাত ৩৬৯৬, আল্লামা আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।) মুসলিম শরীফের বর্ণনায় এসেছে, “আল্লাহর অবাধ্যতায় কোন আনুগত্য নেই।” (মুসলিম ১৮৪০নং) বুখারীর বর্ণনায় এসেছে, ((إِنَّمَا الطَّاعَةُ فِي المَعْرُوْفِ)) “আনুগত্য হবে কেবল ভালো কাজে।” (বুখারী ৭১৪৫) ‘শাসকের কথা শুনতে হবে ও তাঁর আনুগত্য করতে হবে যতক্ষণ না (আল্লাহ ও তাঁর রসূলের) অবাধ্যতা হবে।’ আলেম-উলামার ব্যাপারটাও অনুরূপ। (যদি তাঁদেরকে শাসকদের মধ্যে শামিল করা হয়) অর্থাৎ, তাঁদের আনুগত্য এই জন্যই করতে হবে যে, তাঁরা আল্লাহ ও তাঁর রসূলের যাবতীয় বিধি-বিধান বর্ণনা করেন এবং তাঁর দ্বীনের জন্য পথ-প্রদর্শকের কাজ করেন। বুঝা গেল যে, দ্বীনি বিষয়ে এবং দ্বীন সম্পর্কীয় কার্যকলাপে আলেম-উলামা শাসকদের মতই এমন কেন্দ্রীয়-মর্যাদাসম্পন্ন যে, জনসাধারণ তাঁদের প্রতি রুজু ক’রে থাকে। তবে তাঁদের আনুগত্য ততক্ষণ পর্যন্ত করা যাবে, যতক্ষণ পর্যন্ত তাঁরা জনসাধারণকে আল্লাহ ও তাঁর রসূলের কথা শুনাবেন। কিন্তু তাদের বিপথগামী (বা কুরআন ও সুন্নাহর বিপরীতগামী) হওয়ার কথা স্পষ্ট হলে তাঁদের আনুগত্য করা যাবে না। বরং এই অবস্থায় তাঁদের আনুগত্য করলে বড় অপরাধ ও গুনাহ হবে।

163 গ্রন্থের নামঃ সহীহ মুসলিম (ইফাঃ)
হাদিস নম্বরঃ [4597]
অধ্যায়ঃ ৩৪/ রাষ্ট্রক্ষমতা ও প্রশাসন (كتاب الإمارة)
পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

মুজাহিদ আল্লাহর সাথে চুক্তি করেছে। চুক্তিগুলোর একটি হল, আল্লাহ প্রদত্ত সমস্ত নির্দেশাবলী এবং আদেশগুলির সাথে কঠোরভাবে মেনে চলা। যদি তিনি আল্লাহর সাথে চুক্তির লঙ্ঘন শুরু করেন, তবে তার সমস্ত কাজ অকার্যকর হবে এবং এ কারণে মুজাহিদ সর্বদা নিজেকে নিয়ন্ত্রণ করে এবং তাঁর শৃঙ্খলা ও তাঁর ইচ্ছাকে শক্তিশালী করেন। এ কারণেই মুজাহিদ তার সমস্ত কর্ম পরিপূর্ণ করেন, পুরোপুরিভাবে আমির (কমান্ডার) কে এমন সব জিনিসের ওপর অনুসরণ করে যা শরী'আয় আইনের সাথে সামঞ্জস্য রাখে।

৬৯. ভদ্রতা

২/৮৬৩। আবূ উমামাহ সুদাই ইবনে আজলান বাহেলী (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "লোকেদের মধ্যে সবচেয়ে বেশী আল্লাহর নিকটবর্তী সেই, যে লোকদেরকে প্রথমে সালাম করে।" *(আবূ দাঊদ উত্তম সূত্রে)* [৪৭২]

তিরমিযীও আবূ উমামাহ কর্তৃক বর্ণনা করেছেন, তিনি বলেন, জিজ্ঞাসা করা হল, 'হে আল্লাহর রসূল! দু'জনের সাক্ষাৎকালে তাদের মধ্যে কে প্রথমে সালাম দেবে?' তিনি বললেন, "যে মহান আল্লাহর সর্বাধিক নিকটবর্তী হবে।" *(তিরমিযী বলেন, হাদীসটি হাসান)*

[164]

মুজাহিদ এই নিয়মটি অবলম্বন করে: সবকিছুতে ভাল জিনিস সন্ধান করুন! তিনি তার ভাইদের সাথে ভদ্রভাবে ও অমায়িকভাবে আচরণ করেন; তিনি কথা বা কাজের দ্বারা তাদের আঘাত করেন না।

মুজাহিদ আল্লাহর সৃষ্টিকে করুণা দেখান; তিনি মানুষকে অজ্ঞতার অন্ধকার থেকে সত্যের আলোকিত পথে আনার জন্য লড়াই করেন, যাতে তিনি আল্লাহর পক্ষ থেকে রহমত এবং অনুগ্রহের অধিকারী হতে পারেন।

যা আল্লাহর নিকট আছে, মুজাহিদ তা আকাঙ্ক্ষা করে। কিন্তু যা মানুষের নিকট আছে, তাতে মুজাহিদের আগ্রহ নেই।

---

[164] তিরমিযী ২৬৯৪, আবূ দাউদ ৫১৯৭, আহমাদ ২১৬৮৮, ২১৭৪৯, ২১৭৭৬, ২১৮১৪

৭০. পবিত্রতা

আবূ মালিক আল আশ'আরী (রাঃ) থেকে বর্ণিতঃ

তিনি বলেন, রসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন: পবিত্রতা হল ঈমানের অর্ধেক অংশ। 'আলহাম্‌দু লিল্লা-হ' মিযানের পরিমাপকে পরিপূর্ণ করে দিবে এবং "সুবহানাল্লা-হ ওয়াল হাম্‌দুলিল্লা-হ" আসমান ও জমিনের মধ্যবর্তী স্থানকে পরিপূর্ণ করে দিবে। 'সলাত' হচ্ছে একটি উজ্জ্বল জ্যোতি। 'সদাকাহ্' হচ্ছে দলীল। 'ধৈর্য' হচ্ছে জ্যোতির্ময়। আর 'আল কুরআন' হবে তোমার পক্ষে অথবা বিপক্ষে প্রমাণ স্বরূপ। বস্তুতঃ সকল মানুষই প্রত্যেক ভোরে নিজেকে 'আমালের বিনিময়ে বিক্রি করে। তার 'আমাল দ্বারা সে নিজেকে (আল্লাহর 'আযাব থেকে) মুক্ত করে অথবা সে তার নিজের ধ্বংস সাধন করে। (ই.ফা. ২য় খন্ড, ৪২৫; ই.সে. ৪৪১)

[মুসলিম]

মুজাহিদ পরিষ্কার পরিচ্ছন্নতা পছন্দ করেন। তিনি ক্রমাগত নিজের যত্ন নেন।

৯/১২১২। আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, "দশটি কাজ **প্রকৃতিগত আচরণ;** (১) গোঁফ ছেঁটে ফেলা। (২) দাড়ি বাড়ানো। (৩) দাঁতন করা। (৪) নাকে পানি দিয়ে নাক পরিস্কার করা। (৫) নখ কাটা। (৬) আঙ্গুলের জোড়সমূহ ধোয়া। (৭) বগলের লোম তুলে ফেলা। (৮) গুপ্তাঙ্গের লোম পরিস্কার করা। (৯) পানি দ্বারা ইস্তেঞ্জা (শৌচকর্ম) করা।" বর্ণনাকারী বলেন, ১০নং আচরণটি ভুলে গেছি, তবে মনে হয়, তা কুল্লি করা হবে। বর্ণনাকারী অকী' বলেন, 'ইস্তি কাসুল মা' মানে পানি দিয়ে ইস্তেঞ্জা করা। *(মুসলিম)*[২১৪]

দাড়ি বাড়ানো মানে ঃ তার কিছুই না কাটা। আঙ্গুলের জোড় মানে ঃ আঙ্গুলের গাঁট।

165

মুজাহিদ জানেন যে তার চারপাশের সবকিছু: তার বিজয়, তার পরাজয়ের, তার উৎকণ্ঠা, এবং তার হতাশা - সব জিহাদের সাথে অবিচ্ছেদ্যভাবে জড়িত। জীবনের প্রকৃত আনন্দ যুদ্ধের মধ্যে।

এবং মুজাহিদ সঠিক সময়ে সঠিক কৌশল ব্যবহার করতে শেখে।

আল্লাহ তা'আলা বলেন,

165

মুসলিম ২৬১, তিরমিযী ২৭৫৭, নাসায়ী ৫০৪০-৫০৪২, আবূ দাউদ ৫৩, ইবনু মাজাহ ২৯৬, আহমাদ ২৪৫৩৯

৭৪. যেসব মানুষ পরকালের বিনিময়ে এ পার্থিব জীবন ও তার সুখ-স্বাচ্ছন্দ্য বিক্রি করে দিয়েছে, সেসব মানুষের উচিত আল্লাহ তায়ালার পথে লড়াই করা, কারণ যে আল্লাহর পথে লড়াই করবে সে এ পথে জীবন বিলিয়ে দেবে কিংবা সে বিজয় লাভ করবে, অচিরেই আমি তাকে (এ উভয় অবস্থার জন্যেই) বিরাট পুরস্কার দেবো।

[সূরা নিসা-৭৪]

রব্বুল আ'লামীন বলেন,

১৫৩. হে (মানুষ,) তোমরা যারা ঈমান এনেছো, (পরম) ধৈর্য ও (খালেস) নামাযের মাধ্যমে তোমরা (আমার কাছে) সাহায্য প্রার্থনা করো; অবশ্যই আল্লাহ তায়ালা ধৈর্যশীল মানুষদের সাথে আছেন।

১৫৪. যারা আল্লাহ তায়ালার পথে নিহত হয়েছে তাদের তোমরা (কখনো) মৃত বলো না; বরং তারাই হচ্ছে (আসল) জীবিত (মানুষ), কিন্তু (এ বিষয়টির) কিছুই তোমরা জানো না।

১৫৫. আমি অবশ্যই (ঈমানের দাবীতে) তোমাদের পরীক্ষা করবো, (কখনো) ভয়-ভীতি, (কখনো) ক্ষুধা-অনাহার, (কখনো) তোমাদের জান মাল ও ফসলাদির ক্ষতি সাধন করে (তোমাদের পরীক্ষা করা হবে। যারা ধৈর্যের সাথে এর মোকাবেলা করে); তুমি (সে) ধৈর্যশীলদের (জান্নাতের) সুসংবাদ দান করো,

১৫৬. যখনি তাদের সামনে (কোনো) পরীক্ষা এসে হাযির হয় তখনি তারা বলে, আমরা তো আল্লাহর জন্যেই, আমাদের তো (একদিন) আল্লাহর কাছেই ফিরে যেতে হবে।

১৫৭. (বস্তুত) এরা হচ্ছে সে সব ব্যক্তি, যাদের ওপর রয়েছে তাদের মালিকের পক্ষ থেকে অবারিত রহমত ও অপার করুণা; আর এরাই সঠিক পথপ্রাপ্ত।

[সূরা বাক্বারাহ-১৫৩-১৫৭]

আল্লাহ বলেন,

১১১. সামান্য কিছু দুঃখ কষ্ট দেয়া ছাড়া তারা তোমাদের কখনো কোনো ক্ষতি করতে পারবে না, তারা যদি কোনো সময় তোমাদের সাথে সম্মুখসমরে লিপ্ত হয়, তাহলে তারা পৃষ্ঠ প্রদর্শন করবে, অতপর তাদের কোনো রকম সাহায্য করা হবে না।

[সূরা আল ইমরান-১১১][166]

---

166 (১৮) أَذًى (কষ্ট দেওয়া) বলতে মৌখিকভাবে মিথ্যা অপবাদ রটানো। এর দ্বারা সাময়িকভাবে অবশ্যই কষ্ট হয়। তবে যুদ্ধের ময়দানে তোমাদেরকে পরাজিত করতে পারবে না। হলও তা-ই। মদীনা থেকেও ইয়াহুদীদেরকে বের হতে হল। অতঃপর খায়বার জয় করলে সেখান থেকেও বের হল। অনুরূপ শাম (সিরিয়া) অঞ্চলে খ্রিষ্টানদেরকে মুসলিমদের হাতে পরাজিত হতে হয়। ক্রুসেড যুদ্ধে খ্রিষ্টানরা এর প্রতিশোধ গ্রহণ করার প্রচেষ্টা চালায় এবং বায়তুল মুক্বাদ্দাস দখল ক'রে নেয়। কিন্তু সুলতান সালাহুদ্দীন আয়্যূবী ৯০ বছর পর পুনরায় তা ফিরিয়ে আনেন। বর্তমানে মুসলিমদের ঈমানী দুর্বলতার ফল স্বরূপ এবং ইয়াহুদী ও খ্রিষ্টানদের মিলিত চক্রান্ত ও প্রচেষ্টায় বায়তুল মুক্বাদ্দাস আবারও মুসলিমদের হাতছাড়া হয়েছে। তবে অতি সত্বর এমন সময় আসবে যে, অবস্থার পরিবর্তন ঘটবে, বিশেষ করে ঈসা ﷺ-এর অবতরণের পর খ্রিষ্টবাদের পরিসমাপ্তি ঘটবে এবং সহীহ হাদীসসমূহের বর্ণনা অনুযায়ী ইসলামের বিজয় সুনিশ্চিত হবে। (ইবনে কাসীর)

হযরত আবু হোরায়রাহ (রা.) থেকে বর্ণিত, আল্লাহর রসূল (স.) বলেছেন, মহান আল্লাহ বলেছেন, যে লোক আমার কোনো বন্ধুর সাথে শত্রুতা করবে আমি তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করবো। আমি তার ওপর যে দ্বীনি দায়িত্ব ফরয করে দিয়েছি আমার বান্দা তা ছাড়া আর কোনো পছন্দসহ জিনিসের দ্বারা আমার নিকটবর্তী হতে পারে না। আর আমার বান্দা নফলের সাহায্যে আমার নিকটবর্তী হতে থাকে, আমিও তাকে ভালোবাসতে থাকি, আর আমি যখন তাকে ভালোবাসতে থাকি তখন আমি হয়ে যাই তার কান– যার দ্বারা সে শুনে, আমি হয়ে যাই তার চোখ– যার দ্বারা সে দেখে, আমি হয়ে যাই তার হাত– যার দ্বারা সে ধরে এবং আমি হয়ে যাই তার পা– যার দ্বারা সে চলে। সে যদি আমার কাছে কিছু চায় অবশ্যই আমি তাকে তা দেই। সে যদি আমার কাছে আশ্রয় প্রার্থনা করে আমি তাকে অবশ্যই আশ্রয় প্রদান করি। (বোখারী)

"আল্লাহ আমাদের জন্য যথেষ্ট, তিনি একজন বিস্ময়কর অভিভাবক!"

আল্লাহ মহান! (আল্লাহ আকবর!)

কমান্ডার (আমির) আব্দুল্লাহ শামিল আবু ইদ্রিস